# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Srabon 08, 1433 Bangla, July 23, 2026, Thursday, No. 198, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman, during a meeting with a delegation of BGMEA, has assured all necessary support for development and growth of ready-made garment industry. [Jago FM: 17]

Tarique Rahman has stated that govt. is working to build a transparent, accountable & investment-friendly environment for a planned, sustainable & corruption-free housing sector in country.[R. Today: 30]

Information & Broadcasting Minister has said philosophy of Bangladeshi nationalism represents country's only inclusive national identity which embraces all languages, religions, cultures & ethnic communities. [Jago FM: 21]

LGRD and Co-operatives Minister has informed that local government elections are likely to be held either by the end of this year or in early 2027. [R. Today: 29]

Health & Family Welfare Minister has said government will introduce home-to-home health screening program across country to ensure better public health & facilitate early detection of serious diseases. [Jago FM: 26]

Election Commission has decided to make it mandatory to renew National Identity Card for all citizens after its 15-year validity expires. [Jago FM: 20]

Bangladesh Jamaat-e-Islami has expelled Satkhira-4 MP Gazi Nazrul Islam from the party after an internal investigation found evidence of moral misconduct. [BBC: 07]

Gas supply to national grid has been temporarily suspended due to technical fault at LNG terminal. Industrial units, power plants, CNG stations & other consumers across country are facing gas crisis. [Jago FM: 23]

Six more children have died from measles-like symptoms in country. [BBC: 07]

Flood situation in Assam, India has deteriorated significantly, with 21 people losing their lives in a single day. [BBC: 13]

Death toll has risen to 12 following a portion of an under-construction tunnel collapsed in India's Sikkim state. [BBC: 13]

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## শ্রাবণ ০৮, বাংলা ১৪৩৩, জুলাই ২৩, ২০২৬, বৃহস্পতিবার, নং- ১৯৮, ৫৬তম বছর

# শিরোনাম

তৈরি পোশাক শিল্পের উন্নয়ন ও বিকাশে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা দেওয়ার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [জাগো এফএম: ১৭]

তারেক রহমান বলেছেন, সরকার এমন একটি স্বচ্ছ, জবাবদিহিমূলক ও বিনিয়োগবান্ধব পরিবেশ গড়ে তুলতে কাজ করছে, যেখানে আবাসন খাতের উন্নয়ন হবে পরিকল্পিত, টেকসই ও দুর্নীতিমুক্ত। [রে. টুডেঃ ৩০]

তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেছেন, বাংলাদেশি জাতীয়তাবাদের দর্শনই দেশের সব ভাষা, ধর্ম, সংস্কৃতি, নৃগোষ্ঠী ও জনগোষ্ঠীকে ধারণ করে গড়ে ওঠা একটি অন্তর্ভুক্তিমূলক জাতীয় পরিচয়। [জাগো এফএম: ২১]

স্থানীয় সরকার নির্বাচন চলতি বছরের শেষ নাগাদ অথবা ২০২৭ সালের শুরুতে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী। [রে. টুডেঃ ২৯]

জনগণের স্বাস্থ্যের যত্ন নিশ্চিত এবং মারাত্মক রোগগুলো প্রাথমিক পর্যায়ে শনাক্ত করতে সারা দেশে ‘হোম-টু-হোম হেলথ স্ক্রিনিং’ কার্যক্রম শুরু করবে সরকার – জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী। [জাগো এফএম: ২৬]

জাতীয় পরিচয়পত্রের ১৫ বছরের মেয়াদ শেষ হওয়ার পর তা নবায়ন করা প্রত্যেক নাগরিকের জন্য বাধ্যতামূলক করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। [জাগো এফএম: ২০]

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের বিরুদ্ধে নৈতিক স্খলনের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাকে দল থেকে বহিষ্কার করার কথা জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। [বিবিসিঃ ০৭]

এলএনজি টার্মিনালে কারিগরি সমস্যার কারণে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ সাময়িকভাবে বন্ধ। গ্যাস সংকটে পড়েছেন বিভিন্ন অঞ্চলের শিল্পকারখানা, বিদ্যুৎকেন্দ্র, সিএনজি স্টেশনসহ অন্যান্য শ্রেণির গ্রাহকরা। [জাগো এফএম: ২৩]

দেশে হামের উপসর্গ নিয়ে আরও ছয় শিশুর মৃত্যু। [বিবিসিঃ ০৭]

ভারতের আসামে ভয়াবহ বন্যায় একদিনে ২১ জনের মৃত্যু। [বিবিসি: ১৩]

সিকিমের নামচি জেলায় নির্মাণাধীন টানেলের একাংশ ধসে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা অন্তত ১২ জনে দাঁড়িয়েছে। [বিবিসিঃ ১৩]

# বিবিসি

## মানহীন আট পণ্য প্রত্যাহারের নির্দেশ, বাজারের বাকি পণ্য কি নিরাপদ?

সরকার নির্ধারিত মানদণ্ড পূরণে ব্যর্থ হওয়ায় চার প্রতিষ্ঠানের আট ধরনের পণ্য বাজার থেকে প্রত্যাহারের নির্দেশ দিয়েছে বাংলাদেশের পণ্যের মান প্রণয়ন ও নিয়ন্ত্রণকারী সংস্থা 'বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন' (বিএসটিআই)। সংস্থাটি বলছে, অতিরিক্ত প্রিজারভেটিভ ও ক্ষতিকর অণুজীবের উপস্থিতি রয়েছে পণ্যগুলোতে। তাই, জনস্বার্থ ও ভোক্তা সুরক্ষার স্বার্থে প্রতিষ্ঠানগুলোকে নতুন করে অনুমোদন না পাওয়া পর্যন্ত ওইসব পণ্যের উৎপাদন, বিক্রয় ও বিতরণ থেকে বিরত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। এমনকি, ওই পণ্যগুলোকে বাজার থেকে অবিলম্বে প্রত্যাহারের নির্দেশও দেওয়া হয়েছে। যে চার কোম্পানির পণ্য এই তালিকায় আছে, সেগুলো হলো- ফ্রেশ গার্ডেন এগ্রো রিসোর্সেস, কাজী ফুড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, অলিভ বাংলাদেশ লিমিটেড, ডেকো ফুডস লিমিটেড। এসব কোম্পানির জুস, শ্যাম্পু, আইসক্রিম, লোশনসহ আট ধরনের পণ্যের জন্য এই নির্দেশনা এসেছে। এর আগে, গত সপ্তাহেও মাত্রাতিরিক্ত প্রিজারভেটিভ ব্যবহারের অভিযোগে তিনটি প্রতিষ্ঠানের তিন ধরনের খাদ্যপণ্য বাজার থেকে প্রত্যাহারের নির্দেশ দিয়েছিল বিএসটিআই। ২০১৯ সালে বহুল বিক্রিত কয়েকটি ব্রান্ডের লবণ, মসলা এবং তেলসহ ৫২ ধরনের পণ্য প্রত্যাহারের নির্দেশ দিয়েছি সংস্থাটি। বিএসটিআই নিয়মিতই এরকম বিভিন্ন পণ্য প্রত্যাহারের নির্দেশ দেয়। তবে প্রতিবারই একটি প্রশ্ন সামনে আসে, অনুমোদন পাওয়ার পরও কীভাবে কোনো পণ্য মান পরীক্ষায় অকৃতকার্য হয়? আর সেইসাথে, বাজারে থাকা একই ধরনের বাকি পণ্যগুলোর তাহলে কী অবস্থা?

### কোনগুলো প্রত্যাহারের আদেশ এসেছে, কেন?

বিএসটিআই জানিয়েছে, ফ্রেশ গার্ডেন এগ্রো রিসোর্সেস-এর আমের আচারে অনুমোদিত মাত্রার চেয়ে বেশি প্রিজারভেটিভ (সংরক্ষণকারী রাসায়নিক) পাওয়া গেছে। বাংলাদেশে বেশ সুপরিচিত কাজী ফুড ইন্ডাস্ট্রিজ লিমিটেড উৎপাদিত বেলিসিমো ব্র্যান্ডের রোটোন্ডো হ্যাজেলনাট কোটেড চকলেট আইসক্রিমকেও বাজার থেকে তুলে নিতে বলা হয়েছে। কারণ এই আইসক্রিমের একটি ব্যাচে বাংলাদেশ মানদণ্ডে নির্ধারিত মাত্রার চেয়ে বেশি মিল্ক সলিড নট-ফ্যাট (দুধের চর্বিবিহীন কঠিন উপাদান) পাওয়া গেছে। এ ছাড়া, অলিভ বাংলাদেশ লিমিটেড-এর লাবণ্য ব্র্যান্ডের মিল্ক স্কিন লোশন, অ্যালোভেরা স্কিন লোশন, ফেসওয়াশ মোরিঙ্গা+মাচা ফোমিং মিল্ক ও তুলসী এবং লোভেরা ভ্যারিয়েন্টের শ্যাম্পুতে মানবদেহের জন্য ক্ষতিকর অণুজীবের উপস্থিতি শনাক্ত হয়েছে পরীক্ষাগারে। অন্যদিকে, ডেকো ফুডস লিমিটেড-এর ডেকো ফ্রুট ফান্ডা ব্র্যান্ডের ম্যাঙ্গো ও অরেঞ্জ ভেরিয়েন্টের সফট ড্রিংক পাউডারে বাংলাদেশ মানমাত্রার চেয়ে ভিটামিন 'সি' কম পাওয়ার কারণে এগুলোকেও বাজার থেকে প্রত্যাহারের নির্দেশনা দিয়েছে সংস্থাটি। বিএসটিআইয়ের সার্টিফিকেশন মার্কস উইংয়ের পরিচালক মো. আলাউদ্দিন হুসাইন বিবিসি বাংলাকে বলেন, "আজ ও কাল সময় দেওয়া হয়েছে। এর মাঝে তারা তাদের সরবরাহকৃত মালামাল দোকান থেকে প্রত্যাহার করে নিয়ে যেতে হবে।„ "তারা সরিয়ে না নিলে আইনগত ব্যবস্থায় যাবো। জেল-জরিমানা করা হবে।„ নির্দেশনা অমান্য করলে বিএসটিআই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লাইসেন্স স্থগিত বা বাতিল করতে পারে। এছাড়া বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ অনুযায়ী মামলা, জরিমানা ও কারাদণ্ডসহ অন্যান্য আইনগত ব্যবস্থা নেওয়ার সুযোগ রয়েছে।

### এই ৮টি পণ্য কীভাবে বাছাই করা হয়েছে?

যে আট ধরনের পণ্য বাজার থেকে প্রত্যাহারের আদেশ দেওয়া হয়েছে, একই ধরনের আরও অসংখ্য পণ্য বর্তমানে দেশের বাজারে বিক্রি হচ্ছে। তাহলে কেন শুধু এই আটটি? এ বিষয়ে বিএসটিআই'র মহাপরিচালক (সচিব) কাজী ইমদাদুল হক বিবিসি বাংলাকে বলেন, এটি কোনো নির্দিষ্ট প্রতিষ্ঠান বা ব্র্যান্ডকে লক্ষ্য করে পরিচালিত অভিযান নয়। বরং নিয়মিত বাজার তদারকির অংশ হিসেবে এলোমেলোভাবে নমুনা সংগ্রহ করে পরীক্ষা করা হয়েছে। তিনি বলেন, একটি দিয়েই তো শুরু করতে হবে। আমরা আগেও করেছি, এখন আটটি পণ্য নিলাম। এগুলো র‍্যান্ডম স্যাম্পলিং। অভিযোগ তো আমাদের কাছে প্রতিনিয়ত আসে। সেই অভিযোগগুলোকে আমরা বিশ্লেষণ করি, দেখি যে কতটা যৌক্তিকতা আছে সেগুলোর।„ তার মতে, "র‍্যানডম স্যাম্পলিং করাটাই এখানে গুরুত্বপূর্ণ।„ "বেছে বেছে আলাদা করে টার্গেট করছি, এরকম না। আমরা র‍্যান্ডম স্যাম্পলিং-এর টেস্ট করছি। র‍্যান্ডম স্যাম্পলিং আমাদের রেগুলার প্রসেস। দেখা গেল, ৫০টি আইটেম টেস্ট করেছি এবং তাতে অনেকগুলো আইটেম ঠিক আছে। যেগুলো ঠিক নাই, সেগুলোকে শুধু চিহ্নিত করেছি।„ "আমরা প্রায়ই মার্কেট থেকে এটা-ওটা সংগ্রহ করি এবং দেখি যে, আমাদের স্ট্যান্ডার্ড অনুযায়ী সেগুলো ঠিক আছে কিনা। ঠিক না থাকলে বাতিল করি,„ আরও বলেন তিনি। তাহলে বাজারে একই ধরনের আরও যেসব পণ্য আছে, সেগুলো কি নিরাপদ? কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) জ্বালানি উপদেষ্টা অধ্যাপক এম শামসুল আলম বলেন, "বাজারে থাকা অন্য পণ্যগুলো নিরাপদ কি না, তা নিয়ে এখন সংশয় থাকা স্বাভাবিক। কিছু উৎপাদক ও সরবরাহকারীর অনিয়মের কারণে সেই আস্থা ক্ষুণ্ণ হয়েছে।„ অন্য পণ্য নিরাপদ কিনা, তা

নিয়ে সুনির্দিষ্টভাবে কিছু না জানালেও মি. হক বলেন, "এটা স্টাডি হবে, এটা কন্টিনিউয়াস প্রসেস। হয়ত কিছুদিন পর শুনবেন, আরও পণ্য প্রত্যাহার হচ্ছে।„

**পুনঃপরীক্ষা আছে, তবে নির্দিষ্ট সময়সূচি নেই**

এই দফায় যে-সব পণ্য এখন বাজার থেকে প্রত্যাহারের নির্দেশ দেওয়া হয়েছে, অন্যান্য পণ্যের মতো এগুলোও একসময় বিএসটিআইয়ের অনুমোদন নিয়েই বাজারে এসেছিল। তাহলে পরে কীভাবে মানের ঘাটতি ধরা পড়লো এবং ওই পণ্য কীভাবে অনুমোদন পেল? এ বিষয়ে বিএসটিআইয়ের মহাপরিচালক (সচিব) কাজী ইমদাদুল হক বিবিসি বাংলাকে বলেন, লাইসেন্স দেওয়ার সময় একটি নির্দিষ্ট ব্যাচ পরীক্ষা করা হয়। সেই ব্যাচে সব মানদণ্ড পূরণ করলেই প্রতিষ্ঠানকে লাইসেন্স দেওয়া হয়। তবে পরবর্তী সময়ে উৎপাদিত প্রতিটি ব্যাচ একই মান বজায় রাখছে কি না, তা নিশ্চিত করতে নিয়মিত ফলো-আপ পরীক্ষা চালানো হয়। তিনি বলেন, "বাংলাদেশে একটি জাতীয় সমস্যা আছে। ধরুন, একটি কোম্পানি একবারে ১০ হাজার পিস চকলেট তৈরি করলো, পরে আরেকটি ব্যাচে ২০ হাজার বা ৩০ হাজার পিস করলো। আমরা হয়ত ওই আইটেমের একটি ব্যাচ পরীক্ষা করেছি এবং তাতে তারা পাশ করেছে।„ লাইসেন্স দেওয়ার সময় আমরা সব প্যারামিটার পরীক্ষা করি। সবগুলোতে উত্তীর্ণ হওয়ার পরই লাইসেন্স দেওয়া হয়। এখন লাইসেন্স পাওয়ার পর যদি পরবর্তী ব্যাচগুলোতে তারা স্ট্যান্ডার্ড থেকে বিচ্যুত হয়, তখনই সে ফেল করে (পরীক্ষায় ধরা পড়া),„ যোগ করেন তিনি। সাম্প্রতিক এই আটটি পণ্য প্রত্যাহারের নির্দেশও এমন একটি "ফলো-আপ এক্সামিনেশন।„ 'ফলো-আপ এক্স্যামিনেশন' কতদিন পরপর হয়? জানতে চাওয়া হয় তার কাছে। তিনি বলেন, "হাজার হাজার পণ্য, কোনো নির্দিষ্ট একটি পণ্যকে আমি বলতে পারছি না যে, একমাস পরে, বা ছয়মাস পরে। আর বিএসটিআই একটি ছোটো অর্গানাইজেশন। ম্যানপাওয়ার অতিরিক্ত কম। ৬৪ জেলার মাঝে মাত্র ২০টি জেলায় অফিস আছে। সুতরাং, সারাদিনের মাঝে যতটুকু সাধ্য আছে, সেই অনুযায়ী আমরা কাজ করি।„ বিএসটিআইয়ের সার্টিফিকেশন মার্কস উইংয়ের পরিচালক মো. আলাউদ্দিন হুসাইনও বলেন, সংস্থাটি সময়ে সময়েই নিজ উদ্যোগে বাজার থেকে নমুনা সংগ্রহ করে পরীক্ষা করে। তিনি বলেন, "লাইসেন্সের শর্তেই উল্লেখ আছে যে, বিএসটিআই বছরে একাধিকবার আপনার কারখানা, শোরুম অথবা খোলা বাজার থেকে নমুনা সংগ্রহ করে পরীক্ষা করতে পারবে। পণ্য নিম্নমানের হলে লাইসেন্স স্থগিত বা বাতিলসহ বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারে।„

**প্রত্যাহারের নির্দেশ বাস্তবায়ন কতটা সম্ভব?**

বিএসটিআই জানিয়েছে, তাদের নিয়মিত নমুনা পরীক্ষায় অকৃতকার্য পণ্যগুলোর বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে ইতোমধ্যে প্রত্যাখ্যানপত্র দেওয়া হয়েছে। নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে প্রচলিত আইন ও বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু নিরাপদ খাদ্য নিয়ে যারা কাজ করেন, তাদের মতে এই নির্দেশ বাস্তবায়ন করা কঠিন। নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. মাহবুব কবীর মিলন বিবিসি বাংলাকে বলেন, রিকল বা প্রত্যাহার বিশ্বব্যাপী একটি কার্যকর নিয়ন্ত্রক ব্যবস্থা। "কারণ কোনো পণ্য বাজারে চলে যাওয়ার পর মানুষ সেটি কিনে খেতে শুরু করে। তাই শুধু কারখানা বন্ধ করাই যথেষ্ট নয়, সেই পণ্যও বাজার থেকে তুলে আনতে হয়।„ তবে বাংলাদেশের বাস্তবতায় এটি কার্যকরভাবে বাস্তবায়ন করা কঠিন বলে মনে করেন তিনি। তার ভাষায়, "আমাদের দেশের বাজার ব্যবস্থা, জনসংখ্যা এবং সরবরাহ ব্যবস্থার কারণে দোকান থেকে দোকানে গিয়ে ওই পণ্য ফিরিয়ে আনা প্রায় অসম্ভব। আমার ধারণা, এক শতাংশ পণ্যও রিকল হবে না। বেশিরভাগ পণ্য মানুষের কাছে বিক্রি হয়ে খাওয়ার মাধ্যমেই শেষ হয়ে যাবে।„ মাহবুব কবীর মিলনের মতে, উন্নত দেশগুলোতে রিকল বা প্রত্যাহার কার্যকর হয়, কারণ সেখানে সরবরাহ শৃঙ্খলের প্রতিটি ধাপ আইনগতভাবে নিবন্ধিত। ফলে কোনো পণ্য প্রত্যাহারের নির্দেশ এলে সেটি দ্রুত বাজার থেকে সরিয়ে নেওয়া যায়। "বাংলাদেশে সেই সক্ষমতা এখনো গড়ে ওঠেনি। তাই শুধু প্রত্যাহারের নির্দেশ দিলেই বাস্তবে সব পণ্য বাজার থেকে সরানো সম্ভব হয় না,„ বলেন তিনি। কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ক্যাব) জ্বালানি উপদেষ্টা অধ্যাপক এম শামসুল আলমও বলেন যে, প্রত্যাহারের কোনো "কার্যকর আইনগত বাস্তবায়ন„ নেই। তবে বিএসটিআই মহাপরিচালক (সচিব) কাজী ইমদাদুল হক বিবিসি বাংলাকে বলেন, "নিষিদ্ধ বলেই তো প্রত্যাহার। দোকানে থাকলেই তো গ্রাহক কিনতে চাইবে। দোকানদারের উচিত হলো এটিকে সরিয়ে ফেলা। আমরা বিজ্ঞপ্তি দিয়েছি। পাইকারি থেকে খুচরা বিক্রেতা, তারা জেনেছে। আর আমাদের যে সীমিত ওয়ার্কফোর্স আছে, তাদের দ্বারা আমরা নজরদারি করবো।„ "আপাতত এভাবেই চলবে। একটি ইলিগ্যাল আইটেম মার্কেটে আছে, সেটি বিক্রির ব্যাপারে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। এটিই সবচেয়ে বড় কথা। জনগণও জানতে পারলো। এভাবেই আগাতে হবে। প্রত্যেক ঘরে-ঘরে আনাচে-কানাচে গিয়ে প্রত্যাহার করা সম্ভব না।„

**নিয়মিত নজরদারির ঘাটতিই কি মূল সমস্যা?**

তবে খাদ্য নিরাপত্তা-সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের মতে, শুধু অনিয়ম ধরা পড়ার পর পণ্য প্রত্যাহারের নির্দেশ দিলেই সমস্যার সমাধান হবে না। তাদের মতে, সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো বাজারে থাকা পণ্যের নিয়মিত নমুনা পরীক্ষা ও নজরদারি, যাতে অনিয়ম শুরুতেই শনাক্ত করা যায়। এম শামসুল আলমের প্রশ্ন, "যারা এনফোর্সিং এজেন্সি, তাদের সমস্যা। যে

পণ্য ছাড়পত্র নিয়ে বাজারে এসেছে, সেটির গুণগত মান যে বদলে গেছে, তা এতদিন পরে তারা কেন দেখেছে?„ মাহবুব কবীর মিলনও বলেন, "লাইসেন্স দেওয়ার পরে তারা কী পণ্য বানাচ্ছে, তা নিয়মিত দেখার ম্যান্ডেট বিএসটিআই'র। রেগুলার সেগুলো পরীক্ষা করার কথা। এটাই সবচেয়ে কার্যকরী টুল। এটা এক মাসেও করতে পারে, ছয় মাসেও করতে পারে। কিন্তু তারা পরীক্ষা করে কালেভদ্রে।„ প্রত্যাহারের আদেশ পাওয়া পণ্যগুলোর মাঝে অতিরিক্তি প্রিজারভেটিভস ও অনুজীব পাওয়ার কথা বলেছে বিএসটিআই। এ বিষয়ে তিনি বলেন, "ধরা যাক, একটি কেকের মেয়াদ থাকে মেয়াদ দুই মাস, তিন মাস, ছয় মাস। কিসের ভিত্তিতে এই মেয়াদ দিল? প্রিজারভেটিভ না দিলে এতদিন কীভাবে থাকে একটা পণ্য? এই প্রশ্ন তারা শুরুতে কেন করে না?„ তার মতে, খাদ্য নিরাপত্তার ক্ষেত্রে দায়িত্ব বণ্টনের কাঠামোতেও একটি জটিলতা রয়েছে। তিনি বলেন, আন্তর্জাতিকভাবে সাধারণত একটি সংস্থাই খাদ্যপণ্যের মান (স্ট্যান্ডার্ড) এবং নিরাপত্তা (সেফটি) তদারকি করে। কিন্তু বাংলাদেশে এই দায়িত্ব দু'টি আলাদা সংস্থার। বিএসটিআই ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। ফলে সমন্বয়ে সমস্যা তৈরি হয়। তার ভাষ্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পণ্য অনুমোদন বা লাইসেন্স দেওয়ার আইনগত ক্ষমতা নেই। এ কাজ করে বিএসটিআই। তবে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের দায়িত্ব হলো খাদ্য নিরাপত্তা তদারকি করা, প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া এবং সরকারকে নীতিগত পরামর্শ দেওয়া। তিনি উদাহরণ দিয়ে বলেন, "নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ চাইলে বিএসটিআইকে এখন বলতে পারে যে, আপনারা আটটি পণ্য পরীক্ষা করেছেন, একই ধরনের অন্য পণ্যগুলো কেন পরীক্ষা করা হচ্ছে না? এ ধরনের বিষয়ে তারা সরকারের কাছেও সুপারিশ করতে পারে।„(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## রাজনৈতিক কার্টুন; জুলাইয়ের হাতিয়ারই আঘাত করছে 'চেতনায়'?

একজন পেটমোটা মানুষ দাঁড়িয়ে আছেন, আর তার সেই ফোলা পেটের মধ্যে ইংরেজিতে লেখা 'জুলাই'। এ মাসের ১৩ তারিখে কার্টুনিস্ট মেহেদী হকের আঁকা এমনই এক কার্টুন নিয়ে তোলপাড় ওঠে সামাজিক মাধ্যমে। একপক্ষের দাবি, এতে নাহিদ ইসলামকে আঁকা হয়েছে এবং এর মাধ্যমে জুলাই গণ-অভ্যুত্থানকেই বিতর্কিত করা হয়েছে। আর অন্যপক্ষ বলছে, রাজনৈতিক ট্যাগ দিয়ে আবারও বাধা দেওয়া হচ্ছে মতপ্রকাশের স্বাধীনতায়। কার্টুনটি নিয়ে আলোচনা-সমালোচনা যেমন হচ্ছে, তেমনি কার্টুনটির সমালোচনা করতে গিয়ে ব্যবহৃত ভাষা নিয়েও হচ্ছে তুমুল বিতর্ক। ভাষা নিয়ে আলোচনায় থাকা জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির নেত্রী দিলশানা পারুলের দাবি, বিতর্ক সৃষ্টির জন্য সচেতনভাবেই এমন ভাষা ব্যবহার করেছেন তিনি। সমালোচনার ধরণ গ্রহণযোগ্য না হলে, শিল্পমানও অগ্রহণযোগ্য হতে হবে, বলেন মিজ পারুল। বাংলাদেশে রাজনৈতিক কার্টুন আঁকা যেমন পুরোনো বিষয়, তেমনি এনিয়ে বিতর্কও নতুন কিছু নয়। গণতান্ত্রিক পরিবেশ তৈরিতে দিনশেষে স্বাস্থ্যকর সমালোচনাই কাম্য বলে মত বিশ্লেষকদের। ২০২৪ সালের এই জুলাই মাসেই তৎকালীন আওয়ামী লীগ সরকার যখন আন্দোলন থামাতে শক্তি প্রয়োগ করছিল, তখন রাজনৈতিক কার্টুনই হয়ে উঠেছিল প্রতিবাদের অন্যতম মাধ্যম। অথচ দু-বছর পর এসে নানা ট্যাগ দিয়ে সেই কার্টুনকেই আবার টার্গেট করা হচ্ছে মনে করছেন বিশ্লেষকরা। যদিও কার্টুনিস্ট মেহেদী হক বলছেন, যে কার্টুন নিয়ে এত আলোচনা-সমালোচনা তা কোনো নির্দিষ্ট ব্যক্তিকে উদ্দেশ্য করে আঁকা হয়নি। একইসাথে তার আঁকা আরও যে-সব কার্টুন নিয়েও বিতর্ক তৈরি হয়েছে, সেসব ঘটনাও 'চোখের সামনে ঘটা, আড়ালের কিছু না' বলে জানান তিনি।

### কার্টুন নিয়ে তীব্র প্রতিক্রিয়ার কারণ কী?

রাজনৈতিক কার্টুন আঁকার ঘটনা বাংলাদেশে নতুন কিছু নয়। একাত্তরে স্বাধীনতাযুদ্ধের সময় 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' লেখা ইয়াহিয়া খানের ক্যারিকেচার কিংবা নব্বইয়ের স্বৈরাচারবিরোধী আন্দোলনের সময়কার 'দেশ আজ বিশ্ববেহায়ার খপ্পরে' শিরোনামের স্কেচ তারই প্রমাণ। তবে ভয়ের সংস্কৃতি তৈরি হওয়ায় গত এক যুগে এই ধরনের কার্টুন আঁকার প্রবণতা কমে যাওয়ার কথা জানিয়েছেন খোদ কার্টুনিস্টরাই। ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের আমলে কার্টুন শেয়ার করায় ডিজিটাল নিরাপত্তা আইনে আটক মুশতাক আহমেদের কারাগারে মৃত্যু এবং আহমেদ কবীর কিশোরের গ্রেফতার কার্টুনিস্টদের ওপর সরাসরি দমন-পীড়নের সবশেষ উদাহরণ। জুলাই আন্দোলনের সময় সেই ভয় ভেঙ্গে আবারও শুরু হয় কার্টুন আঁকা। বর্তমান বিএনপি সরকারের উচ্চপদস্থ কর্তা-ব্যক্তিদের নিয়েও কার্টুন এঁকেছেন বিতর্কের মুখে পড়া মেহেদী হক, যদিও সেগুলো নিয়ে তেমন কোনো বিতর্ক হয়নি। কিন্তু জুলাইকেন্দ্রিক কার্টুন নিয়ে এমন তীব্র প্রতিক্রিয়ার কারণ কী? প্রশ্নের জবাবে জাতীয় নাগরিক পার্টি- এনসিপি'র যুগ্ম মুখ্য সমন্বয়ক দিলশানা পারুল বিবিসি বাংলাকে বলেন, "জুলাই মাসের মধ্যখানে এসে আপনি যখন জুলাইয়ের অন্যতম নেতৃত্বের পেটের মধ্যে জুলাইকে ঢুকিয়ে দেন, সেটা একটা অর্থ বহন করে।„ তার দাবি, এই কার্টুনগুলোর মাধ্যমে উদ্দেশ্যপ্রণোদিতভাবে জুলাই আন্দোলনের মানহানি করা হয়েছে। "সুনির্দিষ্টভাবে এটা জুলাইকে ডিফেম (মানহানি) করার তরিকা, প্রক্রিয়া।„

জুলাই আন্দোলনকেন্দ্রিক কার্টুন নিয়ে চলমান আলোচনাকে উসকে দেয় শিল্পীর পাঁচ মাস আগে আঁকা আরও একটি ছবি, যেখানে জুলাই আন্দোলনের প্রথম নিহত ব্যক্তি আবু সাইদের কাঁধের ওপর অনেকগুলো ঘটনা আঁকা হয়েছে।

২০২৪ সালে সরকার পতনের পরপর তার আঁকা আরেকটি ছবিতে দেখা যায়, 'ডিক্টেটর' বা 'স্বৈরাচার' লেখা একটি মঞ্চ থেকে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফেলে দিয়ে সেখানে মাথায় লাল কাপড় বাধা একজন লাঠি হাতে দাঁড়িয়ে আছে। এই কার্টুনগুলোতেও একইভাবে জুলাইকে লক্ষ্যবস্তু করা হয়েছে বলে দাবি করেন মিজ পারুল। বলেন, ''জুলাইয়ের স্পিরিটটা (চেতনা) ছিল ম্যাস পিপলের (আমজনতার)। আর কাউন্টার পার্ট ছিল রাষ্ট্রের। এখানে প্রশ্ন আসে, তুমি কাউন্টারটা দিচ্ছো কাকে? তোমার আর্ট ফর্ম দিয়ে, শিল্প দিয়ে?,, ''এটা যদি হয় পাওয়ারকে কাউন্টার করছেন, তাহলে ইটস পাওয়ারফুল (এটা শক্তিশালী)। এটা যদি হয় আমার বক্তব্য, আমার আর্ট ফর্মটা ম্যাস পিপলের এগেইন্সটে দাঁড়াচ্ছে, ম্যাস পিপলের স্পিরিটের এগেইন্সটে দাঁড়াচ্ছে, তখন প্রশ্ন উঠে কার পারপাজ আপনি সার্ভ করছেন? তখনই শিল্প আর শিল্পী প্রশ্নের মধ্যে পড়ে,,, বলেন তিনি। একইসাথে জুলাই গণ-অভ্যুত্থানের সময় মেহেদী হক আন্দোলনের পক্ষে এবং তার আগে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে যায় এমন কার্টুন আঁকলেও সেটা কি কার্টুনিস্টিকে 'জুলাইয়ের মানহানি করার' বৈধতা দেয় কি না, এমন প্রশ্নও তোলেন মিজ পারুল।

**যা বলছেন কার্টুনিস্ট মেহেদী হক**

কার্টুন নিয়ে এত আলোচনা-সমালোচনা যখন হচ্ছে, তখন শিল্পীর দৃষ্টিতে আঁকাটি 'সার্থক' বলেই মনে করছেন ডেইলি নিউ এইজ পত্রিকার কার্টুনিস্ট মেহেদী হক। ''অপব্যাখ্যাগুলোই অনেকটা উদ্দেশ্যপ্রণোদিত। মূলত সোশ্যাল মিডিয়াতেই এই জিনিসগুলো হয় যে, যেটা যা নয় এবং তার সাথে সত্য-মিথ্যা মিশেল দিয়ে অন্যকিছু বের করার চেষ্টা- যেটার মাত্রা সাম্প্রতিক সময়ে বেড়েছে,,, বিবিসি বাংলাকে বলেন তিনি। তবে এসব বিতর্কে অবাক হননি বলেই বিবিসি বাংলাকে জানান মি. হক। তার মতে, ক্ষমতায় টিকে থাকতে হলে বিভাজনের রাজনীতি তৈরি করা জরুরি। রাজনীতির তাত্ত্বিক ব্যাখ্যা টেনেই এই শিল্পী বলেন, কল্পিত শত্রু তৈরি না করলে নিজেদের 'হিরো' বা বীর প্রমাণ করা কঠিন হয়ে যায়। একইভাবে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের পক্ষের শক্তির সক্রিয় থাকার বিষয়টি যেমন সত্যি, তেমনি ''এটাকে বড়ো করে দেখানো হয়, তাদের ক্ষমতায় টিকে থাকার স্বার্থে।,, ''যতটা সম্ভব আপনাকে যদি আতঙ্কিত করা যায়, যেটাকে জুজুর ভয় বলা হয়- এটাকে যতটা শক্তিশালী কার যায়, ততটাই ক্ষমতায় টিকে থাকা সহজ হয়,,, বলেন তিনি। মেহেদী হক বলছেন, দুর্নীতিগ্রস্ত ব্যক্তিদের মোটা করে আঁকা কার্টুনে খুব স্বাভাবিক একটি বিষয়। তবে পেট মোটা লোকের পেটে জুলাই লেখা কার্টুনটি কোনো নির্দিষ্ট ব্যক্তি নন। ''সিম্বোলিক কাজ যখন আপনি করবেন, তখন দেখা যাবে, যাকে আপনি মিন করেন নাই, সেও যখন বলবে যে, এটা আমাকে আঁকা হয়েছে, তখন বুঝতে হবে, এটা আসলেই কারা কারা মনে করে,,, বলেন তিনি।

এছাড়া আবু সাইদকে নিয়ে আঁকা ছবিটি 'নিজের দুঃখবোধের জায়গা থেকে আঁকা' বলে জানান এই শিল্পী। মৃত্যুর মধ্যদিয়ে আবু সাইদ নিজের সর্বোচ্চ ত্যাগ করেছেন। ''কিন্তু তার ওপরে ভর করে যে দুর্নীতি বা অন্যান্য জিনিস চলছে, সেটা দেখলে তার কী মনে হতো- সেটার যে এক্সপ্রেশনটা, সেটা আমি ধরার চেষ্টা করেছি,,, বলেন মেহেদী হক। এছাড়া ছবিটিতে আঁকা ঘটনাগুলো চোখের সামনেই ঘটছে উল্লেখ করে তিনি বলেন, ''আগস্ট পরবর্তী দুই বছরের ঘটনাপঞ্জি দেখুন, এই সমস্তকিছু আমাদের চোখের সামনেই ঘটেছে, সবই খুঁজে পাওয়া যাবে,,, বলেন তিনি। আবু সাইদকে অপদস্ত করা নয় বরং তাকে যে অপমান করা হলো, সে বিষয়টিই আঁকার চেষ্টা ছিল বলে জানান কার্টুনিস্ট মেহেদী হক।

**কার্টুনেও ট্যাগিংয়ের রাজনীতি?**

পর্যবেক্ষকরা বলছেন, জুলাই অভ্যুত্থান পরবর্তী সময়ে 'ট্যাগিংয়ের রাজনীতি' মাথাচাড়া দিয়ে উঠেছে। তা থেকে রেহাই পাচ্ছে না জুলাই আন্দোলনের সময় প্রতিবাদের মাধ্যম হয়ে ওঠা কার্টুনও, বলছেন খোদ কার্টুনিস্টরাই। ''আমি মনে করি, আগের সরকারের আমলে অনেকটা লুকায়িত ভয় ছিল, যতটা না সামনে এসে হুমকি দেওয়া, তার চেয়ে অনেক বেশি ছিল আতঙ্কের পরিবেশ তৈরি করা, যাতে আপনি বিশ্বাস করতে বাধ্য হবেন যে, এসব করা যাবে না এবং সেলফ সেন্সরশিপ করবেন। কিন্তু এখনকারটা আরও বেশি প্রকাশ্য,,, বলছিলেন মেহেদী হক। তার মতে, সেলফ সেন্সরশিপের চেয়ে কে আসলে কেমন সেটা প্রকাশ্যে আসা ভালো, যেটা জুলাইয়ের পরে হচ্ছে। বর্তমানে সামাজিক মাধ্যমে অশ্লীল ভাষার ব্যবহার এবং ট্যাগিং করার প্রবণতা দেখা যাচ্ছে, বলছেন বিশ্লেষকরা। ''এটা আসলে আমাদের সংস্কৃতিতে যে নেতিবাচক দিক আছে, সেটারই প্রকাশ। জুলাই আন্দোলনের পর এসব নেতিবাচক জায়গা উতরে যাওয়ারও একটা আকাঙ্ক্ষা ছিল। কিন্তু আমরা দেখছি, রাজনৈতিক সংস্কৃতিতে এই পরিবর্তনটা আসেনি,,, বলছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কাজী মারুফুল ইসলাম। কেউ একটি মতের পক্ষে না হলেই শত্রু বিবেচনার 'বাইনারি প্রচেষ্টা' এখনও আছে বলেও মনে করেন তিনি। একইসাথে রাজনীতির প্রচলিত নিয়মে বিবদমান পক্ষগুলো প্রতিপক্ষের ওপর নিজের সুবিধা প্রতিষ্ঠা করার চেষ্টা করে, যা আসলে 'সহিংসতার জন্ম দেয়' বলেও মন্তব্য করেন অধ্যাপক ইসলাম। ''সেটা অনেক সময় ভাষাগত সহিংসতা এবং যেটা প্রকারান্তরে আসলে কিন্তু শারীরিক সহিংসতাকে উসকে দেয়। তো সেই প্রবণতা থাকা দুর্ভাগ্যজনক, আর এটা আছে,,, বলেন তিনি। যদিও দিলশানা পারুলের দাবি, ''ট্যাগিং দেওয়া যেমন ক্ষতিকারক, তেমনি পলিটিক্যাল আন্ডাস্ট্যান্ডিংটা যদি আমরা চিহ্নিত করতে না পারি, সেটাও যদি

আপনারা বলতে না দেন, তথাকথিত ট্যাগিং বলে খারিজ করে দেন, এটাও কিন্তু একটা খারিজি রাজনীতি।„ একইসাথে তার ব্যবহৃত সমালোচনার ভাষা বিষয়ে তিনি বলেন, "আমার সমালোচনার ধরণ যদি আপনাকে আনএক্সেপ্টেড করতে হয়, তাহলে তার শিল্পমানটা আপনাকে আনএক্সেপ্টেড করতে হবে। দ্যাটস আ কন্ট্রোভার্সি আই ওয়ান্টেড টু ক্রিয়েট ইন্টেনশনালি, এইটা হচ্ছে গিয়ে আমার অবস্থান ছিল।„ তার মতে, স্বাধীনতার সাথে দায়িত্বও আসে। "প্রত্যেকটা জিনিসকে প্রশ্ন করে করে আমাদের আগাতে হবে। যদি শিল্পের প্রতিও অন্ধ সাবমিশন তৈরি হয়, তখনই কূপমণ্ডূক চিন্তা তৈরি হয়। শিল্প এবং শিল্পী ঐতিহাসিক দায়বদ্ধতা থেকে কাকে কাউন্টার দিচ্ছেন, দিস কোশ্চেন ইজ ভেরি ইম্পর্ট্যান্ট,„ বলেন মিজ পারুল। এদিকে অধ্যাপক কাজী মারুফুল ইসলামের মতে, জুলাই নিয়ে জনমানুষের অনেক আশা-আকাঙ্ক্ষা ছিল, যার অনেকগুলোই পূরণ হয়নি। তবে কিছু কিছু পূরণও হয়েছে। কিন্তু সে বিষয়গুলো শিল্পীর আঁকায় আসেনি। তবে তিনি এও বলেন, "এখন যে শিল্পী, তার যে রাজনৈতিক দায়িত্ব, সেটা সে সময়টাকে যেভাবে দেখছে, সেটা সে সেভাবেই প্রকাশ করবে। এবং নির্দিষ্ট সময় সেটা কারও না কারও বিপক্ষে যাবেই এবং সেটা গেলে সে আক্রমণের শিকার হবে।„ "এটাই প্রমাণ করে যে, শিল্পী তার জায়গায় ঠিক আছে।„

(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ নারগীস)

## সাতক্ষীরার এমপি গাজী নজরুল ইসলামকে বহিষ্কারের সিদ্ধান্ত জামায়াতের

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের বিরুদ্ধে 'নৈতিক স্খলনের বিষয়টি প্রমাণিত হওয়ায়' তাকে দল থেকে বহিষ্কার করার কথা জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। বুধবার বিকেলে দলটির কেন্দ্রীয় নির্বাহী পরিষদের জরুরি বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, গাজী নজরুল ইসলামকে নিয়ে বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত তথ্য সাংগঠনিক তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে দল থেকে বহিস্কারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গাজী নজরুল ইসলামকে বহিষ্কারের বিষয়টি নির্বাচন কমিশনকে অবিলম্বে অবহিত করা হবে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। সম্প্রতি একজন তরুণীর সঙ্গে 'ব্যক্তিগত মুহূর্তের' একটি ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়ার পর আলোচনায় আসেন বাংলাদেশের জামায়াতে ইসলামীর সংসদ সদস্য গাজী নজরুল ইসলাম। (বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে হাম উপসর্গে মৃত্যু আটশো ছাড়ালো

চার মাসের ব্যবধানে বাংলাদেশে হাম ও হামের উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা আটশো ছাড়িয়েছে। দেশের হাম পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের সবশেষ বার্তায় জানানো হয়েছে, বুধবার সকাল ছয়টা পর্যন্ত ২৪ ঘণ্টায় এই রোগের উপসর্গ নিয়ে আরও ছয় জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে এখন পর্যন্ত হাম উপসর্গে মৃতের সংখ্যা দাঁড়ালো ৮০৩ জনে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হাম রোগে ৯৫ জনের এবং হাম উপসর্গে ৭০৮ জনের মৃত্যু হয়েছে। এছাড়া, ২২ জুলাই সকাল আটটা পর্যন্ত চব্বিশ ঘণ্টায় এক হাজারের বেশি নতুন রোগী হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে বলেও জানানো হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## পার্বত্য জেলায় ভূমিধসের সতর্কবার্তা, টানা বৃষ্টি কতদিন চলবে?

মৌসুমি বায়ুর প্রভাবে ঢাকা, রাজশাহী, রংপুর, বরিশাল ও সিলেট বিভাগের বেশিরভাগ জেলায় হালকা থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অফিস। ভারী থেকে অতি ভারী বৃষ্টির কারণে চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকায় ভূমিধসের সতর্কবার্তাও দেওয়া হয়েছে। বিশেষ করে কক্সবাজার ও বান্দরবান জেলাকে ভূমিধসের মাঝারি ঝুঁকিপূর্ণ এলাকা হিসেবে চিহ্নিত করেছে আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়া পূর্বাভাসে বলা হয়েছে, ২২শে জুলাই সকাল থেকে পরবর্তী ৪৮ ঘণ্টায় চট্টগ্রাম ও বরিশাল বিভাগের অনেক জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। যার পরিমাণ ১৫০ থেকে ৩০০ মিলিমিটার পর্যন্ত হতে পারে। দেশের বেশিরভাগ এলাকায় আগামী পাঁচদিন বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে বলেও আবহাওয়া পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## জামায়াত থেকে বহিষ্কারের পর গাজী নজরুল ইসলামের এমপি পদ কি থাকবে?

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে দল থেকে বহিষ্কার করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির দাবি, তাকে ঘিরে সম্প্রতি প্রকাশিত বিভিন্ন ঘটনার বিষয়ে সাংগঠনিক তদন্তে তার 'নৈতিক স্খলন' প্রমাণিত হয়েছে। সেজন্য গঠনতন্ত্রের ৬২ নম্বর ধারা অনুযায়ী এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ বুধবার বিকেলে দলটির কেন্দ্রীয় নির্বাহী পরিষদের জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত হয়। মূলত, একজন তরুণীর সঙ্গে 'ব্যক্তিগত মুহূর্তের' কয়েকটি ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়ার পরই গাজী নজরুল ইসলামকে ঘিরে নানা আলোচনা ও বিতর্ক শুরু হয়। ভিডিওগুলো সোমবার বিকেল থেকে সামাজিক মাধ্যমে ছড়াতে শুরু করলে প্রথম দিকে ফেসবুকে তার সমর্থনে কেউ কেউ এটি 'এআই ব্যবহার করে তৈরি করা হয়েছে' উল্লেখ করে পাল্টা প্রচারণা শুরু করেন। পরদিন কয়েকটি ফ্যাক্ট চেকিং প্রতিষ্ঠান দাবি করে যে ভিডিও এআই দিয়ে বানানো নয়। এসব নিয়ে বিতর্কের মধ্যেই গাজী নজরুল

ইসলাম নিজেই দাবি করেন, ভিডিওতে দেখা যাওয়া ওই তরুণী তার দ্বিতীয় স্ত্রী এবং তাকে তিনি তার প্রথম স্ত্রীর সম্মতিতেই সম্প্রতি বিয়ে করেছেন। যদিও তার এই কথিত দ্বিতীয় বিয়ের কাবিননামার বিশ্বাসযোগ্যতা ও নিবন্ধন প্রক্রিয়া নিয়ে প্রশ্ন উঠেছে। কারণ কাবিননামায় নাম থাকা কাজী একটি দৈনিক পত্রিকাকে বলেছেন, বিয়ে কোথায় হয়েছে, সে বিষয়ে তিনি জানেন না। একই সঙ্গে তিনি স্বীকার করেন, কাবিননামাটি পুরোনো তারিখ বসিয়ে তৈরি করেছেন। সব মিলিয়ে গাজী নজরুল ইসলামের ঘটনাটি ঘিরে কয়েকটি গুরুত্বপূর্ণ প্রশ্ন সামনে এসেছে। তার মাঝে উল্লেখযোগ্য হলো, তার সংসদ সদস্য পদের কী হবে? 'নৈতিক স্খলনের' অভিযোগে কি তার বিচার সম্ভব?

**সংসদ সদস্য পদ হারানোর সম্ভাবনা কতটা?**

বহিষ্কারের আজকের এই সিদ্ধান্তের আগে গাজী নজরুল ইসলামের বিষয়ে জামায়াতের বিভিন্ন নেতার সাথে কথা বলেছে বিবিসি বাংলা। দলটির কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি অ্যাডভোকেট মতিউর রহমান আকন্দ বলেছিলেন, "কোনো ব্যক্তি যদি সংগঠনের গঠনতন্ত্রে বর্ণিত বিধি লঙ্ঘন করে ও নৈতিকতার সীমা ছাড়িয়ে যায়, অথবা তার ভূমিকার মাধ্যমে যদি সংগঠনের সুনাম ও মর্যাদা বিনষ্ট হওয়ার আশঙ্কা দেখা দেয়, তখন তার সদস্য পদ তো বাতিল হবেই।„ "এমনকি তাকে সংগঠন থেকে বহিষ্কার করারও বিধান আছে। সদস্য পদ বাতিল হলে সংগঠনে সে থেকে যাবে, কাজ করতে পারবে। আর বহিষ্কার মানে সংগঠন থেকেই বহিষ্কার।„ গাজী নজরুল ইসলামকে জামায়াতে ইসলামী শেষপর্যন্ত দল থেকে বহিষ্কার করেছে, তাহলে কি তার সংসদ সদস্য পদ হারানোরও সম্ভাবনা আছে? এ বিষয়ে সংসদ বিষয়ক বিশেষজ্ঞ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের সাবেক অধ্যাপক নিজাম উদ্দিন আহমেদ বিবিসি বাংলাকে জানান, জামায়াতে ইসলামী গাজী নজরুল ইসলামকে বহিষ্কার হলেও তার সংসদ সদস্য পদ যাবে না। "নৈতিক স্খলনজনিত কোনো বিষয় যদি সংসদের ইনকোয়ারি কমিটিতে প্রমাণিত হয়, তাহলে তার পদ যেতে পারে। এটার জন্যও সংসদীয় তদন্ত লাগবে,„ বলছিলেন তিনি। এ বিষয়ে সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ও সংবিধান বিশেষজ্ঞ শাহদীন মালিকও বিবিসি বাংলাকে বলেন, দলের নিয়ম-কানুন ভঙ্গ করলে সাধারণত দল থেকে বহিষ্কার করা হয়। "কিন্তু সংসদ সদস্য পদ হারাবে তখনই, যখন কেউ দলের বিপক্ষে সংসদে ভোট দেয় অথবা পদত্যাগ করে। এছাড়া নৈতিক স্খলনজনিত অপরাধে ফৌজদারি বিচারে দোষী সাব্যস্ত হয়ে কারও যদি দুই বছরের বেশি কারাদণ্ড হয়, তখন,„ বলছিলেন তিনি। "তবে এখানে একটা অস্পষ্টতা আছে। সব অপরাধের জন্য এটা হবে না, শুধু নৈতিক স্খলনজনিত অপরাধে হবে। এখন কোনটা নৈতিক স্খলনজনিত অপরাধ, আর কোনটা না, সেটার কোনো স্পষ্ট সংজ্ঞা নাই। কোর্টের রায়েও এ নিয়ে কিছু আসে নাই,„ বলেন শাহদীন মালিক। বহিষ্কার বিষয়ে দলের সিদ্ধান্ত এবং নৈতিক স্খলনের যে অভিযোগ উঠেছে, সে বিষয়ে জানতে যোগাযোগের চেষ্টা করা হলেও গাজী নজরুল ইসলামের বক্তব্য পাওয়া যায়নি।

**'বিবাহবহির্ভূত' সম্পর্ক নিয়ে আইন কী বলে?**

গাজী নজরুল ইসলাম যদিও দাবি করছেন যে, তিনি ওই তরুণীকে বিয়ে করেছেন। কিন্তু সামাজিক যোগাযোগ মাধ্যমে অনেকে অভিযোগ তুলেছেন যে, তিনি আদৌ ওই নারীকে বিয়ে করেননি। এমনিতে 'বিবাহবহির্ভূত' সম্পর্ক নিয়ে বাংলাদেশের আইন কী বলে? আইনজীবী শাহদীন মালিক এ প্রসঙ্গে বলেন, "আইনগতভাবে কেউ যদি স্বামী-স্ত্রী না-ও হয়, তাহলে কোনো ধরনের শারীরিক সম্পর্ক আইনের চোখে ফৌজদারী অপরাধ না।„ "এমনকি প্রথম স্ত্রীর পারমিশন না নিয়ে অন্য কোনো নারীকে বিয়ে করলেও সর্বোচ্চ শাস্তি হবে এক বছরের জেল। আইনের চোখে বিয়েটা কিন্তু তখনও বৈধ।„ জামায়াত নেতা মি. ইসলামের ঘটনা প্রসঙ্গে শাহদীন মালিক বলেন, "ওই নারী যদি এটা না বলে যে, তাকে জোর করে বা চাকরির প্রলোভন দেখিয়ে শারীরিক সম্পর্ক করা হয়েছে, তখন এটা অপরাধ হিসেবে গণ্য হবে। কিন্তু এই অভিযোগগুলো ওই মেয়ের কাছ থেকে আসতে হবে।„ ওই তরুণীকে নিয়ে আরও একটি ধোঁয়াশা রয়েছে যে, তার বয়স ১৮ বছরের কম। এ বিষয়ে শাহদীন মালিক বলেন, ১৮ বছরের কম হলেও এটা অপরাধ না। আইনগতভাবে ১৮ বছরের কম হলে বিয়ে হবে না। ছেলের ২১ বছরের কম হলে বিয়ে করতে পারে না। এটা শুধু বিয়ের ব্যাপারে প্রযোজ্য। অন্য কোনো কিছুর জন্য প্রযোজ্য নয়।„ তার মতে, এই বিষয়টিতে আইনগতভাবে কোনো সমস্যা নেই। এটি নৈতিকতার ব্যাপার। একই প্রসঙ্গে জ্যেষ্ঠ আইনজীবী মনজিল মোরসেদ বলেন, "আইনে আছে, ১৮ বছরের নিচে হলে বিয়ে করা যায় না, তখন নিকাহ রেজিস্ট্রারও জবাবদিহির আওতায় আসবে। আর বিয়ের বাইরে অন্য কারো সঙ্গে সম্পর্ক করা সামাজিক বিষয়। কিন্তু যার সাথে ঘুরছে, সে কখনও অভিযোগ করলে মামলা হয়ে যাবে।„ কোনো স্বামী যদি 'বিবাহবহির্ভূত' সম্পর্ক করে, তাহলে স্ত্রী স্বামীর বিরুদ্ধে মামলা করতে পারবে? এর উত্তরে মি. মোরসেদ বলেন, "এসব ক্ষেত্রে বাংলাদেশে সাধারণত স্ত্রীরা তালাক দিয়ে দেয়। কিন্তু স্ত্রী চাইলে অভিযোগ করতে পারবে। তবে স্বামী যে পরকীয়ার সাথে জড়িত, তা তাকে প্রমাণ করতে হবে। অর্থাৎ, এভিডেন্স থাকবে বা যার সাথে পরকীয়া করছে, তারও অভিযোগও লাগবে।„ মি. ইসলামের ঘটনা প্রসঙ্গে টেনে তিনিও বলেন, "বলছে বিয়ে করেছে। কিন্তু ওই মেয়ের ১৮ বছর হয়েছে কি না, তা বলা যায়। এ সব ক্ষেত্রে ধরা পড়লে সাধারণত স্ত্রী বলা হয়। তবে এই

মেয়ে বা তার পরিবার যদি ভবিষ্যতে অভিযোগ করে, তাহলে কোনো আইনি প্রক্রিয়া আগাতে পারে। নইলে প্রচলিত আইনে তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়ার সুযোগ নাই।„

**অনুমতি ছাড়া ব্যক্তিগত ভিডিও ধারণ ও ছড়িয়ে দেওয়া কতটা বৈধ?**

এদিকে গাজী নজরুল ইসলাম দাবি করেছেন, তাকে ও তার দ্বিতীয় স্ত্রীকে একটি কক্ষে জিম্মি করে তাদের ব্যক্তিগত মুহূর্তের ভিডিও ধারণ করা হয়। পরে সেই ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়া হয় এবং বলা হয় যে, এটি বিবাহবহির্ভূত ঘটনা। এ বিষয়ে সুপ্রিম কোর্টের আইনজীবী শাহদীন মালিক বিবিসি বাংলাকে বলেন, আইনের চোখে এই ঘটনা (মি. ইসলামের) ফৌজদারি অপরাধ না। এটি সামাজিকভাবে অনৈতিক কাজ। ”একটি অনৈতিক কাজের জন্য এভাবে মব করে আক্রমণ করা, আইন নিজের হাতে তুলে নেওয়া, বরং এটা অপরাধ। কারণ বিচার করার ক্ষমতা তো আদালত ছাড়া আর কারও নাই।„ বাংলাদেশ দণ্ডবিধিতেও বেআইনিভাবে কাউকে আটক করা এবং ভয়ভীতি দেখিয়ে অর্থ আদায়ের মতো অপরাধের জন্য শাস্তির বিধান রয়েছে। মূলত, সোমবার সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে পাঞ্জাবি পরিহিত অবস্থায় গাজী নজরুল ইসলামকে সালোয়ার কামিজ পরিহিত এক তরুণীর সাথে ঘনিষ্ঠ অবস্থায় দেখা গেছে। পরে আরেকটি ভিডিওতে কয়েকজনকে তাদের একটি কক্ষে জিজ্ঞাসাবাদ করতেও দেখা যায়।

**ঘটনাপ্রবাহ : ভিডিও, বিবৃতি, কাজীর স্বীকারোক্তি**

ভিডিও ছড়িয়ে পড়ার পর মঙ্গলবার দুপুরে নিজের ফেসবুক পেজে দেওয়া এক বিবৃতিতে গাজী নজরুল ইসলাম নিজেই দাবি করেন, ওই তরুণী তার দ্বিতীয় স্ত্রী। তার ভাষ্য, গত ১৭ জুন প্রথম স্ত্রীর সম্মতিতে তাদের পারিবারিকভাবে বিয়ে হয়েছে এবং ১৩ জুলাই তিনি তার প্রথম ও দ্বিতীয় স্ত্রীকে সঙ্গে নিয়ে ঢাকার মগবাজারে তার দ্বিতীয় স্ত্রীর পিতার ব্যবসায়িক অফিসে যান। তার ওই ব্যক্তিগত মুহূর্তের ভিডিও ধারণ ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেওয়ার জন্য ওই তরুণীর এক মামাকে দায়ী করেন মি. ইসলাম। তিনি এটাও দাবি করেন যে, তার বিরুদ্ধে 'প্রচারিত অপপ্রচার ও বিভ্রান্তিকর তথ্যের কোনো সত্যতা নেই'। তিনি বলেন, ”সেখানে আমরা আনুমানিক সোয়া এক ঘণ্টা অবস্থান করি। আমরা উক্ত অফিসে অবস্থানকালে যোহরের নামাজ আদায়ের পূর্বে আমার গাড়িচালক ও আমার দ্বিতীয় স্ত্রীর মামা ওবায়দুল্লাহ গাড়ি দেখার কথা বলে বাইরে যায়। পরবর্তীতে সে ৫/৭ জন অপরিচিত ব্যক্তিকে নিয়ে আমাদের কক্ষে প্রবেশ করে এবং আমাদের জিম্মি করে এক লক্ষ টাকা আদায় করে।„ ”আমি চলাচলের জন্য যে ভাড়াকৃত গাড়িটি ব্যবহার করি, ওবায়দুল্লাহর যোগসাজশে পরবর্তীতে সেটিও আটকে রেখে দফায় দফায় আমাদের কাছে কয়েক লক্ষ টাকা দাবি করা হয়। আমরা টাকা দিতে অস্বীকৃতি জানালে আমাদের বিভিন্ন ধরনের হুমকি দেওয়া হয়। আমি এ সময় জানতে পারি, আমার দ্বিতীয় স্ত্রীর পিতা মো. মাসুম বিল্লাহর সঙ্গে ওবায়দুল্লাহর পূর্বশত্রুতা ও পারিবারিক বিরোধের জের ধরেই এই ষড়যন্ত্রের ঘটনা ঘটানো হয়েছে।„ ”পরবর্তীতে, হিংসা ও ব্যক্তিস্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে ওবায়দুল্লাহ আমাদের স্বামী-স্ত্রীর ব্যক্তিগত ও ঘনিষ্ঠ মুহূর্তের ভিডিও ধারণ করে ও ফেসবুকসহ বিভিন্ন সামাজিক মাধ্যমে ছড়িয়ে দেয়। এ ঘটনাকে কেন্দ্র করে কতিপয় অসাধু ব্যক্তি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবে ভিডিওটিকে বিবাহবহির্ভূত সম্পর্কের ঘটনা হিসেবে প্রচার করছে, যা সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত,„ গাজী নজরুল ইসলাম দাবি করেন তার ফেসবুক পোস্টে।

গতকাল মঙ্গলবার দুপুরের পর পর গাজী নজরুল ইসলামের প্রথম স্ত্রী পরিচয় দিয়ে মাকসুদা ইসলাম একটি ভিডিও বার্তা দিয়েছেন সামাজিক মাধ্যমে। সেখানে তাকে লিখিত বিবৃতি পড়তে দেখা গেছে। এতে তিনি বলেছেন, ”আমার স্বামী গাজী নজরুল ইসলামের সহিত মরিয়মের (দ্বিতীয় স্ত্রী) সাথে বিবাহ হয়েছে। যারা এটা নিয়ে কুৎসা রটাচ্ছে তীব্র প্রতিবাদ জানাই। এ থেকে বিরত না থাকলে আমি আইনগত ব্যবস্থা নিতে বাধ্য হবো।„ এরপর নিজেকে গাজী নজরুল ইসলামের স্ত্রী পরিচয় দিয়ে মুখে মাস্ক পরিহিত অবস্থায় আরেকটি বক্তব্য দেন গাজী নজরুল ইসলামের সাথে দেখা যাওয়া তরুণী। সেখানে ওই তরুণী বলেছেন, ”আমার স্বামী সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে নিয়ে সামাজিক মাধ্যমে যে ভিডিও বিভ্রান্তিকর প্রচারণা চালানো হচ্ছে, সে বিষয়ে আমি দেশবাসীর সামনে প্রকৃত ঘটনা সংক্ষেপে তুলে ধরতে চাই।„ তিনি বলেন, ”প্রথমত আমাদের বিয়ে কোনো গোপন বা অনৈতিক বিষয় নয়।„ ”২০২৬ সালের ১৭ জুন সাতক্ষীরার শ্যামনগর আমার বাবার বাসায় উভয় পরিবারের সম্মতিতে বিয়ে সম্পন্ন হয়েছে। এ সময় আমার স্বামীর প্রথম স্ত্রীও উপস্থিত ছিলেন। ১৩ জুলাই গাজী নজরুল ইসলাম তার দুই স্ত্রীকে নিয়ে মগবাজারে আমার বাবার অফিসে যান।„

এদিকে, জামায়াত নেতার ব্যক্তিগত মুহূর্তের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর এবার বিয়ে নিবন্ধনকারী কাজীর একটি অডিও ক্লিপও ভাইরাল হয়েছে গতকাল। ভাইরাল অডিওতে কাজীকে বলতে শোনা যায়, ওই ভিডিওটি ভাইরাল হয়ে যাওয়ার পরে ফোনে তাকে মেয়ের নাম, জন্মতারিখ থেকে শুরু করে প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছিল। গতকাল ২১ জুলাই সকালে ওই তরুণী ও অভিভাবক গিয়ে সেই কাবিননামায় স্বাক্ষর করেন। অর্থাৎ, গাজী নজরুল ইসলাম তার ফেসবুক পোস্টে লিখেছেন যে, তাদের বিয়ে হয়েছে আরও এক মাস আগে, অর্থাৎ

১৭ই জুন। এদিকে, কাবিননামায় উল্লেখ করা হয়েছে যে বিয়ের তারিখ ১৭ জুলাই। অথচ, কাজীর দাবি অনুযায়ী, কাবিননামায় স্বাক্ষর নেওয়া হয় গতকাল ২১ জুলাই। উল্লেখ্য, বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে জামায়াতের একজন এমপিকে তার বৈধ দ্বিতীয় স্ত্রীর মামা বা তার লোকেরা জিম্মি করে টাকা আদায় করবেন, এ দাবির যৌক্তিকতা নিয়ে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে এবং সেই প্রশ্নের কোনো জবাব আসেনি কোনো পক্ষ থেকে। এ প্রসঙ্গে সাতক্ষীরা জেলা জামায়াতের সেক্রেটারি আজিজুর রহমান বিবিসি বাংলাকে বলেছেন, "কথাটা হয়ত যৌক্তিক মনে হচ্ছে না। কিন্তু এমপি সাহেব আমাদের জানিয়েছেন যে, তিনি তার স্ত্রীদের নিয়েই সেখানে গিয়েছিলেন। তার স্ত্রীরাও সামাজিক মাধ্যমে বলেছেন।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ নারগীস)

## সিএনজি স্টেশনে গ্যাস সরবরাহে বিঘ্ন, কী বলছে জ্বালানি মন্ত্রণালয়?

এলএনজির ভাসমান টার্মিনাল বা এফএসআরইউ (ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিট)-এ যান্ত্রিক ত্রুটির কারণে প্রাকৃতিক গ্যাস সরবরাহে সাময়িক বিঘ্ন ঘটেছে বলে জানিয়েছে বাংলাদেশের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। বুধবার বিকেলে জরুরি ব্রিফিংয়ে এই তথ্য জানিয়েছেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্ম সচিব মনির হোসেন চৌধুরী। মেরামতকাজ চলমান থাকায় আগামী দুই-তিন দিনের মধ্যে পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসবে বলেও দাবি করেন তিনি। মি. চৌধুরী বলেন, গ্যাস সরবরাহে বিঘ্ন ঘটায় কিছু সিএনজি ফিলিং স্টেশনে যানবাহনের দীর্ঘ সারি দেখা গেছে। তবে এই সংকট সাময়িক এবং দ্রুতই পরিস্থিতি স্বাভাবিক হবে। এছাড়া দেশের জ্বালানি মজুত এবং সরবরাহ পরিস্থিতি নিয়েও কথা বলেন তিনি। মি. চৌধুরী দাবি করেন, দেশে জ্বালানির কোনো সংকট না থাকলেও এ নিয়ে গুজব ছড়ানো হচ্ছে। "ডিজেলের মজুদ আছে প্রায় ৩১ দিনের, অকটেন আছে ৩৬ দিনের, পেট্রোল আছে ২০ দিনের, ফার্নেস অয়েল আছে ২৫ দিনের এবং জেট ফুয়েল আছে ২০ দিনের। ফলে আমাদের নরমালি যা থাকার কথা তার থেকে অনেক বেশি রয়েছে,„ বলেন তিনি। সম্প্রতি গ্যাস সরবরাহ কমে যাওয়ায় বিভিন্ন এলাকার সিএনজি স্টেশনে এর প্রভাব পড়েছে। গ্যাস নিতে যানবাহনের দীর্ঘ সারি দেখা গেছে ঢাকার অনেক সিএনজি স্টেশনে।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ নারগীস)

## সিলেট-সুনামগঞ্জে বন্যা সতর্কতা, পানি বাড়ছে উত্তরাঞ্চলেও

আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় সিলেট, সুনামগঞ্জ ও নওগাঁ জেলায় বন্যা সতর্কতা জারি করেছে বাংলাদেশ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। এছাড়া দেশের উত্তরাঞ্চলের লালমনিরহাট, নীলফামারি, রংপুর, গাইবান্ধা ও কুড়িগ্রামসহ অন্তত দশ জেলার নদনদীর পানি বিপদসীমার কাছাকাছি দিয়ে প্রবাহিত হচ্ছে। যার ফলে আগামী ২৪ থেক ৪৮ ঘণ্টায় এই জেলাগুলোতেও নিম্নাঞ্চল প্লাবিত হওয়ার শঙ্কা রয়েছে। বুধবার বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সবশেষ বার্তায় এসব তথ্য জানানো হয়েছে। প্রতিষ্ঠানটি বলছে, সিলেট ও সুনামগঞ্জ জেলায় সুরমা ও কুশিয়ারা নদীর পানি ইতোমধ্যে বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া নওগাঁ জেলায় আত্রাই নদীর পানিও বিপৎসীমার ওপরে রয়েছে। এছাড়া সাঙ্গু, মাতামুহুরী নদী অববাহিকায় বান্দরবান, কক্সবাজার ও চট্টগ্রাম জেলায়ও নদনদীর পানি বিপদসীমার কাছাকাছি দিয়ে প্রবাহিত হচ্ছে। নেত্রকোনা জেলার কলমাকান্দা পয়েন্টে সোমেশ্বরী নদীর পানি এখনও বিপদসীমার ওপরে থাকলেও আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। (বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## পাসপোর্ট সূচকে তিন ধাপ এগিয়েছে বাংলাদেশ

বিশ্বের শক্তিশালী পাসপোর্ট সূচকে তিন ধাপ এগিয়ে ৯৭ তম অবস্থানে বাংলাদেশ। এবারের তালিকায় বাংলাদেশের সঙ্গে একই অবস্থানে রয়েছে উত্তর কোরিয়া। যুক্তরাজ্যের লন্ডনভিত্তিক প্রতিষ্ঠান হেনলি অ্যান্ড পার্টনার্স প্রকাশিত সূচকে এই তথ্য জানানো হয়েছে। মঙ্গলবার প্রতিষ্ঠানটির ওয়েবসাইটে এই সূচক প্রকাশ করা হয়। এবারের শক্তিশালী পাসপোর্ট সূচকে শীর্ষে রয়েছে সিঙ্গাপুরের নাম। আর সব থেকে দুর্বল পাসপোর্ট আফগানিস্তানের। তালিকায় বাংলাদেশের নিচে রয়েছে নেপাল, সোমালিয়া, ইয়েমেন ও পাকিস্তানসহ সাতটি দেশের পাসপোর্ট। একটি দেশের পাসপোর্ট দিয়ে আগাম ভিসা ছাড়া কিংবা ভিসামুক্ত সুবিধা নিয়ে কতটি দেশে যাওয়া যায়, তার ওপর ভিত্তি করে শক্তিশালী পাসপোর্টের এই সূচক তৈরি করা হয়েছে। এবারের তালিকা তৈরির ক্ষেত্রে বিশ্বের ১৯৯টি দেশের পাসপোর্ট বিবেচনায় নেওয়া হয়েছে বলে প্রতিষ্ঠানটির ওয়েবসাইটে উল্লেখ করা হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## গাজী নজরুল ইসলামসহ পাঁচজনের বিরুদ্ধে মামলা, একজন কারাগারে

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের বিরুদ্ধে হত্যাচেষ্টার অভিযোগে মামলা করেছেন তার গাড়িচালক ওবায়দুর রহমান। এই মামলায় আরও চারজনকে আসামি করা হয়েছে। মঙ্গলবার রাতে পল্লবী থানায় মামলাটি দায়ের করার পর আমিনুর রহমান নামে একজনকে আটক করেছে গোয়েন্দা পুলিশ। মামলায় 'অনৈতিক সম্পর্কের প্রতিবাদ' এবং 'ভিডিও ফাঁসের সন্দেহে' মারধর ও শ্বাসরোধে হত্যাচেষ্টার অভিযোগ আনা হয়েছে। মামলাটি

গোয়েন্দা পুলিশ তদন্ত করছে বলে জানিয়েছেন পল্লবী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হাসান বাসির। এদিকে, আটক ব্যক্তিকে বুধবার আদালতে হাজির করা হলে তাকে কারাগারে পাঠিয়েছেন ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কামাল উদ্দীন। এছাড়া মামলার তদন্ত করে আগামী ২৪ আগস্টের মধ্যে প্রতিবেদন জমার নির্দেশও দিয়েছেন আদালত। উল্লেখ্য, একজন নারীর সঙ্গে ভিডিও ভাইরালের ঘটনায় 'নৈতিক স্খলনের' অভিযোগ প্রমাণিত হওয়ায় কারণ দেখিয়ে সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে বুধবার বহিষ্কার করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## যুক্তরাষ্ট্র আলোচনায় প্রস্তুত, কিন্তু ইরান আন্তরিক নয় : মার্কো রুবিও

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন, ইরানের সঙ্গে চলমান সংকট নিরসনে যুক্তরাষ্ট্র এখনো আলোচনায় প্রস্তুত রয়েছে, তবে তেহরান আলোচনার বিষয়ে আন্তরিক নয়। ইরান যদি হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নেয়, তাহলে তা একটি বিপজ্জনক প্রবণতা তৈরি করবে বলেও মন্তব্য করেন তিনি। দক্ষিণ-পূর্ব এশিয়ার পররাষ্ট্রমন্ত্রীদের এক বৈঠকে রুবিও এসব মন্তব্য করেন। সোমবার রয়টার্সকে জ্যেষ্ঠ একজন ইরানি কর্মকর্তা জানান, ১০ দিনের যুদ্ধবিরতির জন্য মধ্যস্থতাকারীদের একটি প্রস্তাব তেহরান পেয়েছে। গতকাল ইরানের স্বরাষ্ট্রমন্ত্রী পাকিস্তানের প্রধানমন্ত্রী ও সেনাপ্রধানের সঙ্গে সাক্ষাৎ করতে দেশটিতে সফর করেন। ইরান-যুক্তরাষ্ট্র আলোচনায় শাহবাজ শরিফ ও জেনারেল আসিম মুনির প্রধান মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করছেন।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## ইরান যুদ্ধে বিলিয়ন ডলার খরচের তথ্য দিলেন মার্কিন প্রতিরক্ষামন্ত্রী, আরো অর্থ চাইছে পেন্টাগন

ইরানের সাথে যুক্তরাষ্ট্রের যুদ্ধে এখন পর্যন্ত ৩৭ দশমিক পাঁচ বিলিয়ন ডলার খরচ হয়েছে, যেটি মে মাসের হিসাবের চেয়ে প্রায় আট বিলিয়ন ডলার বেশি বলে জানিয়েছেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আবার যুদ্ধ শুরু হওয়ার পর সিনেট অ্যাপ্রোপ্রিয়েশনস কমিটির সামনে প্রথমদিন উপস্থিত হয়ে হেগসেথ বলেন, আইনপ্রণেতারা জরুরি ভিত্তিতে নতুন তহবিল অনুমোদন না করলে সামরিক প্রশিক্ষণ কমিয়ে আনতে হবে। তিনি জানান, নিজের মন্ত্রণালয়ের জন্য কংগ্রেসে ৮৭ বিলিয়ন বা আট হাজার ৭০০ কোটি ডলার চেয়েছেন, যার মধ্যে ৬৭ বিলিয়ন বা ছয় হাজার ৭০০ কোটি ডলার বরাদ্দ থাকবে মধ্যপ্রাচ্যের সামরিক অভিযান পরিচালনার জন্য। এই বৈঠকটি কয়েকবার যুদ্ধবিরোধী বিক্ষোভকারীদের কারণে বাধাগ্রস্ত হয়েছে। তারা এ সময় চিৎকার করে বলছিলেন, ”ইরান ও ফিলিস্তিনে আমাদের সন্তানদের ওপর বোমা হামলা বন্ধ করো।„ মধ্যপ্রাচ্যে তিন মার্কিন সেনা নিহত হওয়ার পর যুদ্ধের একটা সংকটময় মুহূর্তে হেগসেথ এই কমিটির বৈঠকে উপস্থিত হন। হোয়াইট হাউস এপ্রিল মাসে আগামী অর্থবছরের জন্য পেন্টাগনের জন্য কংগ্রেসের কাছে এক দশমিক পাঁচ ট্রিলিয়ন ডলার চেয়েছে, এই অর্থ অনুমোদিত হলে আধুনিক যুগে যুক্তরাষ্ট্রের সামরিক ব্যয় সর্বকালের সর্বোচ্চ পর্যায়ে পৌঁছাবে। মঙ্গলবার টানা ১১ দিনের মতো হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। এর জবাবে ইরানও মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের ওপর পাল্টা হামলা চালিয়ে যাচ্ছে। প্রতিরক্ষামন্ত্রী হেগসেথ মঙ্গলবারের বৈঠকে বক্তব্য শুরু করে বলেন, ”আমরা একটি বিপজ্জনক পৃথিবীতে বাস করছি„ এবং এর জন্য সাহসী ও দ্রুত পদক্ষেপ নেওয়া প্রয়োজন। বিক্ষোভকারীদের বাধার মুখে পড়ার পর হেগসেথ আবার বলতে শুরু করেন, এক জরুরি মুহূর্তে তার এই তহবিল বরাদ্দের দাবিটি এসেছে। তিনি আরো বলেন, শত্রুপক্ষ যেন যুক্তরাষ্ট্রকে পেছনে ফেলতে না পারে, সেজন্য গুরুত্বপূর্ণ বিনিয়োগের প্রয়োজন ছিল। হেগসেথ বলেন, ”এই তহবিল বরাদ্দ না পেলে আমরা চরম ঘাটতির মুখে পড়বো, এর ফলে সেনা সদস্যদের বেতন দেওয়া, দ্রুত সামরিক সরঞ্জাম ও গোলাবারুদের অভাব পূরণ করা এবং কোনো বাধা ছাড়া মূল অভিযানগুলো পরিচালনার ক্ষমতা হুমকির মুখে পড়বে।„
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালিতে জাহাজে হামলা হলে ইরানের সেতু ও বিদ্যুৎকেন্দ্রে বোমা নিক্ষেপের হুমকি ট্রাম্পের

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সতর্ক করে বলেছেন, হরমুজ প্রণালিতে জাহাজকে লক্ষ্য করে ইরান কোনো হামলা চালালে তার জবাবে যুক্তরাষ্ট্র দেশটির অবকাঠামোতে আঘাত হানবে। সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে তিনি লিখেছেন, ”এখন থেকে ইসলামি প্রজাতন্ত্র ইরান হরমুজ প্রণালিতে কোনো জাহাজের দিকে ক্ষেপণাস্ত্র, রকেট, ড্রোন বা অন্য যেকোনো উপায়ে কিংবা অস্ত্র দিয়ে হামলা চালালে, যুক্তরাষ্ট্র সেতু বা বিদ্যুৎকেন্দ্রে বোমা হামলা চালিয়ে তা ধ্বংস করবে।„ সম্ভাব্য এসব হামলার লক্ষ্যবস্তুর অবস্থান সম্পর্কে তিনি লিখেছেন, ”এগুলোর মধ্যে রাজধানী তেহরানের কাছাকাছি বা তেহরানের ভেতরে অবস্থিত স্থাপনাও অন্তর্ভুক্ত থাকবে।„ গত সপ্তাহেও ট্রাম্প ইরানের সেতু ও বিদ্যুৎকন্দ্রে হামলার হুমকি দিয়েছিলেন। ইরান ইতোমধ্যেই অভিযোগ করেছে, তাদের সেতু, রেল সংযোগ, পানি লবণমুক্তকরণ কেন্দ্র, বিদ্যুৎকেন্দ্রের মতো বেসামরিক স্থাপনায় যুক্তরাষ্ট্র হামলা চালিয়ে যাচ্ছে; যদিও মার্কিন সামরিক বাহিনী তা অস্বীকার করেছে। (বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## হুথিদের সতর্কবার্তার পর সৌদি বন্দরগুলো এড়িয়ে চলছে অনেক জাহাজ

সৌদি বন্দরগুলো ব্যবহার না করতে ইয়েমেনের হুথি গোষ্ঠীর সতর্কবার্তার পর বেশ কয়েকটি তেলবাহী ট্যাংকার নিজেদের গতিপথ পরিবর্তন করেছে বলে জানা গেছে। শিপ ট্র্যাকিংয়ের ডেটা অনুযায়ী, লোহিত সাগর দিয়ে চারটি তেলবাহী ট্যাংকার তাদের গতিপথ পরিবর্তন করেছে। এই ট্যাংকারগুলোর মধ্যে দুটির নতুন গন্তব্য হিসেবে সুয়েজ খালের নাম ঘোষণা করা হয়েছে এবং অন্য দুটি ট্যাংকার লোহিত সাগরের উন্মুক্ত জলপথকে তাদের গন্তব্য হিসেবে নথিভুক্ত করেছে। শিপিং ডেটা অনুযায়ী, জেদ্দার বন্দরকে তাদের পরবর্তী গন্তব্য ঘোষণা করার পর একটি কার ক্যারিয়ারও (গাড়ি পরিবহনকারী জাহাজ) দৃশ্যত এডেন উপসাগরে নিজের গতিপথ পরিবর্তন করে। এর আগের দিন, চীন ও ভারতের জন্য তেল বহনকারী তিনটি ট্যাংকার লোহিত সাগর এড়িয়ে ইয়েমেনের উপকূলের কাছ দিয়ে যাওয়ার পরিবর্তে সুয়েজ খালের দিকে রওনা হয়েছিল। গত ২০শে জুলাই সৌদি আরবের বিরুদ্ধে 'নৌ-অবরোধ' বা সামুদ্রিক অবরোধের ঘোষণা দেয় ইয়েমেনের হুথি বিদ্রোহীরা। (বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## অনশন ভাঙবেন না সোনাম ওয়াংচুক, আন্দোলন চালিয়ে যাবে ককরোচ জনতা পার্টি

ভারতের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে চলমান অনশন ভাঙবেন না শিক্ষাবিদ ও পরিবেশকর্মী সোনাম ওয়াংচুক। তার এই বার্তার পরে আন্দোলন চালিয়ে যাওয়ার কথা জানিয়েছে ককরোচ জনতা পার্টিও। বুধবার বিকেলে সোনাম ওয়াংচুক একটি বিবৃতি প্রকাশ করে জানিয়েছেন যে, ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা তাকে আশ্বাস দিয়েছেন যে, ক্ষতিগ্রস্ত ছাত্রদের পরিবারকে সহায়তা ও ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার বিষয়টি তিনি 'বিবেচনা করে দেখবেন'। কিন্তু এতে সোনাম ওয়াংচুকের অনশন শেষ করা বা ককরোচ জনতা পার্টির আন্দোলন থামানোর কোনো ইঙ্গিত নেই। বরং সোমবার 'সংসদ অভিযান'-এর দু-দিন পরে বুধবার বিকেলেও যন্তর মন্তরে হাজির রয়েছেন শত শত আন্দোলনকারী; মাঝে মাঝেই উঠছে স্লোগান; প্ল্যাকার্ড হাতে জড়ো হচ্ছেন বিক্ষোভকারীরা। দিল্লির গরম, আর্দ্র আবহাওয়া ও মাঝেমধ্যেই কয়েক পশলা বৃষ্টি উপেক্ষা করেই মঞ্চের সামনে জমায়েত রয়েছেন ছাত্রছাত্রী ও অন্যান্য বিক্ষোভকারীরা। তাদের জন্য খাবার আর অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী বিভিন্ন 'ফুড ডেলিভারি অ্যাপ'-এর মাধ্যমে পৌঁছিয়ে দিচ্ছেন বেনামী ব্যক্তিরা দেশের নানা রাজ্য থেকে। খাবার নিয়ে আসছে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনও। অন্যদিকে এই বিক্ষোভ মোকাবিলা করার জন্য একাধিক পন্থা নিচ্ছে সরকারও। পশ্চিমবঙ্গে নির্বাচনের দায়িত্বে আসা কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনীর ২০ কোম্পানি সদস্যকে বিমানে উড়িয়ে নিয়ে আসা হয়েছে দিল্লিতে। বুধবারও বন্ধ রাখা হয়েছে দিল্লি মেট্রোর কয়েকটি স্টেশন। কিন্তু মঙ্গলবার ২১ জুলাই রাত পর্যন্ত ভারতের কেন্দ্রীয় সরকারের এই প্রতিবাদের প্রতি দৃষ্টিকোণ যে খুব একটা বদলায়নি, তা স্পষ্ট হয় রাত ১০টা ৫১ মিনিটে শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের করা একটি এক্স পোস্ট থেকে। সর্বভারতীয় ডাক্তারি প্রবেশিকা পরীক্ষা 'নিট'-এর প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়া এবং তার জেরে অন্তত ২০ জন পরীক্ষার্থীর আত্মহত্যার দায় নিয়ে এই মি. প্রধানেরই পদত্যাগ দাবি করছেন আন্দোলনকারীরা।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## মার্কিন হামলায় প্রায় তেরশ স্কুল ক্ষতিগ্রস্ত হয়েছে- দাবি ইরানের

সাম্প্রতিক মার্কিন হামলায় ইরানের এক হাজার ২৮৮টি স্কুল ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছেন দেশটির স্কুল সংস্কার, উন্নয়ন ও সরঞ্জাম সংস্থার প্রধান আলিরেজা খান মোহাম্মাদী। এর মধ্যে ১৬টি স্কুল এতটাই ক্ষতিগ্রস্ত হয়েছে যে, সেগুলো 'পুনরায় নির্মাণ' করা প্রয়োজন বলেও জানিয়েছেন তিনি। মি. মোহাম্মদীর বরাত দিয়ে ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনা জানিয়েছে, "সামান্য ক্ষতিগ্রস্ত হওয়া বাকি স্কুলগুলো মেরামত করা হয়েছে। বর্তমানে দেশের মাত্র ৪০টি স্কুল মেরামত করা বাকি আছে, যা সেপ্টেম্বরের মধ্যেই সম্পন্ন হবে।„
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## ভারতে নিট পরীক্ষার প্রশ্ন ফাঁস বিষয়ে সংসদে আলোচনা হবে : কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা

ভারতে মেডিকেল প্রবেশিকা পরীক্ষা নিট-এর প্রশ্ন ফাঁস বিষয়ে সংসদে আলোচনা চেয়ে গত তিনদিন ধরেই বর্ষাকালীন অধিবেশনে আওয়াজ তুলছিলেন বিরোধী সংসদ সদস্যরা। বিষয়টি নিয়ে সংসদে আলোচনা হবে বলে আজ ঘোষণা করেছিলেন সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু। অবশেষে স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা আনুষ্ঠানিকভাবে জানান যে, সরকার এই বিষয়টিকে অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখছে এবং এই বিষয় পদক্ষেপও নিশ্চিত করেছে। বুধবার সন্ধ্যায় দিল্লির বিজেপি কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, "সংসদে আপনারা কত সময় চান? সংক্ষিপ্ত আলোচনা, বিস্তারিত আলোচনা- যাই চান, সেটি সংসদের কার্য-উপদেষ্টা কমিটির মিটিংয়ে আপনারাই ঠিক করুন। বারো ঘণ্টা চান, আঠারো ঘণ্টা চান, বিরোধীরা যতই সময় চান না কেন, আমরা আলোচনার জন্য প্রস্তুত।„ বিরোধীদের বার্তা দিয়ে তিনি বলেন, "অভিযোগ পাল্টা অভিযোগ নয়, সমস্যার সমাধানে গঠনমূলক আলোচনা হওয়া উচিত এবং এই ক্ষেত্রে সরকারের সঙ্গে সঙ্গে বিরোধীদেরও দেশের ভবিষ্যতের কথা চিন্তা করে দায়িত্বশীল আলোচনায় আসতে হবে।„ যদিও তার প্রেস বার্তায় বিরোধীদের উপর অভিযোগও এনেছেন তিনি। তিনি উল্লেখ করেন, তেলেঙ্গানা ও ঝাড়খণ্ড রাজ্যে কংগ্রেস ও কংগ্রেসের সঙ্গে বিরোধীদের জোট সরকার আছে। এরপরও সেখানে প্রশ্নপত্র ফাঁসের ঘটনা সামনে এসেছে।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## বেসামরিক পারমাণবিক চুক্তি সই করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র ও সৌদি আরব

সৌদি আরবের সঙ্গে এমন একটি চুক্তি স্বাক্ষর করতে যাচ্ছে যুক্তরাষ্ট্র, যার মাধ্যমে দেশটি একটি বেসামরিক পারমাণবিক কর্মসূচি গড়ে তোলার সুযোগ পাবে- নিউ ইয়র্ক টাইমস একটি প্রতিবেদনে জানিয়েছে। এ খবর এমন সময় এলো, যখন উপসাগরীয় অঞ্চলের বৃহত্তম তেল রপ্তানিকারক সৌদি আরব এবং ইয়েমেনে ইরান-সমর্থিত হুথি বিদ্রোহীদের মধ্যে সংঘাত আবারও তীব্র আকার ধারণ করেছে। মঙ্গলবার নিউ ইয়র্ক টাইমস নাম প্রকাশে অনিচ্ছুক দুই মার্কিন কর্মকর্তার বরাত দিয়ে জানায়, ডোনাল্ড ট্রাম্প প্রশাসন বুধবার সৌদি আরবের সঙ্গে এই চুক্তি আনুষ্ঠানিকভাবে স্বাক্ষর ও ঘোষণা করার পরিকল্পনা করেছে। ট্রাম্প প্রশাসন জানিয়েছে, এই চুক্তির ফলে যুক্তরাষ্ট্রের পারমাণবিক শিল্পে কয়েক বিলিয়ন ডলারের আয় হবে। ওয়াল স্ট্রিট জার্নালের তথ্য অনুযায়ী, ৩০ বছরের এই চুক্তির একটি ধারায় বলা হয়েছে, যৌথ সমীক্ষায় প্রয়োজনীয়তা নিশ্চিত হলে মার্কিন কোম্পানিগুলো সৌদি আরবে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ স্থাপনা নির্মাণ করবে। তবে যুক্তরাষ্ট্রের দুই প্রধান রাজনৈতিক দলের কয়েকজন আইনপ্রণেতা এবং ইসরায়েলের কিছু কর্মকর্তা সৌদি আরবের জন্য বেসামরিক পারমাণবিক কর্মসূচি গড়ে তোলার বিরোধিতা করেছেন বলে জানা গেছে। তাদের আশঙ্কা, এই কর্মসূচি শেষ পর্যন্ত পারমাণবিক অস্ত্র উন্নয়নের কাজে ব্যবহৃত হতে পারে।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## আসামের বন্যায় ২৪ ঘন্টায় ২১ জনের মৃত্যু, ত্রাণ শিবিরে এক লাখের বেশি মানুষ

ভারতের আসামে বন্যায় বিগত ২৪ ঘণ্টায় ২১ জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে `আসাম স্টেট ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি, (এএসডিএমএ)। এক লাখেরও বেশি মানুষকে ত্রাণ শিবিরে নিয়ে যাওয়া হয়েছে। ডিব্রুগড়, কামরূপ, ধেমাজি, চরাইদেও, তিনসুকিয়া, শিবসাগর, লখিমপুর, জোড়হাট, গোলাঘাট-সহ ১৬টা জেলায় প্রায় পাঁচ লাখ ৪৬ হাজার ৬০০ জন ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে এএসডিএমএ-র রিপোর্টে উল্লেখ করা হয়েছে। এ নিয়ে এবছরে আসামের বন্যায় মৃতের সংখ্যা ৩১ জনে দাঁড়ালো। বন্যায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে শিবসাগর। সেখানে তিন লাখ ৫৯ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে। এরপরেই রয়েছে জোড়হাট, চরাইদেও, ডিব্রুগড় এবং গোলাঘাট। বন্যার জলে ৮৭২টা গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে ২৪ হাজার হেক্টরেরও বেশি ফসলি জমি। ভারতীয় সেনাবাহিনী, বিমানবাহিনী, এনডিআরএফ, এসডিআরএফ, পুলিশ ও স্থানীয় প্রশাসন একত্রে উদ্ধারের কাজে হাত লাগিয়েছে। আসামে বন্যার কারণে ৩০টিরও বেশি ট্রেন বাতিল করা হয়েছে বা পথ পরিবর্তন করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## সিকিমে তিস্তা জলবিদ্যুৎ প্রকল্পের টানেল ধসে নিহতের সংখ্যা বাড়লো, এখনো আটকে অনেকে

সিকিমের নামচি জেলার সামারডুং-এ নির্মীয়মাণ টানেলের একাংশ ধসে পড়ার ঘটনায় মৃতদের সংখ্যা আট থেকে বেড়ে অন্তত ১২ জনে দাঁড়িয়েছে। এখনো অনেক শ্রমিক সেখানে আটকে রয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে। সোমবার টানেলের একটা অংশ ধসে পড়ায় প্রবেশপথ বন্ধ হয়ে যায় তারপর থেকে উদ্ধারের কাজ চলছে। এই টানেল এনএইচপিসি-র তিস্তা জলবিদ্যুৎ প্রকল্পের অংশ। নিহতদের মধ্যে অনেকেই পশ্চিমবঙ্গ থেকে কাজ করতে যাওয়া শ্রমিক বলে স্থানীয় সংবাদমাধ্যমগুলো জানাচ্ছে। নামচি জেলার পুলিশ সুপার সোনম দোলমা বার্তাসংস্থা এএনআইকে বলেছেন, ”এখনো পর্যন্ত ১২ জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে। ১৩ থেকে ১৫ জন আটকে রয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে এবং তাদের উদ্ধার করার চেষ্টা চলছে। সিকিম পুলিশ, দমকল বিভাগ, এনডিআরএফ, এসডিআরএফ এবং কয়লা খনি বিশেষজ্ঞরা উদ্ধারকার্যে নিযুক্ত রয়েছেন।„ এনএইচপিসি এক বিবৃতিতে বলেছে যে, হঠাৎ মিথেন গ্যাস নির্গমনের কারণে এই দুর্ঘটনা ঘটেছে, যার ফলে ঘন ধোঁয়া ও বিষাক্ত গ্যাস বেরোতে শুরু করে। এনডিআরএফ কর্মকর্তা মহসিন শাহিদী সংবাদ সংস্থা এএনআইকে জানিয়েছেন যে, উদ্ধারকারী দলগুলো টানেলের একটা নির্দিষ্ট ২০০ মিটার দীর্ঘ অংশের ওপর মনোযোগ দিচ্ছে, যেখানে বাকি লোকজনের আটকে থাকার সম্ভাবনা রয়েছে। ঘটনার তদন্তের পাশাপাশি ক্ষতিগ্রস্তদের জন্য আর্থিক সাহায্যের বিষয়ে ঘোষণা করেছেন সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং। সোমবার আনুমানিক দুপুর দেড়টা নাগাদ ঘটনাটা ঘটে বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে। সেটা শ্রমিকদের দুপুরের খাবার খাওয়ার সময় ছিল। দু,জন কোনোমতে বের হয়ে বাঁচতে পারলেও ২৫জন টানেলের ভেতরে আটকে পড়েন।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

## আন্দোলনে দিল্লি পুলিশের 'বাড়াবাড়ি', ভিডিও ও সিসিটিভি ফুটেজ সংরক্ষণের নির্দেশ হাইকোর্টের

দিল্লিতে যন্তর মন্তরে বিক্ষোভকারীদের দমন করা সংক্রান্ত পুলিশের নথিপত্র, সিসিটিভি ফুটেজ ও ভিডিওচিত্র সংরক্ষণের নির্দেশ দিয়েছেন দিল্লি হাইকোর্ট। গত ২০ ও ২১ জুলাই দিল্লিতে যন্তর মন্তরে বিক্ষোভকারীদের ওপর পুলিশের বলপ্রয়োগের বিষয়ে জনস্বার্থে দায়ের করা দুটি মামলার প্রেক্ষিতে, বুধবার দিল্লি হাইকোর্ট কেন্দ্রীয় সরকার ও দিল্লি পুলিশকে এই নির্দেশ দেন। প্রধান বিচারপতি দেবেন্দ্র কুমার উপাধ্যায় এবং বিচারপতি তেজস কারিয়ার বেঞ্চ বলেছে যে, আবেদনকারীরা যে-সব ঘটনার কথা তুলে ধরেছেন, সেগুলো কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। পুলিশকে আদালত

বলেছেন, ”তাদের (আন্দোলনকারীদের) ব্যক্তিগত অভিযোগ দায়ের করার জন্য পুলিশের কাছে যেতে বলাটা আপনাদের (পুলিশের) হয়ত সঠিকই ছিল। কিন্তু এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়।„ ”বিবাদীদের পক্ষ থেকে চার সপ্তাহের মধ্যে পাল্টা হলফনামা দাখিল করার নির্দেশ দেওয়া হলো। আবেদনকারীদের প্রত্যুত্তর বা 'রিজয়ন্ডার' দাখিলের জন্য দুই সপ্তাহ সময় দেওয়া হলো।„ একইসঙ্গে আদালত নির্দেশ দিয়েছেন, রিট পিটিশনে উল্লিখিত ঘটনার সাথে সংশ্লিষ্ট নথিপত্র, যার মধ্যে সিসিটিভি ফুটেজ ও ভিডিওচিত্র (যদি থাকে) অন্তর্ভুক্ত, তা পুলিশের জারি করা 'স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর' বা প্রমিত কার্যপদ্ধতি অনুযায়ী সংরক্ষণ করতে হবে। বিষয়টি নিয়ে ১১ সেপ্টেম্বর পুনরায় শুনানি হবে।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## গাজী নজরুল ইসলামকে জামায়াতে ইসলামী থেকে বহিষ্কার

নৈতিক স্খলন প্রমাণিত হওয়ায় সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে বাংলাদেশ জামায়াতে ইসলামী থেকে বহিষ্কার করা হয়েছে। আজ (বুধবার) বিকেলে দলের কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি এহসানুল মাহবুব জুবায়েরের পাঠানো এক বিবৃতিতে এটি জানানো হয়েছে। বিবৃতিতে বলা হয়, আজ বিকেল ৪টায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের এক জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়। রাজধানীর মিন্টু রোডস্থ বিরোধীদলীয় নেতার সরকারি বাসভবনে অনুষ্ঠিত এই বৈঠকে সভাপতিত্ব করেন সংগঠনের আমির ডা. শফিকুর রহমান। বৈঠকে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন। বৈঠকে সম্প্রতি সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে নিয়ে বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত ঘটনার বিষয়ে আলোচনা হয়। দলের সাংগঠনিক তদন্তে নৈতিক স্খলন প্রমাণিত হওয়ায় গঠনতন্ত্রের ৬২ নং ধারা অনুযায়ী তাকে বাংলাদেশ জামায়াতে ইসলামী থেকে বহিষ্কারের সিদ্ধান্ত গৃহীত হয়। একই সঙ্গে তাকে সংগঠন থেকে বহিষ্কারের বিষয়টি বাংলাদেশ নির্বাচন কমিশনকে অবিলম্বে অবহিত করার সিদ্ধান্ত নেওয়া হয়। সাতক্ষীরা-৪ আসনের জামায়াতে ইসলামীর প্রবীণ সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে ঘিরে একাধিক আপত্তিকর ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। সম্প্রতি ঢাকার মগবাজার এলাকার একটি শয়ন কক্ষ থেকে সিসিটিভি ও মোবাইল ক্যামেরায় ধারণ করা ওই ভিডিওগুলোতে এক তরুণীর সঙ্গে অন্তরঙ্গ অবস্থায় দেখা যায় তাকে। এ নিয়ে গতকাল মঙ্গলবার দেশজুড়ে ব্যাপক তোলপাড় সৃষ্টি হয়। সামাজিক ও গণমাধ্যমগুলোতে বিষয়টি ফলাও করে প্রচার করা হয়। গত সোমবার রাতে ভাইরাল হওয়া প্রথম ভিডিওকে দলীয় সমর্থকদের অনেকে এআই দিয়ে তৈরি করা দাবি করলেও পরে এমপি নিজেই তার ব্যাখ্যা দেন। তিনি আলোচিত মরিয়ম খাতুন নামে তরুণীকে নিজের দ্বিতীয় স্ত্রী বলে দাবি করেন। তবে জামায়াত এমপির বিয়ে ও ভার্চুয়াল জগতে ছড়িয়ে পড়া কাবিননামা নিয়ে ধূম্রজাল সৃষ্টি হয়েছে। ১৭ জুন বিয়ে করেছেন বলে এমপি গাজী নজরুল ইসলাম দাবি করলেও কোথায় বিয়ে সম্পন্ন হয়েছে তা কাবিননামা নিবন্ধনকারী কাজী জানেন না। কাজী জানিয়েছেন তার সঙ্গে যোগাযোগ করা হয়েছে গত পরশু (সোমবার) দিবাগত রাতে। তারপরই ঢাকা থেকে ফোনে দেওয়া তথ্য দিয়ে তিনি কাবিননামা প্রস্তুত করেছেন।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ নারগীস)

## জর্ডান ও বাহরাইনে মার্কিন ঘাঁটিতে ফের ইরানি ড্রোনের বিধ্বংসী হামলা

ইরানি সেনাবাহিনী `লাইটনিং, (সায়েকেহ/বজ্রপাত) অভিযানের সর্বশেষ ধাপে ব্যাপক ড্রোন হামলা চালিয়ে জর্ডান ও বাহরাইনে অবস্থিত মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটিগুলোকে লক্ষ্যবস্তু করেছে। ইরানি সেনাবাহিনীর জনসংযোগ বিভাগ এক বিবৃতিতে জানিয়েছে, নতুন দফার ড্রোন হামলা এবং `লাইটনিং, অভিযানের ২২তম ধাপে আজ বুধবার ভোরে জর্ডানের আল-আজরাক ঘাঁটিতে অবস্থানরত মার্কিন সেনাবাহিনীর আবাসন ও বিনোদন সুবিধা এবং সরঞ্জাম সংরক্ষণাগারগুলো লক্ষ্য করে হামলা চালানো হয়েছে। সেনাবাহিনী আরও জানায়, তাদের আরাশ ধ্বংসাত্মক ড্রোন বাহরাইনের শেখ ঈসা ঘাঁটিতে অবস্থানরত মার্কিন সেনাবাহিনীর বড় আকারের সরঞ্জাম গুদাম, হ্যাঙ্গার এবং ভারী যুদ্ধবিমানের রক্ষণাবেক্ষণ ও মেরামত হ্যাঙ্গারগুলোতেও হামলা চালিয়েছে। ইরানি সেনাবাহিনী জানিয়েছে, অভিযানের এই ধাপটি দক্ষিণ ইরানের বীর ও দৃঢ়চেতা জনগণের প্রতি উৎসর্গ করা হয়েছে। একই সঙ্গে তারা জোর দিয়ে বলেছে, জনগণের সমর্থন এবং শহীদ সর্বোচ্চ নেতা (আয়াতুল্লাহ খামেনেয়ীর) ও কমান্ডারের আদর্শের প্রতি নবায়িত অঙ্গীকারে বলীয়ান হয়ে তাদের বাহিনী চূড়ান্ত বিজয় অর্জিত না হওয়া পর্যন্ত দৃঢ়ভাবে নিজেদের দায়িত্ব পালন করে যাবে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ নারগীস)

## ইরানের সঙ্গে যুদ্ধে আহত মার্কিন সেনার সংখ্যা ৫০০ ছাড়িয়েছেঃ মার্কিন কর্মকর্তার স্বীকারোক্তি

এক মার্কিন কর্মকর্তা স্বীকার করেছেন, ইরানের সঙ্গে সংঘাতে আহত মার্কিন সেনাসদস্যের সংখ্যা ৫০০ জনেরও বেশি হয়েছে। মেহর নিউজ এজেন্সির বরাতে পার্সটুডে জানিয়েছে, মার্কিন সংবাদমাধ্যম অ্যাসোসিয়েটেড প্রেস এক মার্কিন কর্মকর্তার উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, ইরানের সঙ্গে যুদ্ধে আহত মার্কিন সেনাদের সংখ্যা ৫০০ ছাড়িয়ে গেছে। এর আগে অ্যাসোসিয়েটেড প্রেস আরও জানিয়েছিল, ইরানের সঙ্গে সংঘাতে নিহত মার্কিন সেনাসদস্যের সংখ্যা বেড়ে ১৭

জনে পৌঁছেছে। এদিকে, অঞ্চলে ইরানের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় মার্কিন বাহিনীর প্রকৃত ক্ষয়ক্ষতির সরকারি পরিসংখ্যান কঠোরভাবে গোপন রাখা হচ্ছে বলে দাবি করা হয়েছে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ নারগীস)

### জর্ডান থেকে মার্কিন সেনা প্রত্যাহার ও নিরাপত্তা চুক্তি বাতিলের আহ্বান বিশিষ্টজনদের

আজ (বুধবার) ভোরে জর্ডানের বেশ কয়েকজন বিশিষ্ট রাজনৈতিক, সাংস্কৃতিক, জাতীয় ও উপজাতীয় ব্যক্তিত্ব এক যৌথ বিবৃতিতে দেশ থেকে বিদেশি সেনা প্রত্যাহারের দাবি জানিয়েছেন। বিবৃতিতে তারা জর্ডানের জাতীয় সার্বভৌমত্ব রক্ষার ওপর গুরুত্বারোপ করে সরকারের প্রতি যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত নিরাপত্তা ও সামরিক চুক্তি বাতিল করার অথবা তা সীমিত করার জন্য পার্লামেন্টে উপস্থাপনের আহ্বান জানান। আল-মায়াদিন টেলিভিশনের বরাতে বিবৃতিতে বলা হয়, "জর্ডানের ভূখণ্ডে বিদেশি সেনাদের উপস্থিতি দেশটিকে এমন নিরাপত্তা, রাজনৈতিক ও অর্থনৈতিক ঝুঁকির মুখে ফেলছে, যার কোনো উপকার জর্ডানের নেই।„ তারা আরও বলেন, বিদেশি সেনাদের উপস্থিতি জর্ডানকে এমন একটি আঞ্চলিক সংঘাতে জড়িয়ে পড়ার ঝুঁকি বাড়াচ্ছে, যার কোনো পক্ষ দেশটি নয়।

বিবৃতিতে জোর দিয়ে বলা হয়, জর্ডানের কৌশলগত স্থাপনাগুলোকে নিরপেক্ষ রাখতে হবে এবং অঞ্চলটির জনগণের বিরুদ্ধে পরিচালিত কোনো সামরিক অভিযানে সেগুলো ব্যবহার করা যাবে না। বিবৃতিতে বলা হয়, ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের যুদ্ধের পক্ষ জর্ডান নয়। তাই এ যুদ্ধের পরিণতি জর্ডানের জনগণের ওপর চাপিয়ে দেওয়া কিংবা এমন নীতির মূল্য জনগণকে দিতে বাধ্য করা উচিত নয়, যা তাদের জাতীয় স্বার্থের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। বিবৃতিতে আরও বলা হয়, এই যুদ্ধে জর্ডানের নিরপেক্ষতা নিশ্চিত করতে এবং যুক্তরাষ্ট্রের ছায়াতলে পক্ষপাতমূলক অবস্থানের ঝুঁকি থেকে দেশকে মুক্ত রাখতে সরকারকে অবিলম্বে কার্যকর পদক্ষেপ নিতে হবে। সবশেষে তারা বলেন, জর্ডানের উচিত এমন একটি প্রকৃত নিরপেক্ষতার নীতি গ্রহণ করা, যার ভিত্তি হবে- সংঘাতের কোনো পক্ষের স্বার্থে কোনো ধরনের সামরিক বা লজিস্টিক সহায়তায় অংশ না নেওয়া।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২২.০৭.২০২৬ নারগীস)

## এনএইচকে

### ইরান ও হুথিদের বিরুদ্ধে আরও হুমকি দিয়েছেন ট্রাম্প

মধ্যপ্রাচ্যের গুরুত্বপূর্ণ নৌপথগুলোকে ঘিরে উত্তেজনা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে যুক্তরাষ্ট্র ও ইরান একে অপরকে হুমকি দিচ্ছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান একটি কূটনৈতিক সমাধানের পথ খুঁজছে, কিন্তু ওয়াশিংটন আলোচনার জন্য প্রস্তুত নয়। মঙ্গলবার হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ট্রাম্প বলেন, 'পর্দার আড়ালে' কী ঘটছে, জনগণ তা জানে না। তিনি বলেন, "ইরান মরিয়া হয়ে আলোচনা করতে চাইছে। তবে অর্থবহ আলোচনার জন্য তারা প্রস্তুত না হওয়া পর্যন্ত আমাদের কোনো আগ্রহ নেই।„ ইরানের মেহর নিউজ এজেন্সি জানিয়েছে যে, ইরানি বাহিনী হরমুজ প্রণালিতে একটি কুয়েতি তেল ট্যাঙ্কার আটক করেছে। তারা আরও জানায় যে, গত ২৪ ঘণ্টায় তিনটি ট্যাংকারে তারা হামলা চালায় এবং ইরানের `সমন্বয়, ছাড়া কোনো জাহাজ সেই পথ পার হতে পারছে না। কুয়েতের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে যে, প্রণালিতে তাদের একটি তেল ট্যাংকারে ইরান হামলা চালালে বেশ কয়েকজন নাবিক আহত হন। ইয়েমেনের হুথি বিদ্রোহীরা সোমবার সৌদি আরবের বিরুদ্ধে একটি নৌ অবরোধ ঘোষণা করেছে। লোহিত সাগরের প্রবেশদ্বার বাব এল-মানদেব প্রণালি দিয়ে জাহাজ চলাচলের উপর কী প্রভাব পড়বে, তা নিয়ে উদ্বেগ দেখা দিয়েছে। ট্রাম্প দাবি করেছেন, এখন পর্যন্ত এমন কিছু ঘটেনি এবং ইরান-সমর্থিত গোষ্ঠীটি এই পরিকল্পনা এগিয়ে নিলে ওয়াশিংটন এর জবাব দেবে এবং ব্যবস্থা গ্রহণ করবে বলে তিনি সতর্ক করে দেন। (এনএইচকে ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### নৈতিক স্খলনের দায়ে জামায়াত এমপিকে বহিষ্কার

নৈতিক স্খলন প্রমাণিত হওয়ায় সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে জামায়াতে ইসলামী থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ বুধবার বিকেলে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদের এক জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত হয়। জামায়াতের ভেরিফায়েড ফেসবুকে পেজে দেওয়া পোস্ট উদ্ধৃত করে বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানায়, রাজধানীর মিন্টু রোডে বিরোধীদলীয় নেতার সরকারি বাসভবনে অনুষ্ঠিত এ বৈঠকে সভাপতিত্ব করেন সংগঠনের আমির ডা. শফিকুর রহমান। বৈঠকে কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন। ফেসবুক পোস্টে আরো বলা হয়, সম্প্রতি সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে নিয়ে বিভিন্ন মিডিয়ায় প্রকাশিত খবরের বিষয়ে সাংগঠনিক তদন্তে তার নৈতিক স্খলন প্রমাণিত হওয়ায় তাকে গঠনতন্ত্রের ৬২ নম্বর ধারা অনুযায়ী বাংলাদেশ জামায়াতে ইসলামী থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়। একইসঙ্গে তাকে সংগঠন থেকে বহিষ্কারের বিষয়টি বাংলাদেশ নির্বাচন কমিশনকে অবিলম্বে অবহিত করার সিদ্ধান্ত হয় বৈঠকে। গত সোমবার রাতে সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের একটি ভিডিও সামাজিক মাধ্যমে

ছড়িয়ে পড়ে। ভিডিওতে একটি কক্ষে এক নারীর সঙ্গে গাজী নজরুল ইসলামকে ঘনিষ্ঠ অবস্থায় দেখা যায়। মঙ্গলবার এক লিখিত বিবৃতিতে সামাজিক মাধ্যমে ছড়ানো তথ্যকে 'মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত' দাবি করেন গাজী নজরুল ইসলাম। তিনি দাবি করেন, ভিডিওতে যে নারীকে দেখা গেছে, তিনি তার দ্বিতীয় স্ত্রী। গত ১৭ জুন পারিবারিকভাবে এবং প্রথম স্ত্রীর সম্মতিতে তাদের বিয়ে হয়েছে বলেও দাবি করেন গাজী নজরুল। বিবৃতিতে ঘটনার বিবরণ দিয়ে তিনি বলেন, গত ১৩ জুলাই তিনি দুই স্ত্রীকে নিয়ে রাজধানীর মগবাজারে দ্বিতীয় স্ত্রীর বাবার ব্যবসাপ্রতিষ্ঠানে যান। সেখানে অবস্থানকালে তার গাড়িচালক এবং দ্বিতীয় স্ত্রীর মামা বাইরে থেকে কয়েকজন অপরিচিত ব্যক্তিকে নিয়ে ওই কক্ষে প্রবেশ করেন। তারা সেখানে তাকে জিম্মি করে এক লাখ টাকা আদায় করেন এবং পরে আরো কয়েক লাখ টাকা দাবি করেন। টাকা দিতে অস্বীকৃতি জানালে নানা ধরনের হুমকি দেওয়া হয়। বিষয়টিকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত দাবি করে তিনি আরো বলেন, তাদের বৈধ বৈবাহিক সম্পর্ককে একটি রাজনৈতিক মহল হেয় করার জন্য বিবাহবহির্ভূত সম্পর্ক হিসেবে প্রচার করছে। তবে, দ্বিতীয় স্ত্রীর মামা কেন তাকে জিম্মি করে টাকা দাবি করেছেন, সে বিষয়ে বিবৃতিতে কিছু বলা হয়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রনি)

## পাসপোর্ট সূচকে তিন ধাপ এগিয়ে বাংলাদেশ এখন উত্তর কোরিয়ার সঙ্গে একই অবস্থানে

বিশ্বের সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট সূচকে তিন ধাপ এগিয়ে বাংলাদেশ এখন উত্তর কোরিয়ার সঙ্গে একই অবস্থানে। দুই দেশই এখন ৯৭তম। শীর্ষস্থান ধরে রেখেছে সিঙ্গাপুর। সবার নিচে রয়েছে আফগানিস্তান। যুক্তরাজ্য-ভিত্তিক প্রতিষ্ঠান হেনলি অ্যান্ড পার্টনার্স নিজেদের ওয়েবসাইটে এসব তথ্য জানিয়েছে। ওয়েবসাইটে বলা হয়, কোনো দেশের পাসপোর্ট দিয়ে আগাম ভিসা ছাড়া কিংবা ভিসামুক্ত সুবিধা নিয়ে কয়টি দেশে যাওয়া যায়, তার ওপর ভিত্তি করে 'শক্তিশালী' পাসপোর্টের এই সূচক নির্ধারণ করা হয়েছে। এ ক্ষেত্রে বিবেচনায় নেওয়া হয়েছে বিশ্বের ১৯৯টি দেশের পাসপোর্ট ও ২২৭টি ভ্রমণ-গন্তব্য। হেনলি অ্যান্ড পার্টনার্সের ওয়েবসাইটে আরো বলা হয়, এখন বাংলাদেশ ও উত্তর কোরিয়ার পাসপোর্ট নিয়ে আগাম ভিসা ছাড়া কিংবা ভিসামুক্ত সুবিধা নিয়ে বিশ্বের ৩৫টি দেশে ভ্রমণ করা যায়। গত বছর বাংলাদেশের পাসপোর্ট নিয়ে এভাবে বিশ্বের ৩৭টি দেশে ভ্রমণ করা যেতো। তখন সূচকে বাংলাদেশের অবস্থান ছিল ১০০তম আর উত্তর কোরিয়ার ৯৯তম।

## দক্ষিণ এশিয়ায় সবার সেরা মালদ্বীপ, তারপরই ভারত

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট মালদ্বীপের। তাদের অবস্থান এখন ৫২তম। মালদ্বীপের পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ৯৩টি দেশে ভ্রমণ করতে পারেন। এরপরই ভারতের অবস্থান (৮১তম)। ভারতীয় পাসপোর্টধারীরা ৫৫টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন। ৮৮তম অবস্থানে থাকা ভুটানের পাসপোর্টধারীরা ৪৭টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন। মিয়ানমার আছে ৯১তম অবস্থানে। সে দেশের পাসপোর্ট নিয়ে আগাম ভিসা ছাড়া ৪৩টি দেশে ভ্রমণ করা যায়। সবচেয়ে শক্তিশালী পাসপোর্টের সূচকে শ্রীলঙ্কা আছে ৯৪তম অবস্থানে। দেশটির পাসপোর্টধারীরা ৩৯টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন। বাংলাদেশের ঠিক পরে, অর্থাৎ ৯৮তম অবস্থানে রয়েছে নেপাল। নেপালের পাসপোর্ট থাকলে আগাম ভিসা ছাড়া ৩৪টি দেশে যাওয়া যায়। পাকিস্তান রয়েছে ১০১তম অবস্থানে। দেশটির পাসপোর্টধারীরা ২৯টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন। পাসপোর্টের সূচকে সারা বিশ্বের মধ্যে সবচেয়ে নিচে রয়েছে আফগানিস্তান। তাদের অবস্থান ১০৪তম। আফগানিস্তানের পাসপোর্ট নিয়ে ২২টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করা যায়। পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে রয়েছে মধ্যপ্রাচ্যের দুই দেশ- সিরিয়া (১০৩তম) ও ইরাক (১০২তম)। সিরিয়ার পাসপোর্টধারীরা ২৫টি দেশে এবং ইরাকের পাসপোর্টধারীরা ২৮টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন।

## সেরা যারা

এ বছরের সূচকে শীর্ষ অবস্থানে আছে সিঙ্গাপুর। দেশটির পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ১৯২টি দেশ ভ্রমণ করতে পারেন। দ্বিতীয় অবস্থানে আছে এশিয়ার আরো তিন দেশ- জাপান, দক্ষিণ কোরিয়া ও সংযুক্ত আরব আমিরাত (ইউএই)। ১৮৮টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন এ তিন দেশের পাসপোর্টধারীরা। সূচকে তৃতীয় অবস্থানে আছে ইউরোপের দেশ সুইডেন। দেশটির পাসপোর্টধারীরা ১৮৭টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন। চতুর্থ অবস্থানে আছে ইউরোপেরই ১১টি দেশ, সেগুলো হলো বেলজিয়াম, ডেনমার্ক, ফিনল্যান্ড, ফ্রান্স, জার্মানি, আয়ারল্যান্ড, ইটালি, লুক্সেমবুর্গ, নেদারল্যান্ডস, নরওয়ে ও স্পেন। এই ১১টি দেশের পাসপোর্ট নিয়ে ১৮৬টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করা যায়। এবারের সূচকে পঞ্চম অবস্থানে আছে পাঁচটি দেশ। অস্ট্রিয়া, গ্রিস, মাল্টা, পর্তুগাল ও সুইজারল্যান্ড। এই পাঁচ দেশের পাসপোর্টধারীরা ১৮৫টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন। হাঙ্গেরি, পোল্যান্ড ও যুক্তরাজ্য আছে ষষ্ঠ অবস্থানে। এসব দেশের পাসপোর্টধারীরা ১৮৪টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন। সূচকে সপ্তম অবস্থানে থাকা আটটি দেশ অস্ট্রেলিয়া, ক্যানাডা, চেক প্রজাতন্ত্র, লাটভিয়া, মালয়েশিয়া, নিউজিল্যান্ড, স্লোভাকিয়া ও স্লোভেনিয়ার পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন ১৮৩টি দেশে। অষ্টম অবস্থানে থাকা ক্রোয়েশিয়া ও এস্তোনিয়ার পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ১৮২টি দেশে ভ্রমণ করতে

পারেন। সূচকে নবম অবস্থানে আছে দুটি দেশ- লিশটেনস্টেইন ও লিথুয়ানিয়া। দেশ দুটির পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন ১৮১টি দেশে। সূচকে দশম অবস্থানে থাকা আইসল্যান্ড ও যুক্তরাষ্ট্রের পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন ১৮০টি দেশে।

### ব্রাজিল, আর্জেন্টিনা পাশাপাশি

ফুটবলের পরাশক্তি হিসেবে পরিচিত লাতিন আমেরিকার দুই দেশ ব্রাজিল ও আর্জেন্টিনা একই অবস্থানে (১৬তম) আছে। দেশ দুটির পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন ১৬৯টি দেশে। যুদ্ধরত ইউক্রেন ও রাশিয়া আছে যথাক্রমে ৩১তম ও ৪২তম অবস্থানে। ইউক্রেনের পাসপোর্টধারীরা ১৪২টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন। রাশিয়ার পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন ১১৪টি দেশে। এবারের সূচকে ইসরায়েলের অবস্থান ১৮তম। দেশটির পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ১৬৬টি দেশে ভ্রমণ করতে পারেন। ইরান আর ফিলিস্তিনের অবস্থান ৯৬তম। তারা আগাম ভিসা ছাড়া ৩৭টি দেশে যেতে পারেন। মধ্যপ্রাচ্যের প্রভাবশালী দেশ সৌদি আরবের অবস্থান ৫৪তম। কসভোর সঙ্গে যৌথভাবে ৬০তম অবস্থানে থাকা চীনের পাসপোর্টধারীরা ৮৩টি দেশে আগাম ভিসা ছাড়াই ভ্রমণ করতে পারেন। ৮৭তম অবস্থানে আছে হাইতি ও ভিয়েতনাম।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রনি)

## জাগো নিউজ

### পোশাকশিল্পের বিকাশে সব ধরনের সহযোগিতা দেবে সরকার : প্রধানমন্ত্রী

দেশের তৈরি পোশাক শিল্পের উন্নয়ন ও বিকাশে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা দেওয়ার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ খাতের অগ্রযাত্রায় প্রতিবন্ধকতা দূর করতে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনাও দেন তিনি। বুধবার (২২ জুলাই) বিকেলে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকে তিনি ব্যবসায়ীদের এ আশ্বাস দেন। বৈঠকে বিজিএমইএ প্রতিনিধিরা পোশাক শিল্পের বিদ্যমান নানান সমস্যা ও চ্যালেঞ্জ তুলে ধরেন। পাশাপাশি খাতটির স্বল্প ও দীর্ঘমেয়াদি উন্নয়নের জন্য কয়েকটি দাবি ও প্রস্তাব প্রধানমন্ত্রীর কাছে উপস্থাপন করেন। প্রধানমন্ত্রী মনোযোগ দিয়ে ব্যবসায়ী নেতাদের বক্তব্য শোনেন এবং যে-সব সমস্যা দ্রুত সমাধান করা সম্ভব, সেগুলো নিরসনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অন্য বিভাগগুলোর সমন্বয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। প্রধানমন্ত্রী ব্যবসায়ীদের উদ্দেশ্যে বলেন, আপনাদের সমস্যাগুলো সমাধানে সরকার এরই মধ্যে কাজ শুরু করেছে। এগুলোর অনেকগুলোই দীর্ঘদিনের পুঞ্জীভূত সমস্যা। তবে যে-সব সমস্যা এখনই সমাধান করা যায়, সেগুলোতে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে। দেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি তৈরি পোশাক শিল্পের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সরকার অবকাঠামো উন্নয়নসহ প্রয়োজনীয় উদ্যোগ বাস্তবায়ন করছে বলেও উল্লেখ করেন তিনি। সরকারপ্রধান বলেন, পোশাক শিল্পের বিকাশে অবকাঠামোগত উন্নয়নের কাজ শুরু হয়েছে। এ উন্নয়ন সম্পন্ন হলে দেশের অর্থনীতিতে আরও গতি আসবে এবং বাংলাদেশ সমৃদ্ধির পথে আরও এগিয়ে যাবে। আমরা এ শিল্পের টেকসই উন্নয়নে আন্তরিকভাবে কাজ করছি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

### বেসরকারি ব্যবস্থাপনায় হজের সর্বনিম্ন খরচ ৫ লাখ ১৩ হাজার ৫৪৫ টাকা

বেসরকারি ব্যবস্থাপনায় আগামী বছর (২০২৭ সাল) হজ পালনে ৩টি প্যাকেজ ঘোষণা করা হয়েছে। এর মধ্যে সাশ্রয়ী প্যাকেজ-৩ এ সর্বনিম্ন খরচ ধরা হয়েছে ৫ লাখ ১৩ হাজার ৫৪৫ টাকা। অন্যদিকে উন্নত সুবিধার বিশেষ প্যাকেজের (প্যাকেজ-১) খরচ নির্ধারণ করা হয়েছে ৭ লাখ ৯১ হাজার ৬০ টাকা। সাধারণ প্যাকেজের (প্যাকেজ-২) মাধ্যমে হজ পালনে ব্যয় হবে ৫ লাখ ৯৫ হাজার ৫৮০ টাকা। বুধবার (২২ জুলাই) রাজধানীর নয়াপল্টনে একটি হোটেলে হজ এজেন্সিস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)-এর সভাপতি সৈয়দ গোলাম সারওয়ার হজ প্যাকেজ ঘোষণা করেন। এসময় মহাসচিব ফরিদ আহমেদ মজুমদার উপস্থিত ছিলেন। হাব সভাপতি বলেন, বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের জন্য ৩টি হজ প্যাকেজ করা হয়েছে। হজ প্যাকেজ-১ (বিশেষ) এর সর্বমোট মূল্য ৭ লাখ ৯১ হাজার ৬০ টাকা, হজ প্যাকেজ-২ (সাধারণ) এর সর্বমোট মূল্য ৫ লাখ ৯৫ হাজার ৫৮০ টাকা ও হজ প্যাকেজ-৩ (সাশ্রয়ী)-এর সর্বমোট মূল্য ৫ লাখ ১৩ হাজার ৫৪৫ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়াও এজেন্সিগুলো হজযাত্রীর চাহিদা অনুযায়ী আরও ১টি অতিরিক্ত বিশেষ প্যাকেজ নির্ধারণ করতে পারবেন। প্রতি সৌদি রিয়াল ৩৩ টাকা ২০ পয়সা ধরে প্যাকেজ নির্ধারণ করা হয়েছে। পরে সৌদি রিয়ালের রেটে কোনো পরিবর্তন এলে তা প্যাকেজ মূল্যের সঙ্গে সমন্বয় করা হবে বলেও জানিয়েছেন হাব সভাপতি। চলতি বছর বেসরকারিভাবে হজ পালনেও ৩টি প্যাকেজ ছিল। বিশেষ হজ প্যাকেজে খরচ হয় ৭ লাখ ৫০ হাজার টাকা। সাধারণ প্যাকেজের মাধ্যমে হজ পালনে ব্যয় হয় সর্বমোট ৫ লাখ ৫০ হাজার টাকা এবং সাশ্রয়ী হজ প্যাকেজের খরচ ধরা হয়েছিল ৫ লাখ ১০ হাজার টাকা।

(জাগো নিউজ ঈয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## রেলওয়ের মালামাল চুরি, বাড়ানো হচ্ছে গোয়েন্দা তৎপরতা

বাংলাদেশ রেলওয়ের ঢাকা-জয়দেবপুর সেকশন ও পদ্মা-ভাঙা সেকশনসহ বিভিন্ন স্টেশনে রেলওয়ের মালামাল চুরি হচ্ছে। এসব সেকশনসহ সব জায়গায় গোয়েন্দা তৎপরতা বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া ট্রেনের কোচের অভ্যন্তরে অপরাধ নিয়ন্ত্রণে রেলওয়ে পুলিশকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়েও বলা হয়েছে। সম্প্রতি রেলভবনে অনুষ্ঠিত মাসিক পরিচালন পর্যালোচনা সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক মো. আফজাল হোসেনের সভাপতিত্বে সভায় ২০২৫-২৬ অর্থবছরের আয়ের লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব অর্জনের সব বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে। পশ্চিমাঞ্চলের ট্রেনসমূহ স্ট্যান্ডার্ড কম্পোজিশন অনুযায়ী পরিচালনার ব্যবস্থা গ্রহণ, স্ক্রাপ বাবদ রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে আহ্বানকৃত দরপত্রগুলো দ্রুত নিষ্পত্তি করা, স্ক্রাপ আর্নিং কমার যথাযথ কারণ রেলভবনে প্রেরণের সিদ্ধান্ত হয়। এছাড়া নবনির্মিত স্টেশনসমূহের দোকান বরাদ্দের লক্ষ্যে উন্মুক্ত দরপত্র আহ্বানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং নাজিরহাট লোকাল ট্রেন কমিউটার ট্রেনে উন্নীত করার ব্যবস্থা গ্রহণের বিষয়েও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## এক নারীর ভিসায় আরেক নারীকে ইতালি পাঠানোয় রিমান্ডে ২, কারাগারে ৫

একজনের ভিসা ব্যবহার করে অন্য ব্যক্তিকে ইতালিতে পাঠানোর অভিযোগে করা মানবপাচার ও অভিবাসী চোরাচালান প্রতিরোধ আইনের মামলায় বেলায়েত হোসেন ও নাজমুল হাসানকে দুইদিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত। অপর পাঁচ আসামি- মেহেদী হাসান, কাওসার হোসেন, মো. সোলাইমান সুমন, মো. তৌহিদুর রহমান ও ফজলে রাব্বীর রিমান্ড ও জামিন আবেদন নামঞ্জুর করে তাদের কারাগারে পাঠানোর আদেশ দেওয়া হয়েছে। মঙ্গলবার (২১ জুলাই) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রৌনক জাহান শুনানি শেষে এ আদেশ দেন। ঢাকা মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগের উপ-পরিদর্শক (এসআই) তাহমিনা আক্তার বিষয়টি নিশ্চিত করেছেন। মামলার তদন্ত কর্মকর্তা গুলশান থানার উপ-পরিদর্শক (এসআই) তনুনন্দন রুরাম আদালতে সাত আসামিকে হাজির করে প্রত্যেকের সাতদিনের রিমান্ড আবেদন করেন। অন্যদিকে আসামিপক্ষের আইনজীবীরা রিমান্ড বাতিল ও জামিন চেয়ে আবেদন করেন। শুনানি শেষে আদালত দু-জনের রিমান্ড মঞ্জুর এবং পাঁচজনকে কারাগারে পাঠানোর আদেশ দেন। মামলার এজাহারে বলা হয়, ভুক্তভোগী তাসলিমা আক্তারের স্বামী দীর্ঘদিন ধরে ইতালিতে বসবাস করছেন। স্বামীর কাছে চার সন্তানকে নিয়ে ইতালিতে যাওয়ার উদ্দেশ্যে তিনি ইতালির দূতাবাসে প্রয়োজনীয় কাগজপত্র ও পাসপোর্ট জমা দেন। দীর্ঘদিন পাসপোর্ট দূতাবাসে থাকায় সেটির মেয়াদ শেষ হলে নবায়নের জন্য তা ফেরত নিতে গেলে নাজমুল হাসানের সঙ্গে তার পরিচয় হয়। নিজেকে দ্রুত পাসপোর্ট নবায়ন ও ইতালির ভিসা করিয়ে দিতে সক্ষম ব্যক্তি হিসেবে পরিচয় দিয়ে নাজমুল তাকে গুলশান-১ এলাকার একটি ট্রাভেল এজেন্সিতে নিয়ে যান। সেখানে প্রতিষ্ঠানটির প্রধান বেলায়েত হোসেনের সঙ্গে তার পরিচয় করিয়ে দেওয়া হয়। পরে ইতালির ভিসা পাইয়ে দেওয়ার আশ্বাস দিয়ে ভুক্তভোগীর সঙ্গে আর্থিক চুক্তি করা হয়। এজাহারে আরও উল্লেখ করা হয়, ভিসা হয়ে যাওয়ার পর নাজমুল চুক্তি অনুযায়ী টাকা দাবি করেন। টাকা পরিশোধে বিলম্ব হওয়ায় তিনি ভুক্তভোগীর পাসপোর্ট নিজের কাছে রেখে দেন। পরে চলতি বছরের ১৯ এপ্রিল ও ১১ মে দুই দফায় অভিযুক্তদের ব্যাংক হিসাবে মোট চার লাখ ৪০ হাজার টাকা জমা দেওয়ার পর তাকে পাসপোর্ট ফেরত দেওয়া হয়। ভিসা পাওয়ার পর ভুক্তভোগীর স্বামী পরিবারের সদস্যদের জন্য বিমান টিকিট কাটেন। কিন্তু নির্ধারিত দিনে সন্তানদের নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশনে গেলে কর্মকর্তারা জানান, তার পাসপোর্টে থাকা ইতালির ভিসা ব্যবহার করে গত ২৪ এপ্রিলই অন্য এক নারী ইতালিতে চলে গেছেন। এরপর ইমিগ্রেশন কর্তৃপক্ষের পরামর্শে তিনি সিআইডির মানবপাচার শাখায় অভিযোগ করেন। অভিযোগের তদন্তে সিআইডি সোমবার গুলশান-১ এলাকায় অভিযান চালিয়ে সাতজনকে আটক করে। পরে ভুক্তভোগী গুলশান থানায় মানবপাচার ও অভিবাসী চোরাচালান প্রতিরোধ ও দমন আইনে মামলা করলে আটক ব্যক্তিদের ওই মামলায় গ্রেফতার দেখানো হয়। সিআইডির তথ্য অনুযায়ী, অভিযানে অভিযুক্ত ব্যক্তিদের কাছ থেকে বিভিন্ন ব্যক্তির নামে থাকা ৫৬টি পাসপোর্ট, সরকারি-বেসরকারি ও বিদেশি প্রতিষ্ঠানের নামে ব্যবহৃত ১৫৩টি সিল, তিনটি সিপিইউ, একটি ল্যাপটপ, একটি এম্বোস সিল এবং প্রায় আড়াই লাখ টাকা জব্দ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## বস্ত্র শিল্পের বিদ্যমান সমস্যা সমাধানে উচ্চপর্যায়ের কমিটি গঠন

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের নেতারা। বৈঠকে বস্ত্র শিল্পের বিদ্যমান সমস্যাগুলো পর্যালোচনা ও সমাধানে উচ্চপর্যায়ের একটি কমিটি গঠন করে দেন প্রধানমন্ত্রী। বুধবার (২২ জুলাই) সকালে বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি হাসান শিপলু এ তথ্য জানান। বৈঠকে টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের নেতারা দেশের অর্থনীতিতে বস্ত্র শিল্পের অবদানের কথা তুলে ধরে এ খাতের টেকসই উন্নয়নে সরকারের সহযোগিতা চান। আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় নীতিগত সহায়তার বিষয়েও প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন তারা। প্রধানমন্ত্রী তারেক রহমান শিল্পায়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং রপ্তানি আয় বৃদ্ধিতে বস্ত্র শিল্পের অবদানের প্রশংসা করেন। তিনি এ খাতের

উন্নয়নে সহযোগিতার আশ্বাসও দেন। পরে বৈঠকে বস্ত্র শিল্পের বিদ্যমান সমস্যাগুলো পর্যালোচনা ও সমাধানে উচ্চপর্যায়ের একটি কমিটি গঠন করে দেন প্রধানমন্ত্রী। বৈঠকে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের সভাপতি শওকত আজিজ রাসেল, সহ-সভাপতি শামীম ইসলাম, সাবেক সভাপতি এ. মতিন চৌধুরী, সাবেক পরিচালক সৈয়দ এনায়েত কবির, ইঞ্জিনিয়ার রাজীব হায়দার, বর্তমান পরিচালক চৌধুরী মোহাম্মদ হানিফ সোয়েব, বাদশা মিয়া ছাড়াও আমানত শাহ গ্রুপের চেয়ারম্যান হেলাল মিয়া, মুন্নু ফেব্রিক্সের ব্যবস্থাপনা পরিচালক সামিউল ইসলাম উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## স্বাস্থ্যসেবার প্রতিটি ক্ষেত্রে দক্ষ জনবল তৈরিতে নজর দিতে হবে

সমাজকল্যাণ এবং মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেছেন, সারাদেশ থেকে রোগীরা বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ে আসেন। কোথাও চিকিৎসা না পেলে মানুষ বলে, `পিজি হাসপাতালে নিয়ে যান, মেডিকেল বিশ্ববিদ্যালয়ে নিয়ে যান।, মানুষ অনেক আশা নিয়ে এখানে আসে। মঙ্গলবার (২১ জুলাই) বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডা. মিলন হলে বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষক, বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ডা. মো. আব্দুল কুদ্দুসের স্মরণসভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, নির্ভীক মানুষ যদি কাউকে বলতে হয়, তার অন্যতম উদাহরণ হচ্ছেন অধ্যাপক ডা. মোহাম্মদ আব্দুল কুদ্দুস। কোনো অবস্থাতেই তিনি ভীত-সন্ত্রস্ত হওয়ার মানুষ ছিলেন না। মন্ত্রী স্মৃতিচারণ করতে গিয়ে বলেন, তার দুটি হাত, বুকভরা সাহস এবং নৈতিক দৃঢ়তা ছিল। তিনি অন্যায়ের বিরুদ্ধে কথা বলেছিলেন। আর যাদের বিরুদ্ধে তিনি দাঁড়িয়েছিলেন, তারা নৈতিকভাবে দুর্বল ছিল। হয়ত শারীরিকভাবে বড়ো ছিল, কিন্তু নৈতিক দুর্বলতার কারণে তারা তার নৈতিক শক্তির কাছে পরাজিত হয়েছিল এবং আত্মসমর্পণ করতে বাধ্য হয়েছিল। জাহিদ হোসেন বলেন, ”আমরা সংবিধানের কথা বলি। কিন্তু সংবিধানের পাশাপাশি গণতান্ত্রিক চর্চাও গুরুত্বপূর্ণ। ব্রিটিশ পার্লামেন্টের তো লিখিত সংবিধান নেই, কিন্তু তারা দীর্ঘদিন ধরে গণতান্ত্রিক প্রথা অনুসরণ করে রাষ্ট্র পরিচালনা করছে। কাজেই আপনাকে বুঝতে হবে, আপনি সঠিক কাজ করছেন, না ভুল করছেন। আপনি মানুষের অধিকার প্রতিষ্ঠা করতে পারছেন কি না, সেটিই সবচেয়ে গুরুত্বপূর্ণ।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## শিল্পের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে সরকার

শিল্প কারখানায় নিরবচ্ছিন্ন গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সরকার জ্বালানি নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। মঙ্গলবার (২১ জুলাই) রাজধানীতে বাংলাদেশ অ্যাপারেল ইয়ুথ লিডার্স অ্যাসোসিয়েশন (বায়লা) আয়োজিত বায়লা ফিউচার সামিটে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, শিল্পের টেকসই প্রবৃদ্ধি ও রপ্তানি সম্প্রসারণের জন্য নির্ভরযোগ্য জ্বালানি সরবরাহ অপরিহার্য। আমরা এখন জ্বালানি নিরাপত্তাকেই সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছি। এখনো অনেক শিল্প কারখানায় গ্যাস ও বিদ্যুতের সমস্যা রয়েছে। আমরা এ বিষয়ে কাজ করছি এবং একটি বাস্তবসম্মত সময়সীমার মধ্যে এসব সমস্যার সমাধানে প্রতিশ্রুতিবদ্ধ, যোগ করেন মাহদী আমিন। প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, বাংলাদেশের বিনিয়োগ আকর্ষণের তিনটি বড়ো শক্তি হলো- বৃহৎ তরুণ জনগোষ্ঠী, বিশাল অভ্যন্তরীণ বাজার ও একটি নির্বাচিত গণতান্ত্রিক সরকার, যা নীতির ধারাবাহিকতা নিশ্চিত করতে সক্ষম। তবে এই সম্ভাবনাকে কাজে লাগাতে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা, বন্দর ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি ও ব্যবসার ব্যয় কমানো জরুরি। তিনি জানান, সরকার নতুন শিল্পপার্ক স্থাপন, বন্ডেড ওয়্যারহাউস সুবিধা সহজীকরণ, আমলাতান্ত্রিক জটিলতা কমানো এবং স্বচ্ছতা, জবাবদিহি ও সুশাসন জোরদারে কাঠামোগত সংস্কার বাস্তবায়নে কাজ করছে। তিনি আরও বলেন, ”আমাদের বিনিয়োগ শুধু অবকাঠামোতে সীমাবদ্ধ থাকবে না। শিক্ষা, স্বাস্থ্যসেবা, দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আমরা মানুষের ওপর বিনিয়োগ করতে চাই।„ মাহদী আমিন জানান, সরকার বন্ডেড ওয়্যারহাউস সুবিধা সহজ করা, দ্রুত প্রণোদনা বিতরণ, প্রযুক্তি গ্রহণে উৎসাহ দেওয়া, সরকারি-বেসরকারি অংশীদারত্ব (পিপিপি) সম্প্রসারণ, বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগ আকর্ষণ এবং প্রকৃত উদ্যোক্তাদের জন্য সহায়ক নীতিমালা বাস্তবায়নে কাজ করছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## থার্ড টার্মিনালে যুক্ত হচ্ছে ঢাকা-আশুলিয়া এক্সপ্রেসওয়ে

দীর্ঘ ছয় মাস ঝুলে থাকার পর অবশেষে জট খুললো ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের জট। দেশের উত্তরাঞ্চলের মানুষের দীর্ঘদিনের স্বপ্নের ও যানজটমুক্ত চলাচলের এই মেগা প্রকল্পটির দ্বিতীয় সংশোধনী প্রস্তাব জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় অনুমোদন দেওয়া হয়েছে। এর ফলে এবারের সংশোধনীতে প্রকল্পটির সঙ্গে অত্যন্ত গুরুত্বপূর্ণ তিনটি নতুন অঙ্গ যুক্ত হচ্ছে। এগুলো হলো- বাইপাইল ইন্টারসেকশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল এবং নির্মাণাধীন পাতাল মেট্রোরেলের (এমআরটি লাইন-১) সঙ্গে সরাসরি সংযোগ। নতুন এই সংযোজনগুলোর ফলে প্রকল্পটির ব্যয় মূল বরাদ্দের চেয়ে প্রায় ৫৫ দশমিক ১৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) বুধবার ১৪ হাজার ৪১ কোটি ২১ লাখ ব্যয় সম্বলিত ৮টি প্রকল্প অনুমোদন করেছে। এর মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন ১০ হাজার ৪৯৪ কোটি ২১ লাখ টাকা এবং

প্রকল্প ঋণ ৩ হাজার ৫৫০ কোটি ৪৪ লাখ টাকা। প্রধানমন্ত্রী এবং একনেক চেয়ারপারসন তারেক রহমানের সভাপতিত্বে বুধবার মন্ত্রিসভা (কক্ষ নং-১০০, ১০ম তলা, ভবন নং-১) বাংলাদেশ সচিবালয় কক্ষে অনুষ্ঠিত একনেক সভায় এ অনুমোদন দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## অবকাঠামো সংকটে থমকে আছে সাতক্ষীরার পর্যটন সম্ভাবনা

দক্ষিণে উত্তাল বঙ্গোপসাগর, বিশ্ব ঐতিহ্য সুন্দরবন, নদী-খাল, বিস্তীর্ণ চিংড়িঘের, প্রাচীন মসজিদ-মন্দির, সুফি সাধকদের স্মৃতিবিজড়িত তীর্থস্থান ও সীমান্ত সংস্কৃতির অনন্য মেলবন্ধন সাতক্ষীরা। প্রকৃতি, ইতিহাস ও ঐতিহ্যের এই বৈচিত্র্য জেলাটিকে দেশের অন্যতম আকর্ষণীয় পর্যটন গন্তব্যে পরিণত করার সম্ভাবনা রয়েছে। অথচ অপর্যাপ্ত প্রচার, দুর্বল অবকাঠামো ও পরিকল্পিত ব্যবস্থাপনার অভাবে জেলার অধিকাংশ দর্শনীয় স্থান এখনো পর্যটকদের কাছে আড়ালেই রয়ে গেছে। সম্ভাবনা আর বাস্তবতার এই ব্যবধান ঘোচাতে প্রয়োজন সমন্বিত উদ্যোগ, টেকসই পরিকল্পনা এবং পর্যটনবান্ধব বিনিয়োগ। প্রকৃতি, ইতিহাস ও আধ্যাত্মিক পর্যটনের বিশাল সম্ভাবনাময় জেলা সাতক্ষীরা। একই জেলায় ম্যানগ্রোভ বন, নদী, উপকূলীয় জীবন, সীমান্ত, প্রত্নঐতিহ্য ও ধর্মীয় স্থাপনার এমন সমন্বয় দেশের খুব কম অঞ্চলেই দেখা যায়। শীত মৌসুম, সরকারি ছুটি ও বিভিন্ন উৎসবকে কেন্দ্র করে প্রতিবছর দেশের নানা প্রান্ত থেকে পর্যটক আসেন। কেউ সুন্দরবনের গভীর সবুজ, হরিণ, বানর ও নদীপথের সৌন্দর্য দেখতে চান, কেউ ছুটে যান ঐতিহাসিক মন্দির, মসজিদ ও সুফি সাধকদের স্মৃতিবিজড়িত স্থানে। আবার অনেকের আগ্রহ উপকূলীয় মানুষের জীবনসংগ্রাম, চিংড়ি ও কাঁকড়াভিত্তিক অর্থনীতি, মৌয়াল-বাওয়ালিদের জীবন এবং সীমান্তসংস্কৃতি ঘিরে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## এনআইডি নবায়ন বাধ্যতামূলক হচ্ছে

জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) ১৫ বছরের মেয়াদ শেষ হওয়ার পর তা নবায়ন করা প্রত্যেক নাগরিকের জন্য বাধ্যতামূলক করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। একই সঙ্গে নবায়ন ও এনআইডি স্থানান্তরের জন্য প্রয়োজনীয় তথ্য, আবেদন প্রক্রিয়া এবং ফি-ও নির্ধারণ করা হয়েছে। বুধবার (২২ জুলাই) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত নির্বাচন কমিশনের ১২তম কমিশন সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভা শেষে ইসির জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এ তথ্য জানান। ইসি সচিব বলেন, এনআইডি নবায়ন করতে সমস্যা হবে না। যৌক্তিকভাবে সমাধান হবে। এনআইডি নবায়ন আইনে আছে, এটির আলোকে বাস্তবায়ন করতে হবে। তিনি বলেন, এনআইডি নবায়নের ক্ষেত্রে আবেদনকারীকে পরিবারের সদস্যদের এনআইডির তথ্যও দিতে হবে। এছাড়া এনআইডি স্থানান্তরের ক্ষেত্রেও নির্ধারিত তথ্য দিতে হবে। উভয় সেবার জন্য আবেদন ফি নির্ধারণ করেছে কমিশন। আখতার আহমেদ জানান, এনআইডি ১৫ বছর পরপর নবায়ন বাধ্যতামূলক করার জন্য আইন সংশোধনের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে পাঠানো হবে। তারা প্রয়োজনীয় ব্যবস্থা নিলে বিষয়টি কার্যকর হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## শিখা অনির্বাণে বীর শহিদদের প্রতি বিদায়ি নৌবাহিনী প্রধানের শ্রদ্ধা

বিদায়ি নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান শিখা অনির্বাণে পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী সশস্ত্র বাহিনীর বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন। বুধবার (২২ জুলাই) ঢাকা সেনানিবাসে শিখা অনির্বাণে তিনি এ শ্রদ্ধা জানান। এ সময় তিনি ১৯৭১ সালের মহান স্বাধীনতা যুদ্ধে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব প্রতিষ্ঠার জন্য আত্মোৎসর্গকারী বীর শহীদদের স্মৃতির প্রতি সম্মান জানান। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের সর্বোচ্চ আত্মত্যাগ জাতির জন্য চিরস্মরণীয়। তাদের আত্মদান দেশের সশস্ত্র বাহিনীর সদস্যদের দেশপ্রেম, কর্তব্যনিষ্ঠা ও পেশাদারত্বের আদর্শে অনুপ্রাণিত করে চলেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## ঢাকা মেডিকেলের জরুরি বিভাগের পাশ থেকে বৃদ্ধের মরদেহ উদ্ধার

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের পাশ থেকে অজ্ঞাতপরিচয়ের (৭০) এক বৃদ্ধের মরদেহ উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে, ওই বৃদ্ধ ভবঘুরে প্রকৃতির ছিলেন। বুধবার (২২ জুলাই) সকাল সাড়ে ৬টার দিকে অচেতন অবস্থায় উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে জরুরি বিভাগে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক বৃদ্ধকে মৃত ঘোষণা করেন। জরুরি বিভাগের ওয়ার্ড মাস্টার আইয়ুব আলী জানান, সকাল ৬টার দিকে স্টাফের মাধ্যমে খবর পেয়ে গেটের পাশে ওয়ান স্টপ ইমারজেন্সি সেন্টার (ওসেকের) পেছনে অজ্ঞাতপরিচয়ের ওই বৃদ্ধকে পড়ে থাকতে দেখেন। পরে পুলিশ ক্যাম্পে খবর দিলে তাকে উদ্ধার করে জরুরি বিভাগে নেওয়া হয়। সেখানে চিকিৎসক মৃত ঘোষণা করেন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্প ইনচার্জ ফারুক চিকিৎসকের বরাত দিয়ে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে জানান, মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে রাখা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবগত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশি জাতীয়তাবাদ দর্শনই অন্তর্ভুক্তিমূলক জাতীয় পরিচয় : তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, বাংলাদেশি জাতীয়তাবাদের দর্শনই বাংলাদেশের সব ভাষা, ধর্ম, সংস্কৃতি, নৃগোষ্ঠী ও জনগোষ্ঠীকে ধারণ করে গড়ে ওঠা একটি অন্তর্ভুক্তিমূলক জাতীয় পরিচয়। এ দর্শন বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে বসবাসকারী প্রতিটি নাগরিককে সমানভাবে জাতীয় পরিচয়ের অংশ হিসেবে স্বীকৃতি দেয়। বুধবার (২২ জুলাই) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ইউনিভার্সিটি টিচার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ইউট্যাব), জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত ‵শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও বাংলাদেশি জাতীয়তাবাদ, শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, ভারত উপমহাদেশে ধর্মের ভিত্তিতে পাকিস্তান রাষ্ট্র প্রতিষ্ঠিত হলেও, শুধু ধর্মকে ভিত্তি করে একটি বহুমাত্রিক রাষ্ট্রকে দীর্ঘস্থায়ীভাবে ঐক্যবদ্ধ রাখা সম্ভব নয়। বায়ান্নর ভাষা আন্দোলন থেকে শুরু করে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ সেই ঐতিহাসিক বাস্তবতার ধারাবাহিক প্রকাশ। তথ্য ও সম্প্রচারমন্ত্রী এ সময় মহান স্বাধীনতা যুদ্ধে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অনবদ্য ভূমিকার কথা তুলে ধরেন। তিনি বলেন, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সাহসী সিদ্ধান্ত ও নেতৃত্ব মুক্তিযুদ্ধের সূচনালগ্নে যুদ্ধকে সংগঠিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। জিয়াউর রহমানের স্বাধীনতার ঘোষণা ও মহান মুক্তিযুদ্ধে তার নেতৃত্ব ইতিহাসের প্রমাণিত উপাদান বলে উল্লেখ করেন তিনি। তিনি বলেন, স্বাধীনতা অর্জনের পরও জাতীয় পরিচয়ের প্রশ্নে নতুন বিতর্কের সৃষ্টি হয়। কেবল ভাষাভিত্তিক পরিচয়ও দেশের সব জনগোষ্ঠীর কাছে সমভাবে গ্রহণযোগ্য হয়ে ওঠেনি। এই বাস্তবতার প্রেক্ষাপটে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান নাগরিকভিত্তিক ‵বাংলাদেশি জাতীয়তাবাদ,-এর দর্শন উপস্থাপন করেন, যা বাংলাদেশের প্রতিটি নাগরিককে সমান মর্যাদায় একটি অভিন্ন জাতীয় পরিচয়ের বন্ধনে আবদ্ধ করেছে। জহির উদ্দিন স্বপন বলেন, বাংলাদেশের প্রতিটি নাগরিক- তিনি যে ভাষায় কথা বলুন, যে ধর্ম পালন করুন কিংবা যে নৃগোষ্ঠীরই হোন না কেন- বাংলাদেশি পরিচয়ের মধ্যেই তার মর্যাদা ও সম-অধিকার নিশ্চিত হয়। এই অন্তর্ভুক্তিমূলক জাতীয়তাবাদ দেশের ভৌগোলিক অখণ্ডতা, জাতীয় সংহতি এবং বহুত্ববাদী সমাজব্যবস্থাকে শক্তিশালী করেছে। তিনি বলেন, আধুনিক বিশ্বে জাতীয়তাবাদ কেবল ভাষা, ধর্ম কিংবা বর্ণের ভিত্তিতে সংজ্ঞায়িত হয় না; বরং একটি রাষ্ট্রের নাগরিকদের অভিন্ন স্বার্থ, ভূখণ্ড, সাংবিধানিক অঙ্গীকার এবং যৌথ ভবিষ্যৎ নির্মাণের আকাঙ্ক্ষার ওপর প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশি জাতীয়তাবাদের দর্শনও সেই আধুনিক রাষ্ট্রচিন্তারই প্রতিফলন। কোনো একটি ভাষা বা সংস্কৃতিকে প্রতিষ্ঠা করতে গিয়ে অন্য ভাষা বা সংস্কৃতিকে অস্বীকার করার সুযোগ নেই বলে মন্তব্য করেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী। বাংলাদেশের সকল ভাষা, সংস্কৃতি, ধর্মীয় বিশ্বাস ও নৃগোষ্ঠীর পরিচয়কে সম্মান ও ধারণ করেই বাংলাদেশি জাতীয়তাবাদ বিকশিত হয়েছে উল্লেখ করে তিনি বলেন, এই দর্শনের মাধ্যমেই দেশের প্রতিটি নাগরিক নিজেকে সমানভাবে বাংলাদেশের অংশ হিসেবে অনুভব করতে পারেন। তিনি বলেন, বাংলাদেশি জাতীয়তাবাদ জাতীয় ঐক্য ও সংহতির ভিত্তি হিসেবে আজও প্রাসঙ্গিক এবং ভবিষ্যতেও দেশের অগ্রযাত্রায় পথনির্দেশক হিসেবে কাজ করবে। ইউট্যাব, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি অধ্যাপক মোহাম্মদ নাসির উদ্দিন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা-৭ আসনের সংসদ সদস্য হামিদুর রহমান হামিদ। প্রধান আলোচক ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. রইছ উদদীন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউট্যাব, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক অধ্যাপক নাসির আহমাদ।(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## থানার পেছনের ঝোপে মিললো পরিত্যক্ত চায়না রাইফেল

রাজধানীর মিরপুর মডেল থানার পেছনের ঝোপঝাড় থেকে একটি পরিত্যক্ত চায়না রাইফেল উদ্ধার করেছে মিরপুর মডেল থানা পুলিশ। বুধবার (২২ জুলাই) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, বুধবার সকাল ১০টা ৪৫ মিনিটের দিকে মিরপুর মডেল থানা ভবনের পেছনের ঝোপঝাড় থেকে পরিত্যক্ত অবস্থায় অস্ত্রটি উদ্ধার করা হয়। তিনি আরও জানান, উদ্ধার অস্ত্রটি একটি জং ধরা চায়না রাইফেল। রাইফেলটির বাট নম্বর ২১৩৬। এ ঘটনায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## নীলফামারীতে অপহৃত এসএসসি পরীক্ষার্থী ঢাকায় উদ্ধার

নীলফামারীর জলঢাকায় অপহৃত এক এসএসসি পরীক্ষার্থীকে রাজধানীর মোহাম্মদপুরের ঢাকা উদ্যান এলাকা থেকে উদ্ধার করেছে র‍্যাব-২। এ ঘটনায় এজাহারভুক্ত প্রধান আসামি মো. রওশন আলী ওরফে আকাশকে (২৬) গ্রেফতার করা হয়েছে। বুধবার (২২ জুলাই) র‍্যাব-২-এর উপ-পরিচালক মেজর এম মুবীন রহমান তাপস এ তথ্য জানান। তিনি জানান, গত ৮ জুলাই নীলফামারীর জলঢাকা থানা এলাকা থেকে ওই এসএসসি পরীক্ষার্থী অপহৃত হন। এ ঘটনায় তার বাবা আব্দুল রাজ্জাক বাদী হয়ে ১৪ জুলাই জলঢাকা থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা করেন। মামলার পর র‍্যাব-২ গোয়েন্দা নজরদারি শুরু করে। তথ্যপ্রযুক্তির সহায়তায় তারা জানতে পারে, অপহৃত তরুণীকে ঢাকা উদ্যানের সি ব্লকের একটি বাসায় আটকে রাখা হয়েছে। একইসঙ্গে মামলার প্রধান আসামি রওশন আলী ওরফে আকাশ ঢাকা উদ্যানের হাজী দিল মোহাম্মদ অ্যাভিনিউ এলাকায় অবস্থান করছেন। পরে র‍্যাব-২-এর একটি দল পৃথক

দুটি অভিযান পরিচালনা করে তরুণীকে উদ্ধার এবং প্রধান আসামিকে গ্রেফতার করে। মেজর মুবীন রহমান জানান, গ্রেফতার আসামির বিরুদ্ধে পরবর্তী আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া তার দেওয়া তথ্যের ভিত্তিতে অপহরণের সঙ্গে জড়িত অন্য সহযোগীদের গ্রেফতারে অভিযান চলছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## এসিল্যান্ড হচ্ছেন প্রশাসন ক্যাডারের ৫০ কর্মকর্তা

সহকারী কমিশনার (ভূমি) বা এসিল্যান্ড পদে পরবর্তী পদায়নের লক্ষ্যে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৫০ কর্মকর্তার চাকরি ভূমি মন্ত্রণালয়ে ন্যস্ত করেছে সরকার। বুধবার (২২ জুলাই) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়, বিসিএস (প্রশাসন) ক্যাডারের এই কর্মকর্তাদের সহকারী কমিশনার (ভূমি) পদে পরবর্তী পদায়নের জন্য তাদের চাকরি ভূমি মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। এতে আরও বলা হয়, সংশ্লিষ্ট কর্মকর্তাদের ভূমি মন্ত্রণালয়ে যোগদানের নির্দেশনা দেওয়া হলো। তারা ঢাকা ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে মৌলিক ভূমি ব্যবস্থাপনা কোর্স সম্পন্ন করার পর `জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মচারীগণের পদায়ন নীতিমালা, ২০২২, অনুসরণ করে তাদের এসিল্যান্ড পদে পদায়ন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## ডিএমপির বিশেষ অভিযানে ২৪ ঘণ্টায় গ্রেফতার ৩৮৭

ঢাকায় বিশেষ অভিযান পরিচালনা করে গত ২৪ ঘণ্টায় ৩৮৭ জনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। একই সময়ে ৪৫টি মামলা দায়ের করা হয়েছে। বুধবার (২২ জুলাই) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। তিনি জানান, ঢাকার বিভিন্ন থানার অপরাধপ্রবণ এলাকায় অভিযান পরিচালনা করে মাদকদ্রব্য উদ্ধারসহ বিভিন্ন অপরাধে তাদের গ্রেফতার করা হয়। তাদের মধ্যে রমনা বিভাগ ৩১ জন, লালবাগ বিভাগ ২৬ জন, ওয়ারী বিভাগ ৪৯ জন, মতিঝিল বিভাগ ৪৯ জন, তেজগাঁও বিভাগ ৫৬ জন, মিরপুর বিভাগ ৯৩ জন, গুলশান বিভাগ ৩৪ জন, উত্তরা বিভাগ ৪১ জন ও গোয়েন্দা বিভাগ কর্তৃক ৮ জনকে গ্রেফতার করা হয়। এসময় তাদের কাছ থেকে ১১ হাজার ৮৫০ পিস ইয়াবা, ৪৭ কেজি গাঁজা, ৪টি মোবাইল ফোন, ১০ বস্তা পলিথিন, একটি ইঞ্জিন ভ্যান ও মাদক বিক্রির নগদ ১০ হাজার টাকা জব্দ করা হয়। গ্রেফতারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন বলেও জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশ-নেপালের এলডিসি উত্তরণের প্রস্তুতিকাল বাড়ানোর সুপারিশ ইকোসকের

বাংলাদেশ ও নেপালের স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে উত্তরণের প্রস্তুতিকাল তিন বছর বাড়ানোর বিষয়ে জাতিসংঘের সাধারণ পরিষদকে সুপারিশ করেছে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ইকোসক)। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে সাধারণ পরিষদ। মঙ্গলবার (২১ জুলাই) নিউইয়র্কে ইকোসকের বৈঠকে সদস্যরাষ্ট্রগুলো সর্বসম্মতিক্রমে এ-সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করে। বুধবার (২২ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বৈঠকে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী বাংলাদেশ ও নেপালের পক্ষে প্রস্তুতিকাল তিন বছর বাড়ানোর প্রয়োজনীয়তা ও যৌক্তিকতা তুলে ধরেন। তিনি বলেন, এলডিসি থেকে মসৃণ, টেকসই ও স্থিতিশীল উত্তরণ নিশ্চিত করতে অতিরিক্ত প্রস্তুতিকাল অত্যন্ত গুরুত্বপূর্ণ। এতে দুই দেশ প্রয়োজনীয় নীতিগত সংস্কার, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং এলডিসি-উত্তর বাস্তবতায় অভিযোজনের জন্য আরও কার্যকরভাবে প্রস্তুতি নিতে পারবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে নাহিদ ইসলামের বৈঠক

ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনের সঙ্গে বৈঠক করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক মো. নাহিদ ইসলাম। বুধবার (২২ জুলাই) দুপুরে রাজধানীর বাংলামোটরে দলটির অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের বিষয়ে এক ফেসবুক পোস্টে নাহিদ ইসলাম বলেন, আজ এনসিপি কার্যালয়ে মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনের সঙ্গে একটি ফলপ্রসূ বৈঠক করেছি। বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্কের গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে আলোচনা করেছি এবং পারস্পরিক সহযোগিতা আরও জোরদারের বিভিন্ন পথ নিয়ে মতবিনিময় করেছি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## প্রধানমন্ত্রীর সঙ্গে বিদায়ি নৌবাহিনী প্রধানের সৌজন্য সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বিদায়ি সৌজন্য সাক্ষাৎ করেছেন বিদায়ী নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান। বুধবার (২২ জুলাই) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব হাসান শিপুল। তিনি জানান, সাক্ষাৎকালে দেশের সার্বভৌমত্ব রক্ষা, সামুদ্রিক নিরাপত্তা, নৌবাহিনীর আধুনিকায়ন এবং জাতীয় স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়েছে। তিনি আরও জানান, বিদায়ি নৌবাহিনী প্রধানের কর্মজীবনের সাফল্য, বাংলাদেশ নৌবাহিনীর আধুনিকায়ন, সক্ষমতা বৃদ্ধি এবং পেশাদার বাহিনী

হিসেবে নৌবাহিনীকে আরও শক্তিশালী করতে তার দূরদর্শী নেতৃত্ব ও অবদানের প্রশংসা করেন প্রধানমন্ত্রী। এসময় বিদায়ি নৌবাহিনী প্রধান প্রধানমন্ত্রীর সার্বিক সহযোগিতা, দিক-নির্দেশনা ও আন্তরিক সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রী বিদায়ি নৌবাহিনী প্রধানকে নিয়ে মধ্যাহ্নভোজ করেন। ২০২৩ সালের ২৪ জুলাই ভাইস অ্যাডমিরাল এম নাজমুল হাসান নৌবাহিনী প্রধান হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ রুবাইয়া)

## চীন-রাশিয়া-যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে ড. খলিলের বৈঠক

ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় আসিয়ান আঞ্চলিক ফোরামের ফাঁকে চীন, রাশিয়া ও যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। `বাংলাদেশ ফার্স্ট, নীতির ভিত্তিতেই দেশের পররাষ্ট্র সম্পর্ক পরিচালিত হবে বলে এসব বৈঠকে জানান পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, বাংলাদেশের জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েই দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সম্পর্ক এগিয়ে নেওয়া হবে। বুধবার (২২ জুলাই) আসিয়ান আঞ্চলিক ফোরামের (এআরএফ) পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠকের ফাঁকে চীন, রাশিয়া ও যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে পৃথক বৈঠকে তিনি বাংলাদেশের অবস্থান তুলে ধরেন। বৈঠকগুলোতে বাংলাদেশের পক্ষে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. কামরুল ইসলাম ভুঁইয়া সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বৈঠকগুলোতে বাণিজ্য, বিনিয়োগ, জ্বালানি, সংযোগ (কানেক্টিভিটি) এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। বাংলাদেশ প্রতিনিধিদল জানায়, `বাংলাদেশ ফার্স্ট, নীতিই দেশের বৈদেশিক সম্পর্কের মূল ভিত্তি হবে। চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ইর সঙ্গে বৈঠকে দুই দেশ `অভিন্ন ভবিষ্যতের চীন-বাংলাদেশ কমিউনিটি, গড়ে তুলতে বিদ্যমান সমন্বিত কৌশলগত সহযোগিতা আরও এগিয়ে নেওয়ার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে। বৈঠকে জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিকদের প্রত্যাবাসন, বহুমুখী পরিবহণ করিডোর, বাণিজ্য, বিনিয়োগ এবং জ্বালানি খাতে সহযোগিতা সম্প্রসারণ নিয়ে আলোচনা হয়। আরেক বৈঠকে ড. খলিলুর রহমানকে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় তাকে রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ অভিনন্দন জানান। এ সময় দুই দেশ জ্বালানি খাতে সহযোগিতা আরও জোরদারে একমত হয়। পরে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীকে সাক্ষাৎ দেন। বৈঠকে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক আরও শক্তিশালী করার উপায় নিয়ে আলোচনা হয়। এ সময় ড. খলিলুর রহমান মার্কো রুবিওকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## গ্যাস সংকটে সিএনজি স্টেশনগুলোতে দীর্ঘ সারি, অনেক স্টেশন বন্ধ

দেশের একটি ভাসমান এলএনজি (তরলীকৃত প্রাকৃতিক গ্যাস) টার্মিনাল বা এফএসআরইউতে (ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিট) কারিগরি সমস্যার কারণে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ সাময়িকভাবে বন্ধ। এতে জাতীয় গ্রিডে দৈনিক প্রায় ৪৫০ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি) গ্যাস সরবরাহ কমে গেছে। এ অবস্থায় দেশের বিভিন্ন অঞ্চলের শিল্পকারখানা, বিদ্যুৎকেন্দ্র, সিএনজি স্টেশনসহ অন্যান্য শ্রেণির গ্রাহকরা গ্যাস সংকটে পড়েছেন। গ্যাস সরবরাহ কমে যাওয়ায় রাজধানী ঢাকার বিভিন্ন এলাকার সিএনজি স্টেশনেও এর প্রভাব পড়েছে। অনেক স্টেশন বন্ধ। আবার যে-সব স্টেশন চালু আছে, সেগুলোতে গ্যাস নিতে যানবাহনের দীর্ঘ সারি দেখা গেছে। ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করে অনেককে গ্যাস নিতে হচ্ছে। বুধবার (২২ জুলাই) সরেজমিনে ঢাকার বিভিন্ন সিএনজি স্টেশনে গিয়ে দেখা যায়, গ্যাসের জন্য অপেক্ষমাণ সিএনজিচালিত অটোরিকশা, প্রাইভেটকার ও অন্যান্য যানবাহনের দীর্ঘ লাইন। কোনো কোনো স্টেশনে দীর্ঘ অপেক্ষার পরও গ্যাস না পেয়ে চালকদের ফিরে যেতে দেখা গেছে। চালকদের সঙ্গে কথা বলে জানা যায়, গ্যাস সংকটের কারণে অনেক সিএনজি স্টেশন বন্ধ থাকায় চালকদের এক স্টেশন থেকে অন্য স্টেশনে ঘুরতে হচ্ছে। কোথাও দীর্ঘ লাইন থাকায় ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হচ্ছে। এতে একদিকে যেমন যাত্রী পরিবহণ ব্যাহত হচ্ছে, অন্যদিকে চালকদের দৈনিক আয়-রোজগারও কমে যাচ্ছে। সিএনজি অটোরিকশাচালক জহির হোসেন জাগো নিউজকে বলেন, সকাল থেকে কয়েকটি স্টেশনে ঘুরেছি। কোথাও গ্যাস নেই, আবার কোথাও দীর্ঘ লাইন। এত সময় গ্যাসের জন্য অপেক্ষা করলে গাড়ি চালানোর সময় থাকে না। আজ যদি গ্যাস না পাই, তাহলে গাড়ি চালাতে পারবো না। এতে দিনের রোজগারও কমে যাবে। রায়েরবাজারে আরেক সিএনজি অটোরিকশাচালক চালক নাজিম বলেন, স্টেশনে এসে দীর্ঘ সময় ধরে দাঁড়িয়ে আছি। সামনে অনেক গাড়ি। কখন গ্যাস পাবো, তার কোনো নিশ্চয়তা নেই। প্রতিদিন গাড়ি চালিয়ে সংসার চালাতে হয়। গ্যাসের জন্য যদি দিনের বেশিরভাগ সময় চলে যায়, তাহলে ইনকাম কম হবে। সংসার চালাতে কষ্ট হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## বেড়েছে পানি, ভাঙন আতঙ্কে পদ্মাপাড়ের মানুষ

মাদারীপুরে বর্ষা মৌসুমে নদ-নদীর পানি বেড়ে যাওয়ায় বিভিন্ন এলাকায় ভাঙন দেখা দিয়েছে। ভাঙন রোধে জিওব্যাগ ফেলা হলেও স্রোতের কারণে তেমন একটা কাজে আসছে না। এতে আতঙ্কে রয়েছেন নদীপাড়ের বাসিন্দারা। সংশ্লিষ্ট

সূত্রে জানা যায়, মাদারীপুরে আড়াইশ কিলোমিটার এলাকাজুড়ে পদ্মা, পালরদী, ময়নাকাটা, বিষারকান্দি, কুমার, কীর্তিনাশাসহ ১৫টি নদ-নদী আছে। এরমধ্যে পদ্মা, আড়িয়াল খা ও পালরদী নদীর বিভিন্ন এলাকায় ভাঙন দেখা দিয়েছে। টানা বৃষ্টিতে জেলার সবগুলো নদ-নদীর পানি বেড়েছে। সেই সঙ্গে বেড়েছে স্রোতের তীব্রতা। এতেই বেড়েছে নদীভাঙন। মাদারীপুর সদরের খোয়াজপুর, টেকেরহাট, পাচখোলা ইউনিয়নের উত্তর মহিষেচর, পূর্ব মহিষেচর এলাকার আচমত আলী খান ব্রিজ সংলগ্ন এলাকা, বাহাদুরপুর, দুধখালী, শ্রীনদী, শিড়খাড়া ইউনিয়নের চর ঘুনসি, কালকিনি উপজেলার খুনেরচর, খাশেরহাট, সিডিখান এলাকার নতুন চরদৌলত খাঁ এলাকা, করিম খানের হাট এলাকাসহ শিবচর, রাজৈর ও ডাসার উপজেলার বিভিন্ন এলাকায় নদীভাঙন দেখা দিয়েছে। এরইমধ্যে অনেক পরিবার ভাঙনের শিকার হয়ে ঘরবাড়ি হারিয়েছে। অনেক এলাকায় ভাঙন ঝুঁকিতে রয়েছে মসজিদ, মাদরাসা, স্কুল, সরকারি প্রতিষ্ঠানসহ বহু স্থাপনা। ভাঙন প্রতিরোধে সাড়ে ২৮ লাখ টাকা ব্যয়ে আট হাজার বালুর বস্তা বিভিন্ন এলাকায় ফেলা হচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## লিগ্যাল এইডের মাধ্যমে ২ লাখ ৩৯ হাজার মামলা নিষ্পত্তির উদ্যোগ

জাতীয় আইনগত সহায়তা সংস্থায় (লিগ্যাল এইড) বিকল্প বিরোধ নিষ্পত্তি সেবার (এডিআর) মাধ্যমে (প্রি ও পোস্ট-কেস) ২ লাখ ৩৯ হাজার ৪২৬ মামলা নিষ্পত্তির উদ্যোগ নেওয়া হয়েছে। ২০০৯ থেকে ২০২৬ সালের মে মাস পর্যন্ত লিগ্যাল এইডের কার্যক্রম নিয়ে করা এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনটি সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এতে বলা হয়, এ সময়ে বিকল্প বিরোধ নিষ্পত্তি সেবার (এডিআর) জন্য উদ্যোগ (প্রি ও পোস্ট-কেস) নেওয়া হয়েছে মোট ২ লাখ ৩৯ হাজার ৪২৬ মামলায়। এর মধ্যে নিষ্পত্তি হয়েছে ২ লাখ ১১ হাজার ৪৪১ মামলা। এডিআরের মাধ্যমে নিষ্পত্তি করা মামলা বা বিরোধে উপকারভোগী ৪ লাখ ১৩ হাজার ৩৭ জন। প্রতিবেদন অনুযায়ী, একই সময়ে সরকারি খরচে ১৪ লাখ ৮৭ হাজার ৬৬৩ জনকে আইনি সেবা দেওয়া হয়েছে। সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টের হাইকোর্ট ও আপিল বিভাগ, দেশের সব নিম্ন আদালত ও শ্রম আদালত এবং কারাগারে থাকা অসচ্ছল বন্দিরাও এ সেবার আওতায় ছিলেন। দেশের আর্থিকভাবে অসচ্ছল ও অসমর্থ বিচারপ্রার্থীদের আইনি সহায়তা দিতে `আইনগত সহায়তা প্রদান আইন,-এর অধীনে সরকারি খরচে এ সেবা দেওয়া হয়। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অধীনে জাতীয় আইনগত সহায়তা সংস্থা এ কার্যক্রম পরিচালনা করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## স্বাস্থ্যসেবায় বৈষম্য দূর করতে চালু হচ্ছে `ন্যাশনাল হেলথ কার্ড,

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনাম বলেছেন, গ্রাম ও শহরের স্বাস্থ্যসেবার বৈষম্য দূর করে দেশের প্রতিটি নাগরিকের দোরগোড়ায় আধুনিক ও মানসম্মত চিকিৎসাসেবা পৌঁছে দিতে সরকার `ন্যাশনাল হেলথ কার্ড, চালু করতে যাচ্ছে। বুধবার (২২ জুলাই) চীনের শি,আনে অনুষ্ঠিত `ডিজিটাল অ্যান্ড ইন্টেলিজেন্ট ইন্টিগ্রেশন ফর হেলথ- টুওয়ার্ডস অ্যা নিউ কো-অপারেটিভ ইকোসিস্টেম এলং দ্য সিল্ক রোড, শীর্ষক অনুষ্ঠানে স্বাস্থ্যখাতে ডিজিটাল প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ব্যবহার বিষয়ে দেওয়া বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, ন্যাশনাল হেলথ কার্ড চালু হলে দেশের যে-কোনো প্রান্তে অবস্থানরত রোগীর প্রয়োজনীয় স্বাস্থ্য তথ্য চিকিৎসকরা তাৎক্ষণিকভাবে দেখতে পারবেন। এর ফলে রোগ নির্ণয় ও চিকিৎসা হবে আরও দ্রুত, নির্ভুল ও সমন্বিত। তিনি বলেন, এটি শুধু প্রযুক্তিগত সুবিধা নয়, স্বাস্থ্যসেবায় সমতা প্রতিষ্ঠারও একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমাদের লক্ষ্য হচ্ছে, ঢাকার একটি আধুনিক হাসপাতালে একজন রোগী যে মানের চিকিৎসা পান, দেশের প্রত্যন্ত চরাঞ্চলের একজন মানুষও যেন একই মানের স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ পান। ফকির মাহবুব আনাম বলেন, সরকার একটি মানবকেন্দ্রিক জাতীয় এআই নীতি প্রণয়নে কাজ করছে। এ নীতির ভিত্তি হবে মানবাধিকার, নৈতিকতা, স্বচ্ছতা ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন। প্রযুক্তির উন্নয়ন যেন মানুষের কল্যাণে ব্যবহৃত হয় এবং কেউ যেন এর সুফল থেকে বঞ্চিত না হয়, সে বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। তিনি বলেন, ডিজিটাল স্বাস্থ্যসেবা সম্প্রসারণের পাশাপাশি নাগরিকদের ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে শক্তিশালী ডেটা প্রটেকশন ব্যবস্থা গড়ে তোলা হচ্ছে। নিরাপদ তথ্য ব্যবস্থাপনা ছাড়া টেকসই ডিজিটাল স্বাস্থ্যব্যবস্থা সম্ভব নয়। মন্ত্রী আরও বলেন, প্রান্তিক জনগোষ্ঠীর কাছে প্রযুক্তিনির্ভর উন্নত স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে সরকার আন্তর্জাতিক অংশীদারত্ব, উদ্ভাবনী প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক সমাধানের সমন্বয়ে কাজ করছে। একটি বৈষম্যহীন, অন্তর্ভুক্তিমূলক এবং প্রযুক্তিনির্ভর স্বাস্থ্যব্যবস্থা গড়ে তুলতে বাংলাদেশ দৃঢ়ভাবে অঙ্গীকারবদ্ধ। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## প্রবাসীরা চাইলে তাদের বাড়ি পাহারায় আনসার সদস্য নিয়োগ : ডিসি

সিলেটের প্রবাসীরা চাইলে তাদের বাড়ি পাহারার জন্য আনসার সদস্য নিয়োগের ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন সিলেটের নবনিযুক্ত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট আবদুল্লাহ আল মামুন। বুধবার (২২ জুলাই) ওসমানীনগর উপজেলায় বিভিন্ন সরকারি দপ্তর পরিদর্শন ও একাধিক অনুষ্ঠানে অংশ নেওয়ার সময় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। জেলা প্রশাসক বলেন, `বাড়িঘর ও সম্পদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রবাসীরা চাইলে তাদের

বাড়ি পাহারার জন্য আনসার সদস্য নিয়োগের ব্যবস্থা করা হবে। প্রবাসীদের কল্যাণে সরকার নানা পদক্ষেপ বাস্তবায়ন করছে। সেই ধারাবাহিকতায় তাদের নিরাপত্তা নিশ্চিত করতে আনসার সদস্য নিয়োগের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছে।, সিলেট অঞ্চলে বিপুলসংখ্যক মানুষের বসবাস বিদেশে। ফলে অনেক বাড়িঘর দীর্ঘসময় ফাঁকা পড়ে থাকে। এসব বাড়ি ও জমিজমা দখল কিংবা নিরাপত্তা ঝুঁকি নিয়ে প্রবাসীদের অভিযোগ দীর্ঘদিনের। দেশে থাকা সম্পদের সুরক্ষার দাবিও তারা বিভিন্ন সময়ে তুলে ধরেছেন। এ বিষয়ে ডিসি আবদুল্লাহ আল মামুন বলেন, `প্রবাসীদের হয়রানি ও নিরাপত্তা-সংক্রান্ত উদ্বেগ কমাতে আনসার সদস্য নিয়োগের বিষয়ে প্রাথমিকভাবে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর (ভিডিপি) ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনা শেষে শিগ্গির এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।, তিনি আরও বলেন, `মহাসড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় বেশিরভাগ এলাকার জমি অধিগ্রহণের কাজ শেষ হয়েছে। বর্তমানে ওসমানীনগরের দয়ামীর ইউনিয়নের নিজ করুয়া ও সাদিপুর ইউনিয়নের গজিয়া এলাকায় জমি অধিগ্রহণের কার্যক্রম চলছে। ক্ষতিগ্রস্ত জমির মালিকরা আবেদন করলে জেলা প্রশাসকের কার্যালয় থেকে নির্ধারিত ক্ষতিপূরণ পাবেন।, (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## আবাসন খাত উন্নয়নে প্রধানমন্ত্রীর কাছে রিহ্যাবের ৬ প্রস্তাব

দেশের আবাসন খাতের উন্নয়ন, পরিকল্পিত নগরায়ণ এবং সাধারণ মানুষের জন্য সাশ্রয়ী আবাসন নিশ্চিত করতে প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে ৬ দফা প্রস্তাব তুলে ধরেছে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)। বুধবার (২২ জুলাই) সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে রিহ্যাব প্রেসিডেন্ট ড. আলী আফজাল এসব প্রস্তাব উপস্থাপন করেন। এ সময় গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী জাকারিয়া তাহের সুমন, এমপি মোস্তাফিজুর রহমান ভূঁইয়া (দিপু) এবং সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে ড. আলী আফজাল বলেন, সরকার স্বীকৃত একমাত্র আবাসন খাতের ট্রেডবডি হিসেবে রিহ্যাব গত ৩৫ বছরের বেশি সময় ধরে পরিকল্পিত নগরায়ণ ও আবাসন উন্নয়নে সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করে আসছে। তিনি বলেন, বর্তমানে আবাসন খাতে প্রায় ৫০ লাখ মানুষের কর্মসংস্থান হয়েছে। দেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) এ খাতের অবদান প্রায় ১৫ শতাংশ। এছাড়া সিমেন্ট, রড, ইট, সিরামিক, টাইলস, কাচ, রং, বৈদ্যুতিক সরঞ্জাম, স্যানিটারি, ফার্নিচার ও পরিবহণসহ ৩০০টির বেশি লিংকেজ শিল্প এ খাতকে কেন্দ্র করে পরিচালিত হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## বাল্কহেড ডুবে সাগরে ভাসছিলেন ৪ শ্রমিক, ৯৯৯ ফোনকলে উদ্ধার

বঙ্গোপসাগরের উত্তাল ঢেউয়ে বিকল হয়ে যায় ইঞ্জিন। অর্ধডুবন্ত বাল্কহেড নিয়ে সাগরে ভাসতে থাকেন চারজন শ্রমিক। এরপর জাতীয় জরুরি সেবা ৯৯৯ নম্বরে ফোনকলে দ্রুততম সময়ে তাদের উদ্ধার করে কোস্টগার্ড। বুধবার (২২ জুলাই) জাতীয় জরুরি সেবা ৯৯৯-এর গণমাধ্যম ও জনসংযোগ কর্মকর্তা পুলিশ পরিদর্শক আনোয়ার সাত্তার এ তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, আজ সকাল ১০টা ১১ মিনিটের দিকে সন্দ্বীপ কুমিরা সংলগ্ন বঙ্গোপসাগর থেকে রনি নামে একজন শ্রমিক `জাতীয় জরুরি সেবা ৯৯৯, নম্বরে ফোন করেন। তিনি জানান, তারা চারজন একটি পাথরবোঝাই বাল্কহেডযোগে সিলেট থেকে কক্সবাজার যাচ্ছিলেন। পথে সন্দ্বীপ পার হয়ে কিছুদূর যাওয়ার পর বঙ্গোপসাগরের উত্তাল ঢেউয়ে বাল্কহেডের ভেতর পানি ঢুকতে থাকে এবং পানিতে ডুবে ইঞ্জিন বিকল হয়ে যায়। আনোয়ার সাত্তার বলেন, বিকল অর্ধডুবন্ত বাল্কহেড নিয়ে সাগরে তারা চারজন শ্রমিক ভাসছিলেন। ৯৯৯ থেকে বিষয়টি তাৎক্ষণিকভাবে দ্রুত উদ্ধারের জন্য কোষ্টগার্ড কন্ট্রোলরুমে জানানো হয়। তিনি আরও বলেন, সংবাদ পেয়ে সন্দ্বীপ কোস্টগার্ডের একটি উদ্ধারকারী দল সন্দ্বীপ থেকে প্রায় সাড়ে ৯ কিলোমিটার (৫ নটিক্যাল মাইল) দূরে গভীর সমুদ্র এলাকা থেকে ভাসমান অবস্থায় চার শ্রমিককে উদ্ধার করে। পরে নিরাপদ স্থানে এনে তাদের মালিকের কাছে বুঝিয়ে দেয়। পাথরবোঝাই বাল্কহেডটি সাগরে ডুবে যায় বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## জিয়াউর রহমানের জন্ম না হলে বাংলাদেশের জন্ম হতো না : জবি ভিসি

জিয়াউর রহমানের জন্ম না হলে বাংলাদেশের জন্ম হতো না বলে উল্লেখ করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) উপাচার্য অধ্যাপক ড. মো. রইছ উদ্দীন। তিনি বলেন, জিয়াউর রহমান ছিলেন বলেই আমরা একটি দেশ, একটি মানচিত্র, স্বাধীনতা ও একটি ভূখণ্ড পেয়েছি। দেশের স্বাধীনতা, গণতন্ত্র ও মানুষের অধিকার রক্ষায় বাংলাদেশি জাতীয়তাবাদ গুরুত্বপূর্ণ দর্শন। বুধবার (২২ জুলাই) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪৫তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত `শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও বাংলাদেশি জাতীয়তাবাদ, শীর্ষক সেমিনারে প্রধান আলোচকের বক্তব্যে তিনি এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## রোগ শনাক্তে ঘরে ঘরে গিয়ে স্বাস্থ্য পরীক্ষা করবেন স্বাস্থ্যকর্মীরা

দেশের সব নাগরিকের স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার রয়েছে বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। তিনি বলেন, কেউ স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হবে না। জনগণের স্বাস্থ্যের যত্ন নিশ্চিত করতে এবং মারাত্মক রোগগুলো প্রাথমিক পর্যায়ে শনাক্ত করতে সরকার সারা দেশে `হোম-টু-হোম হেলথ স্ক্রিনিং, (ঘরে ঘরে স্বাস্থ্য পরীক্ষা) কার্যক্রম শুরু করবে। বুধবার (২২ জুলাই) সন্ধ্যায় রাজধানীর গুলশানের লেক পার্কে হাইজিন ফর হেলথ বাংলাদেশের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, সরকার এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ দেবে। এর ৮০ শতাংশই হবে নারী। এই নারী কর্মীরা ঘরে ঘরে গিয়ে সাধারণ নারীদের স্তন ও জরায়ু ক্যানসার কীভাবে পরীক্ষা করতে হয়, তা শেখাবেন। যাতে প্রাথমিক অবস্থাতেই রোগ শনাক্ত করে দ্রুত চিকিৎসা দেওয়া যায়। স্বাস্থ্যকর্মীরা একটি বিশেষ বক্স নিয়ে বাড়ি বাড়ি যাবেন এবং রক্তচাপ, ওজন, ডায়াবেটিস, লিপিড প্রোফাইল পরীক্ষার পাশাপাশি ঘরে বসেই বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করার সুবিধা দেবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

## এআই ভিডিও ছড়ানোর হুমকির মামলায় সাংবাদিক শফিক কারাগারে

সাংবাদিক পরিচয়ে অর্থ দাবি, সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও প্রকাশ এবং এআই প্রযুক্তি ব্যবহার করে ভুয়া ভিডিও ছড়িয়ে দেওয়ার হুমকির অভিযোগে সাইবার সুরক্ষা আইনে দায়ের করা মামলায় সাংবাদিক হাফিজুর রহমান শফিককে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। শুনানি শেষে তার জামিন আবেদন নামঞ্জুর করে এ আদেশ দেওয়া হয়। বুধবার (২২ জুলাই) ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আওলাদ হোসাইন মুহাম্মদ জোনাইদের আদালত এ আদেশ দেন। গত ২১ জুলাই রাতে রাজধানীর মগবাজারে হলি ফ্যামিলি হাসপাতালের পাশের এলাকা থেকে হাফিজুর রহমান শফিককে গ্রেফতার করে পুলিশ। পরে তাকে আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা শাহবাগ থানার উপ-পরিদর্শক (এসআই) মো. জিয়াউল হক। আবেদনে তদন্ত কর্মকর্তা বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতার আসামি সহযোগীদের সহায়তায় ঘটনার সঙ্গে সম্পৃক্ত থাকার কথা স্বীকার করেছেন। এ অবস্থায় তাকে জামিন দেওয়া হলে পলাতক হওয়ার পাশাপাশি মামলার তদন্তে বিঘ্ন ঘটার আশঙ্কা রয়েছে। তাই তদন্ত শেষ না হওয়া এবং তার পরিচয়-ঠিকানাসহ প্রয়োজনীয় তথ্য যাচাই সম্পন্ন না হওয়া পর্যন্ত কারাগারে রাখা প্রয়োজন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৭.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## পাঁচ মাসে ৭ লাখের বেশি কৃষকের ৬০৪ কোটি টাকা কৃষিঋণ মওকুফ

পাঁচ মাসে ৭ লাখের বেশি কৃষকের ৬০৪ কোটি ৮১ লাখ টাকার কৃষিঋণ সুদসহ মওকুফ করেছে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি)। মঙ্গলবার (২১ জুলাই) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে রাষ্ট্রায়ত্ত বিশেষায়িত ব্যাংকটি। কৃষি ব্যাংকের তথ্য অনুযায়ী, সরকারের নির্দেশনা অনুসারে দেশের ৪৮টি জেলার মোট ৭ লাখ ৯ হাজার ৬৭৯ জন কৃষক এই সুবিধার আওতায় এসেছেন। তথ্য যাচাই-বাছাই ও হিসাব সমন্বয়ের মাধ্যমে প্রকৃত সুবিধাভোগীদের চিহ্নিত করে ঋণ মওকুফ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। চলতি বছরের ফেব্রুয়ারিতে দায়িত্ব গ্রহণের পর বিএনপি সরকারের প্রথম মন্ত্রিসভার বৈঠকেই কৃষকদের ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণ সুদসহ মওকুফের সিদ্ধান্ত নেওয়া হয়। সে সময় মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি জানিয়েছিলেন, শস্য, ফসল, মৎস্য ও পশুপালন খাতের কৃষকেরা এ সুবিধা পাবেন। সরকারের এই উদ্যোগে মোট ১ হাজার ৫৫০ কোটি টাকার কৃষিঋণ মওকুফের পরিকল্পনা রয়েছে, যার আওতায় প্রায় ১২ লাখ কৃষক উপকৃত হওয়ার কথা। কৃষি ব্যাংক জানিয়েছে, সরকার ঘোষিত মোট ঋণ মওকুফ কর্মসূচির প্রায় ৩৯ শতাংশ এককভাবে বাস্তবায়ন করেছে প্রতিষ্ঠানটি। একইসঙ্গে দেশের মোট কৃষিঋণের প্রায় ৬৩ শতাংশই বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে বিতরণ করা হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দীর্ঘদিন ধরে অনাদায়ী থাকা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ঋণ তাদের ওপর বড়ো ধরনের আর্থিক ও মানসিক চাপ সৃষ্টি করেছিল। প্রাকৃতিক দুর্যোগ, উৎপাদন ব্যয় বৃদ্ধি, বাজারের মন্দা এবং নানা অর্থনৈতিক সংকটের কারণে অনেক কৃষক সময়মতো ঋণ পরিশোধ করতে পারেননি। ফলে নতুন করে ব্যাংকঋণ নেওয়ার সুযোগ থেকেও তারা বঞ্চিত হচ্ছিলেন। ঋণ মওকুফের ফলে এসব কৃষক আবারও নিয়মিত ব্যাংকিং সেবার আওতায় এসে নতুন করে কৃষিঋণ গ্রহণের সুযোগ পাবেন বলে জানিয়েছে ব্যাংকটি। বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) সঞ্চিয়া বিনতে আলী বলেন, সরকারের নির্দেশনার আলোকে দ্রুততম সময়ের মধ্যে কৃষকদের তথ্য যথাযথভাবে যাচাই-বাছাই করে ঋণ মওকুফ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এর ফলে বিপুলসংখ্যক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক ঋণের দায় থেকে মুক্ত হয়েছেন এবং ভবিষ্যতে নতুন ঋণ নিয়ে কৃষি উৎপাদনে যুক্ত হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ এলিনা)

## ফিরেছেন হরমুজ প্রণালির কাছে আটকে থাকা ১৭ নাবিক

মধ্যপ্রাচ্যের আঞ্চলিক সংঘাতের কারণে হরমুজ প্রণালির কাছে টানা ১১৫ দিন আটকে থাকার পর অবশেষে দেশে ফিরেছেন বাংলাদেশ শিপিং করপোরেশনের (বিএসসি) জাহাজ `বাংলার জয়যাত্রা,-এর ১৭ নাবিক। দক্ষিণ আফ্রিকার ডারবান বন্দরে নতুন ক্রুদের কাছে জাহাজের দায়িত্ব বুঝিয়ে দেওয়ার পর তারা এমিরেটসের একটি ফ্লাইটে মঙ্গলবার (২১ জুলাই) বিকেল ৫টা ৪২ মিনিটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। বিমানবন্দরে অপেক্ষমাণ স্বজনদের জন্য এই পুনর্মিলন ছিল কয়েক মাসের উৎকণ্ঠার অবসান। হরমুজ প্রণালিকে ঘিরে চলমান সংঘাতের কারণে ক্ষেপণাস্ত্র হামলা ও সমুদ্রে ভাসমান মাইনের আশঙ্কায় দীর্ঘদিন আটকে ছিলেন তারা। 'বাংলার জয়যাত্রার, মাস্টার ক্যাপ্টেন মো. শফিকুল ইসলাম খান বলেন, প্রতিদিনই মৃত্যুভয় নিয়ে কাটাতে হয়েছে তাদের। তিনি বলেন, ”শত শত ক্ষেপণাস্ত্র আমাদের জাহাজের ওপর দিয়ে উড়ে গেছে। জেবেল আলি বন্দরে আমাদের কাছাকাছি একটি জাহাজে ক্ষেপণাস্ত্র আঘাত হানার পর আতঙ্ক আরও বেড়ে যায়। সেটি যদি আরও ২০০ মিটার কাছে পড়ত, তাহলে আমাদের জাহাজও ক্ষতিগ্রস্ত হতে পারত।„ চরম ঝুঁকির মধ্যেও তারা জাহাজ ছেড়ে যাননি বলে জানান ক্যাপ্টেন শফিকুল। তিনি বলেন, ”আমরা থেকে গেছি এবং দেশের একটি গুরুত্বপূর্ণ সম্পদ রক্ষা করেছি।„ নিরাপত্তা পরিস্থিতির অবনতির কারণে কর্তৃপক্ষ হরমুজ প্রণালি দিয়ে চলাচলের অনুমতি না দেওয়ায় উপসাগর ছেড়ে যাওয়ার একাধিক চেষ্টা ব্যর্থ হয়। অবশেষে যুদ্ধবিরতির পর, সমুদ্রে ভাসমান মাইনের ঝুঁকি থাকা সত্ত্বেও বাংলাদেশ শিপিং করপোরেশনের (বিএসসি) কর্তৃপক্ষ জাহাজটি সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেয়। ক্যাপ্টেন জিয়াউর রহমান বলেন, ”আর একদিন দেরি হলেও নিরাপদে বেরিয়ে আসার সুযোগটি হয়ত হারিয়ে যেত।„ তিনি বলেন, নিরাপত্তা উদ্বেগের কারণে এখনো উপসাগরীয় অঞ্চলে ১ হাজার ৫০০টিরও বেশি জাহাজ আটকে রয়েছে। গত ফেব্রুয়ারির শেষ দিকে কাতারের মেসাইয়িদ বন্দর থেকে ৩৯ হাজার টন স্টিল কয়েল সংযুক্ত আরব আমিরাতের জেবেল আলি বন্দরে পৌঁছে দেওয়ার পর মধ্যপ্রাচ্যে উত্তেজনা বাড়তে থাকলে ৩১ জন বাংলাদেশি নাবিকসহ বাংলার জয়যাত্রা পারস্য উপসাগরে আটকা পড়ে। সরকার ও বিএসসির কয়েক মাসের কূটনৈতিক প্রচেষ্টা এবং নিবিড় তদারকির পর গত ২৩ জুন জাহাজটি হরমুজ প্রণালি অতিক্রম করে। পরে ফুজাইরাহ বন্দরে জ্বালানি নেওয়া ও জাহাজের তলা পরিষ্কারের কাজ সম্পন্ন করা হয়। এরপর জাহাজটি প্রায় ৩৭ হাজার ৫০০ টন সার নিয়ে দক্ষিণ আফ্রিকার ডারবান বন্দরে যায়, যেখানে প্রথমবারের মতো ক্রু পরিবর্তন করা হয়। ইতোমধ্যে নতুন ১৭ জন নাবিক জাহাজে যোগ দিয়েছেন। আগামী কয়েক দিনের মধ্যে বাংলার জয়যাত্রা আবারও বাণিজ্যিক কার্যক্রম শুরু করবে। এর পরবর্তী গন্তব্য মালয়েশিয়া হতে পারে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ এলিনা)

## বস্ত্র খাতের সমস্যা সমাধানে প্রধানমন্ত্রীর নির্দেশ, কমিটি গঠন

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ। আজ সকালে বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতে দেশের বস্ত্রশিল্পের বর্তমান পরিস্থিতি, রপ্তানি সম্ভাবনা এবং এ খাতের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব হাসান শিপলু এ কথা জানান। বৈঠকে টেক্সটাইল অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ দেশের অর্থনীতিতে বস্ত্রশিল্পের অবদানের কথা তুলে ধরে এ খাতের টেকসই উন্নয়নে সরকারের সহযোগিতা চান। আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় নীতিগত সহায়তার বিষয়েও প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন তারা। প্রধানমন্ত্রী তারেক রহমান শিল্পায়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং রপ্তানি আয় বৃদ্ধিতে বস্ত্রশিল্পের অবদানের প্রশংসা করেন। তিনি এ খাতের উন্নয়নে সহযোগিতারও আশ্বাস দেন। বৈঠকে বস্ত্রশিল্পের বিদ্যমান সমস্যাগুলো পর্যালোচনা ও সমাধানে তিন সদস্যের একটি উচ্চপর্যায়ের কমিটি গঠিত হয়েছে বলেও জানান উপ প্রেস সচিব। এ সময়ে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের সভাপতি শওকত আজিজ রাসেল, সহ-সভাপতি শামীম ইসলাম, সাবেক সভাপতি এ. মতিন চৌধুরী, সাবেক পরিচালক সৈয়দ এনায়েত কবির, ইঞ্জিনিয়ার রাজীব হায়দার, পরিচালক চৌধুরী মোহাম্মদ হানিফ সোয়েব, বাদশা মিয়া ছাড়াও আমানত শাহ গ্রুপের চেয়ারম্যান হেলাল মিয়া, মুন্নু ফেব্রিক্সের ব্যবস্থাপনা পরিচালক সামিউল ইসলাম উপস্থিত ছিলেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ এলিনা)

## ব্যারিস্টার সুমনকে জামিন দিয়েছেন হাইকোর্ট

সুপ্রিম কোর্টের আইনজীবী ও সাবেক সংসদ সদস্য ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমনকে হবিগঞ্জের এক মামলায় জামিন দিয়েছেন হাইকোর্ট। এ মামলায় আগে জারি করা রুল নিষ্পত্তি করে বিচারপতি শেখ মো. জাকির হোসেন ও বিচারপতি মো. জাকির হোসেনের হাইকোর্ট বেঞ্চ তাকে জামিন দেন। আদালতে আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী লুৎফে জাহান। ২০২৪ সালের ২১ অক্টোবর দিবাগত রাত দেড়টায় রাজধানীর মিরপুর-৬ থেকে ব্যারিস্টার সুমনকে গ্রেফতার করা হয়। গ্রেফতার হওয়ার কিছু সময় আগে ২১ অক্টোবর দিনগত রাত সোয়া ১টার দিকে নিজের ফেসবুক ভেরিফায়েড আইডি থেকে একটি পোস্ট দেন ব্যারিস্টার সুমন। এতে তিনি লেখেন, ”আমি পুলিশের সঙ্গে যাচ্ছি। দেখা

হবে আদালতে। দোয়া করবেন সবাই।" সাবেক স্বতন্ত্র এই সংসদ সদস্যের বিরুদ্ধে রাজধানীর বিভিন্ন থানায় ও হবিগঞ্জে বেশ কয়েকটি মামলা হয়।(রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ এলিনা)

## জুলাই-সেপ্টেম্বরে রিটার্ন দিলে ৫ শতাংশ প্রণোদনা

ব্যক্তিশ্রেণির করদাতাদের জন্য ২০২৬-২৭ করবর্ষের অনলাইন আয়কর রিটার্ন (ই-রিটার্ন) দাখিলের সেবা চালু করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। একই সঙ্গে জুলাই থেকে সেপ্টেম্বরের মধ্যে রিটার্ন দাখিল করলে নীট প্রদেয় করের ওপর ৫ শতাংশ (সর্বোচ্চ ২৫ হাজার টাকা) প্রণোদনা দেওয়া হবে। বুধবার এনবিআরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, করসেবা সহজ, দ্রুত ও স্বচ্ছ করার লক্ষ্যে ২২ জুলাই থেকে ব্যক্তিশ্রেণির করদাতাদের জন্য ২০২৬-২৭ করবর্ষের ই-রিটার্ন দাখিলের সুবিধা চালু করা হয়েছে। এনবিআর জানায়, ২০২১ সালে অনলাইন রিটার্ন দাখিল ব্যবস্থা চালুর পর থেকে এটি করদাতাদের মধ্যে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। ২০২৫-২৬ করবর্ষে রেকর্ড প্রায় ৪৭ লাখ ব্যক্তিশ্রেণির করদাতা ই-রিটার্নের মাধ্যমে সফলভাবে আয়কর রিটার্ন দাখিল করেছেন। এর ফলে করদাতারা ঘরে বসেই সহজে তাদের বাৎসরিক আয়কর রিটার্ন প্রস্তুত ও জমা দিতে পারছেন। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এনবিআরের বিশেষ আদেশের মাধ্যমে সব স্বাভাবিক ব্যক্তিশ্রেণির করদাতার জন্য অনলাইনে আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। তবে ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়য়ি প্রবীণ করদাতা, সনদপত্র দাখিল সাপেক্ষে শারীরিকভাবে অসমর্থ বা বিশেষ চাহিদাসম্পন্ন করদাতা, বিদেশে অবস্থানরত বাংলাদেশি করদাতা, মৃত করদাতার প্রতিনিধিরা এবং বাংলাদেশে কর্মরত বিদেশি নাগরিকরা কাগজে (পেপার) রিটার্ন দাখিল করতে পারবেন। এছাড়া ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধনসংক্রান্ত সমস্যার কারণে কোনো ব্যক্তি অনলাইনে রিটার্ন দাখিল করতে না পারলে সংশ্লিষ্ট অতিরিক্ত বা যুগ্ম কর কমিশনারের অনুমোদনক্রমে পেপার রিটার্ন জমা দিতে পারবেন। এনবিআর জানায়,www.etaxnbr.gov.bd সিস্টেমের মাধ্যমে করদাতারা ব্যাংক ট্রান্সফার, ডেবিট ও ক্রেডিট কার্ড, বিকাশ, রকেট, নগদসহ অন্যান্য মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ব্যবহার করে ঘরে বসেই কর পরিশোধ করতে পারবেন। একই সঙ্গে সঠিক তথ্য দিয়ে রিটার্ন জমা দিলে তাৎক্ষণিকভাবে প্রাপ্তিস্বীকারপত্র ও আয়কর সনদ সংগ্রহ করা যাবে। ই-রিটার্ন দাখিলে কোনো সমস্যা হলে সরকারি ছুটি ছাড়া অফিস চলাকালীন সময়ে এনবিআরের কল সেন্টার (০৯৬৪৩৭১৭১৭১) এবং অন্যান্য ইলেকট্রনিক মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে বলে জানানো হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ এলিনা)

## ইউপি চেয়ারম্যানের শিক্ষাগত যোগ্যতা স্নাতক করতে হাইকোর্টের রুল

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে স্নাতক নিশ্চিতে রুল জারি করেছেন হাইকোর্ট। বুধবার (২২ জুলাই) সুপ্রিম কোর্টের দুই আইনজীবীর করা রিটের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের হাইকোর্ট বেঞ্চ এ রুল দেন। বুধবার (২২ জুলাই) রুল জারির তথ্য নিশ্চিত করেছেন আইনজীবী কাজী ফেরদাউসুল হাসান। এলজিআরডি সচিব, আইন মন্ত্রণালয় সচিব ও প্রধান নির্বাচন কমিশনারকে রুলের জবাব দিতে বলা হয়েছে। জারি করা রুলে হাইকোর্ট জানতে চেয়েছেন, শিক্ষাগত যোগ্যতা নির্ধারণে ব্যর্থ ইউনিয়ন পরিষদ আইনের ২৬ ধারা কেন সংবিধানের সঙ্গে কেন সাংঘর্ষিক ঘোষণা করা হবে না। রুলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা প্রার্থীদের জন্য ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ধারা ২৬ এর অধীনে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা (কমপক্ষে স্নাতক) নিশ্চিত করার জন্য কেন নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়েছেন আদালত। আদালতে রিট দায়ের করেন আইনজীবী কাজী ফেরদাউসুল হাসান ও মো. তানভীর আহমেদ খান।(রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৭.২০২৬ এলিনা)

## গাজী নজরুলের বিষয়ে আইন অনুযায়ী ব্যবস্থা নেবে কমিশন : ইসি সচিব

নৈতিক স্খলনের দায়ে সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে বহিষ্কার করেছে জামায়াতে ইসলামী। তবে এ বিষয়ে নির্বাচন কমিশনে এখনও কোনো নোটিশ আসেনি। নোটিশ এলে আইন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন ইসি সচিব আখতার আহমেদ। বুধবার বিকেলে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। এর আগে, বুধবার বিকেল ৪টায় রাজধানীর মিন্টো রোডে বিরোধীদলীয় নেতার সরকারি বাসভবনে জামায়াতের কেন্দ্রীয় নির্বাহী পরিষদের জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকে সম্প্রতি গাজী নজরুল ইসলামকে নিয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত বিষয়ে সাংগঠনিক তদন্তে তার নৈতিক স্খলন প্রমাণিত হওয়ায় তাকে গঠনতন্ত্রের ৬২ নম্বর ধারা অনুযায়ী জামায়াতে ইসলামী থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়। একইসঙ্গে তাকে সংগঠন থেকে বহিষ্কারের বিষয়টি নির্বাচন কমিশনকে অবিলম্বে অবহিত করার সিদ্ধান্ত হয় বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৭.২০২৬ আসাদ)

## আগামী বছরের প্রথম দিকে স্থানীয় সরকার নির্বাচন : মির্জা ফখরুল

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আগামী বছরের প্রথম দিকে স্থানীয় সরকার নির্বাচন হবে। এই নির্বাচন হবে নিরপেক্ষ নির্বাচন। জনপ্রতিনিধিদের জনগণের ভোটে নির্বাচিত হয়ে আসতে হবে। বুধবার বিকেলে রাজধানীতে আয়োজিত বাংলাদেশ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মেম্বার অ্যাসোসিয়েশনের আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, "জনগণের ভোটে নির্বাচিত জনপ্রতিনিধিদের ইচ্ছা করলেই বরখাস্ত করা উচিত না। ত্রাণ যেন সঠিকভাবে বণ্টন করা হয়, গরিবের হক যেন নষ্ট না হয়। চেয়ারম্যান-মেম্বারদের ভাতার ব্যাপার নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলে সম্মানজনক জায়গায় আনার চেষ্টা করব।„ এ সময় তিনি বলেন, "স্থানীয় সরকার শক্তিশালী হলে রাষ্ট্র শক্তিশালী হবে।„ এ বছর ৪১ লাখ পরিবারকে ফ্যামিলি কার্ড দেওয়া হবে উল্লেখ করে মন্ত্রী এই কাজে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার আহ্বান জানান। এ ছাড়া সরকারি ত্রাণ সঠিকভাবে বণ্টনের পরামর্শ দেন তিনি। সভায় বিশেষ অতিথির বক্তব্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী বলেন, বিগত সময় ত্রাণের বরাদ্দ হতো এপ্রিলে। এবার থেকে ত্রাণের বরাদ্দ দেওয়া হবে সেপ্টেম্বর মাসে, যাতে বাকি চার মাস বণ্টনের কাজ শেষ করা যায়। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৭.২০২৬ আসাদ)

## বিদ্যুৎ বিতরণ বেসরকারি খাতে দেওয়ার পরিকল্পনা সরকারের : ইকবাল হাসান মাহমুদ

দেশের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাকে আরও দক্ষ, স্বচ্ছ ও আর্থিকভাবে টেকসই করতে এ খাত ধাপে ধাপে বেসরকারি ব্যবস্থাপনায় দেওয়ার পরিকল্পনা করছে সরকার। এ লক্ষ্যে বেসরকারি উদ্যোক্তাদের কাছ থেকে বিদ্যুৎ বিতরণ কোম্পানি পরিচালনার প্রস্তাব আহ্বান করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। বুধবার ঢাকায় অনুষ্ঠিত `এনার্জি সিকিউরিটি অ্যান্ড ট্রান্সফরমেশন অব বাংলাদেশ, শীর্ষক সম্মেলনে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, সরকার বিদ্যুৎ উৎপাদন করে পাইকারি পর্যায়ে সরবরাহ করতে পারে, তবে গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ বিতরণের দায়িত্ব বেসরকারি খাতের হাতে থাকাই বেশি কার্যকর হবে। তিনি জানান, বিদ্যুৎ বিতরণ কোম্পানিগুলো বেসরকারি ব্যবস্থাপনায় দেওয়ার বিষয়ে প্রধানমন্ত্রীর সম্মতিও পাওয়া গেছে। ভারতের উদাহরণ তুলে ধরে ইকবাল হাসান মাহমুদ বলেন, কলকাতা, মুম্বাই ও দিল্লির মতো শহরে বিদ্যুৎ বিতরণ কার্যক্রম বেসরকারি প্রতিষ্ঠান পরিচালনা করছে। বাংলাদেশের উদ্যোক্তারাও এ দায়িত্ব সফলভাবে পালন করতে পারবেন বলে তিনি আশা প্রকাশ করেন এবং এ বিষয়ে বিনিয়োগ প্রস্তাব দিতে স্থানীয় উদ্যোক্তাদের আহ্বান জানান। তার ভাষ্য, বিদ্যুৎ বিতরণ বেসরকারি খাতে গেলে বিল আদায়ের হার বাড়বে, সেবার মান উন্নত হবে এবং সরকারের আর্থিক চাপ কমবে। তিনি বলেন, সরকারের মূল ভূমিকা হওয়া উচিত উৎপাদন ও নীতি-নির্ধারণে, খুচরা পর্যায়ের সেবা পরিচালনায় নয়। জ্বালানিমন্ত্রী জানান, পেট্রোলিয়াম পণ্য আমদানির ক্ষেত্রেও প্রতিযোগিতামূলক বাজার গড়ে তুলতে সরকার বেসরকারি খাতকে সম্পৃক্ত করার বিষয়টি বিবেচনা করছে। তার মতে, এ খাতে বেসরকারি অংশগ্রহণ বাড়লে বাজারে প্রতিযোগিতা সৃষ্টি হবে এবং সরকারের ওপর চাপ কমবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৭.২০২৬ আসাদ)

## দেশে জ্বালানি তেলের কোনো সংকট নেই : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সংকট তৈরির চেষ্টা থেকে জ্বালানি তেল নিয়ে গুজব ছড়ানো হচ্ছে বলে মনে করছে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। বুধবার জ্বালানি বিভাগের মুখপাত্র যুগ্ম সচিব মনির হোসেন চৌধুরী ব্রিফিংয়ে জানান, দেশে জ্বালানি তেলের কোনো সংকট নেই। বর্তমানে ডিজেলের মজুত আছে ৩১ দিনের, অকটেনের ৩৬ দিন ও পেট্রোলের ২৫ দিনের। কিন্তু কেউ কেউ এ বিষয়ে গুজব ছড়াচ্ছে। তিনি বলেন, প্রাকৃতিক গ্যাসের কিছুটা ঘাটতি আছে। তবে নতুন গ্যাস উত্তোলনসহ ঘাটতি মোকাবিলার চেষ্টা করছে সরকার। একটি গুরুত্বপূর্ণ এলএনজি টার্মিনালে সমস্যা দেখা দেওয়ায় গ্যাস নিয়ে সমস্যা দেখা দিচ্ছে। এটির সমাধান হলে পাম্পে সিএনজির লাইন কমে যাবে। যুগ্ম সচিব আরও বলেন, মধ্যপ্রাচ্যে নতুন করে যুদ্ধ শুরু হয়েছে। তবে এর প্রভাব এবার সেভাবে পড়বে না। পরিশোধিত কোনো তেল মধ্যপ্রাচ্যের যুদ্ধাক্রান্ত দেশ থেকে বাংলাদেশ আনে না। তাই এ ক্ষেত্রে সমস্যা নেই। আর ক্রুড অয়েল এসব দেশ থেকে আনা হলেও বিকল্প পথ দিয়ে আনার পরিকল্পনা আছে সরকারের। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৭.২০২৬ আসাদ)

## পরীক্ষার ফল প্রকাশে নতুন রেকর্ড গড়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়

মাত্র ৪২ কর্মদিবসে ডিগ্রি (পাশ) ও সার্টিফিকেট কোর্সের ২০২৪ সালের দ্বিতীয় বর্ষ পরীক্ষার ফল প্রকাশ করে নতুন রেকর্ড গড়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়। বুধবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগ জানায়, গত ২০ এপ্রিল ডিগ্রি (পাশ) ও সার্টিফিকেট কোর্সের দ্বিতীয় বর্ষের পরীক্ষা শুরু হয়ে ১৮ মে শেষ হয়। এরপর পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে টানা ১১ দিনের সরকারি ছুটি থাকলেও খাতা মূল্যায়ন, নম্বর সংযোজন, তথ্য যাচাইসহ সব প্রশাসনিক কার্যক্রম নির্ধারিত সময়ে শেষ করে গত ১১ জুলাই ফল প্রকাশ করা হয়। বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুযায়ী, এবার দেশের ১ হাজার ৯১৫টি কলেজের ১ লাখ ৯৭ হাজার ৬১৫ জন শিক্ষার্থী ৬৪৭টি কেন্দ্রে পরীক্ষায় অংশ নেন। প্রকাশিত ফলে গড় পাশের হার ৯৩ দশমিক ৫৩ শতাংশ। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ এস এম আমানুল্লাহ বলেন, জাতীয়

বিশ্ববিদ্যালয়কে আধুনিক, গতিশীল ও শিক্ষার্থীবান্ধব উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে রূপান্তরের যে অঙ্গীকার নেওয়া হয়েছে, দ্রুত সময়ে ফল প্রকাশ তারই প্রতিফলন। স্বচ্ছতা বজায় রেখে ৪২ কর্মদিবসে নির্ভুলভাবে ফল প্রকাশ প্রশাসনিক সক্ষমতা ও সমন্বিত প্রচেষ্টার ফল। ভবিষ্যতেও শিক্ষার্থীদের সময়োপযোগী ও প্রযুক্তিনির্ভর সেবা নিশ্চিত করার উদ্যোগ অব্যাহত থাকবে। পরীক্ষা নিয়ন্ত্রক মো. এনামুল করিম বলেন, পরীক্ষা-পরবর্তী প্রতিটি ধাপ পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। ঈদের দীর্ঘ ছুটি থাকা সত্ত্বেও খাতা মূল্যায়ন, নম্বর সংযোজন, তথ্য যাচাই ও ফল প্রস্তুতের কাজ সমন্বিতভাবে পরিচালিত হওয়ায় স্বল্প সময়ে ফল প্রকাশ সম্ভব হয়েছে। ভবিষ্যতে আরও কম সময়ে ফল প্রকাশের লক্ষ্যে কাজ চলছে বলেও জানান তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৭.২০২৬ আসাদ)

## আবাসন শিল্প জাতীয় অর্থনীতির অন্যতম চালিকাশক্তি : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দেশের আবাসন শিল্প জাতীয় অর্থনীতির অন্যতম চালিকাশক্তি। এ খাতের বিকাশ দেশের সামগ্রিক অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, সরকার এমন একটি স্বচ্ছ, জবাবদিহিমূলক ও বিনিয়োগবান্ধব পরিবেশ গড়ে তুলতে কাজ করছে, যেখানে আবাসন খাতের উন্নয়ন হবে পরিকল্পিত, টেকসই ও দুর্নীতিমুক্ত। প্রধানমন্ত্রী আরও বলেন, কেউ যেন আবাসন খাতে অনিয়ম করতে না পারে, সে লক্ষ্যে সরকার ইতোমধ্যে বিভিন্ন সংস্কারমূলক পদক্ষেপ গ্রহণ করেছে এবং আরো কার্যকর উদ্যোগ নেওয়া হচ্ছে। বুধবার বিকেলে বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ রিহ্যাব-এর একটি প্রতিনিধিদল। এ সময় বৈঠকে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি জানান, বৈঠকে দেশের আবাসন শিল্পের বর্তমান পরিস্থিতি, পরিকল্পিত নগরায়নের চ্যালেঞ্জ, ড্যাপ বাস্তবায়নের ফলে উদ্ভূত বিভিন্ন বাস্তব সমস্যা এবং এ খাতের দীর্ঘমেয়াদি উন্নয়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে রিহ্যাব প্রতিনিধিদল জমি, প্লট ও ফ্ল্যাট নিবন্ধন ফি যৌক্তিক পর্যায়ে কমানোর আবেদন জানায়। পাশাপাশি আবাসন খাতে বিভিন্ন সরকারি সেবা সম্পূর্ণ ডিজিটাল করার ওপর গুরুত্বারোপ করেন তারা। এছাড়া যৌক্তিকভাবে ভবনের ফ্লোর এরিয়া রেশিও এবং রাজধানীর সীমিত জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে উলম্ব নগরায়নের ওপর জোর দেওয়া হয় বলেও জানান সহকারী প্রেস-সচিব শাহরিয়ার পামির। এ সময় প্রধানমন্ত্রী বলেন, নগরায়ন শুধু ঢাকাকেন্দ্রিক হলে চলবে না, দেশের অন্যান্য অঞ্চলকেও সমান গুরুত্ব দিয়ে পরিকল্পিতভাবে গড়ে তুলতে হবে। একই সঙ্গে কৃষিজমি রক্ষা করে উন্নয়ন কার্যক্রম পরিচালনার ওপরও গুরুত্বারোপ করেন তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৭.২০২৬ আসাদ)

## কাপ্তাই বাঁধের পানি নিরাপদ সীমায়, রাতেই বন্ধ হচ্ছে ১৬ জলকপাট

রাঙামাটির কাপ্তাই হ্রদের পানির উচ্চতা নিরাপদ সীমায় পৌঁছায় চালুর ১০৮ ঘণ্টা পর বুধবার রাত ১১টা থেকে ১২টার মধ্যে কাপ্তাই বাঁধের স্পিলওয়ের ১৬টি জলকপাট বন্ধ করে দেওয়া হবে। দেশের একমাত্র কর্ণফুলী পানি বিদ্যুৎকেন্দ্রের ব্যবস্থাপক প্রকৌশলী মাহমুদ হাসান আজ রাত সাড়ে ৯টায় এ তথ্য জানিয়েছেন। এর আগে, টানা বৃষ্টি আর উজান থেকে নেমে আসা ঢলে কাপ্তাই হ্রদে পানির স্তর বৃদ্ধি পাওয়ায় উজানে বন্যা দেখা দেয়। এতে গেল শনিবার সকাল সাড়ে এগারোটায় কর্ণফুলী পানি বিদ্যুৎকেন্দ্রের বাঁধের ১৬টি জলকপাট ৬ ইঞ্চি করে খুলে দেওয়া হয়। এখন বৃষ্টিপাত কমে আসায় পানির উচ্চতা নিরাপদ সীমায় নেমে আসায় স্পিলওয়ের এসব জলকপাট বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন বাঁধ কর্তৃপক্ষ। কাপ্তাই পানি বিদ্যুৎকেন্দ্র কর্তৃপক্ষ জানিয়েছে, আজ সকাল ৯টায় হ্রদের পানির উচ্চতা পরিমাপ করা হয় ১০৩ দশমিক ৩১ ফুট এমএসএল । ১০৯ ফুট এমএসএল ধারণক্ষম কাপ্তাই বাঁধের বিপৎসীমা ধরা হয় ১০৮ দশমিক পাঁচ শুন্য ফুট এমএসএল। তবে পানি বিদ্যুৎকেন্দ্রের পাঁচটি ইউনিট চালু থাকায় প্রতি সেকেন্ডে ৩২ হাজার কিউসেক পানি হ্রদ থেকে অপসারণ হচ্ছে। আর এতে উৎপাদিত ২২২ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরাসরি যুক্ত হচ্ছে। কর্ণফুলী পানি বিদ্যুৎকেন্দ্রের ব্যবসহাপক প্রকৌশলী মাহমুদ হাসান বলেন, `কাপ্তাই হ্রদের পানির উচ্চতা সার্বক্ষণিক পর্যবেক্ষণে রাখা হয়েছে। ভবিষ্যতে ভারী বৃষ্টিপাতের কারণে পানির স্তর আবার বৃদ্ধি পেলে পরিস্থিতি বিবেচনায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।, (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৭.২০২৬ আসাদ)

## দেশের রিজার্ভ আরও বাড়ল

দেশের মোট বৈদেশিক মুদ্রার রিজার্ভ আরও বেড়ে ৩৬ হাজার ৪৬৫ দশমিক ৬৮ মিলিয়ন বা ৩৬ দশমিক ৪৬ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। বুধবার গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ অ্যান্ড ট্রেজারি ম্যানেজমেন্ট বিভাগের যুগ্ম পরিচালক মোহাম্মদ ইব্রাহিম মুনসি। মোহাম্মদ ইব্রাহিম মুনসি জানান, বুধবার পর্যন্ত দেশের বৈদেশিক মুদ্রার মোট রিজার্ভ ৩৬ হাজার ৪৬৫ দশমিক ৬৮ মিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের হিসাব পদ্ধতি বিপিএম-৬ অনুযায়ী, যার পরিমাণ ৩১ হাজার ৭৭০ দশমিক ০৮ মিলিয়ন বা ৩১ দশমিক ৭৭ বিলিয়ন ডলার। এদিকে, চলতি জুলাইয়ের প্রথম ২০ দিনে দেশে ১৮০ কোটি ২৬ লাখ ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন প্রবাসীরা। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৭.২০২৬ আসাদ)

## BBC

**UKRAINIAN DRONES HIT MORE SITES OF RUSSIAN ONLINE RETAILER WILDBERRIES**

Ukrainian drones have hit warehouses belonging to Russia's biggest online retailer again, injuring 15 people, according to the company's founder and regional governors. Logistics hubs run by Wildberries in two south-west cities were impacted by overnight attacks and workers evacuated, the founder said. It is the second time Ukraine has attacked the firm's facilities in four days, with warehouses in Tambov and Elektrostal hit over the weekend, killing eight people. Ukrainian President Volodymyr Zelensky said on Wednesday that Ukraine had hit logistics hubs in the Krasnodar and Stavropol regions "involved in providing the Russian army with drone components, navigation equipment and other gear". Workers were evacuated after the attacks on logistics centres in Krasnodar and Nevinnomyssk in the Stavropol region, Wildberries founder Tatyana Kim said.

(BBC News Web Page: 22/07/26, FARUK)

**ZELENSKY SACKS UKRAINE'S TOP ARMY COMMANDER AFTER DAYS OF PROTESTS**

Ukrainian President Volodymyr Zelensky has dismissed the country's army commander-in-chief, Oleksandr Syrskyi. It comes just days after the removal of popular Defence Minister Mykhailo Fedorov - a move that triggered street protests across the country. Initial rumours that the end of Fedorov's tenure was related to a conflict between him and Syrskyi were soon confirmed. Fedorov, 35, has been widely praised for energizing the ministry and transforming the armed forces, as well as leading a drive against corruption. Syrskyi, 60, is seen by many in Ukraine as a Soviet-school commander reluctant to implement radical changes in the army. Syrskyi defended his record in a farewell address, writing on Telegram: "An army that was fighting a difficult defensive campaign two years ago is now on the offensive." (BBC News Web Page: 22/07/26, FARUK)

**IRAN WAR HAS COST US $37.5BN SO FAR, HEGSETH SAYS, AS PENTAGON SEEKS BILLIONS MORE**

The war with Iran has cost the US some $37.5bn so far - an increase of nearly $8bn since the last estimate in May, Defence Secretary Pete Hegseth has said. Hegseth told the Senate Appropriations Committee it was urgent that lawmakers approve another $87bn in congressional funding for the Pentagon, with $67bn of that destined for operations in the Middle East. The hearing was disrupted several times by anti-war protesters and ended in a shouting match between the defence secretary and a senator. It was Hegseth's first appearance on Capitol Hill since hostilities between the US and Iran restarted last week and comes after three American soldiers were confirmed killed in the region. The White House asked Congress in April for $1.5tn for the Pentagon over the next fiscal year, which would raise American military spending to an all-time high in the modern era.

(BBC News Web Page: 22/07/26, FARUK)

**INDIA'S MODI GOVERNMENT UNDER GROWING PRESSURE AS 'COCKROACH' PROTESTS INTENSIFY**

Pressure has been growing on India's government with thousands of Cockroach Janta Party (CJP) supporters continuing to protest in the capital Delhi despite heavy rains overnight. The youth-led movement, seeking education reforms and the resignation of Education Minister Dharmendra Pradhan, got a boost on Tuesday when India's main opposition Congress party leaders protested outside the prime minister's house. They were protesting against the brutal police crackdown on Monday's CJP protest in which dozens of protesters and policeman were injured. Congress shared videos of their MP Rahul Gandhi and others being dragged into buses and taken to detention centres. They were later released. A day after the violence, they were visited by several senior opposition leaders such as former Delhi chief minister Arvind Kejriwal and veteran politician Sharad Pawar.

(BBC News Web Page: 22/07/26, FARUK)

**US RENEWS STRIKES ON IRAN AS TRUMP THREATENS TO ATTACK UNDERGROUND NUCLEAR SITE**

The US launched strikes on Iran for the 11th consecutive night late on Tuesday, as Tehran warned the US against targeting its nuclear facilities. US Central Command (Centcom) said the wave of strikes were "designed to continue degrading Iran's ability to threaten commercial shipping" in the Strait of Hormuz. Iranian state media reported that air defences

were activated in the capital Tehran. Explosions were also reported in the north-western city of Tabriz, the south-eastern ports of Chabahar and Konarak, and in the southern city of Bushehr, home to Iran's only nuclear power plant. Iran, which has retaliated against the US and its Middle East allies, warned of reprisals after Donald Trump said the US would soon hit an underground nuclear site near Natanz. Iran and the US agreed a ceasefire in April, but hostilities resumed last week as both countries battled over control of the vital Strait of Hormuz waterway. (BBC News Web Page: 22/07/26, FARUK)

**FRANCE PASSES LAW BANNING UNDER-15s FROM SOCIAL MEDIA**

France's parliament has approved a law to ban social media for under-15s from January 2027, making it the first European country to block young people from the platforms. The law will mean everyone in France must verify their age to access social media and comes as the UK and EU are developing their own limits in response to concerns for children's mental health. French President Emmanuel Macron has welcomed the move, which he had pledged to introduce to mark the end of his decade in office. While sceptics have questioned the law's viability, the government has insisted the online tools to put the age checks in place are effective and safe. Both the French Senate and National Assembly adopted the ban on Tuesday, despite criticism from some on the left. (BBC News Web Page: 22/07/26, FARUK)

**COCAINE WORTH $370M SEIZED IN LIBERIA'S BIGGEST-EVER DRUGS BUST**

A huge quantity of cocaine has been seized during a raid on a suspected illegal storage facility near Liberia's capital, Monrovia, in what authorities say is the biggest drugs bust in the country's history. Videos and photos released by police showed dozens of sealed suitcases and boxes inside a lorry that investigators believed contained high-grade cocaine. Police chief Gregory Coleman told the BBC that forensic tests had confirmed the substance was cocaine, with an estimated street value of more than $370m . Several people were arrested during the raid in Duazon, a town about 20km east of Monrovia, including two foreigners and several Liberians. (BBC News Web Page: 22/07/26, FARUK)

**JAPAN TEMPERATURES SOAR OVER 40C, MARKING FIRST 'CRUELLY HOT DAY'**

Japan has experienced its first "kokushobi", or "cruelly hot day", as temperatures in parts of the country climbed past 40C. The term was introduced in April by the country's weather agency to describe days when temperatures reach 40C, with the aim of more effectively warning the public about dangerous heat. On Tuesday, temperatures in three central Japanese cities - Tajimi, Gujo, and Toyoda - hit that threshold. The heat is expected to continue into next week, said Japan's Meteorological Agency (JMA). It comes as extreme weather events like heatwaves are becoming more intense around the world. Last year, Japan saw its highest-ever temperature of 41.8C in the city of Isesaki. Japan currently already has terms for days over 25C, 30C and 35C.
(BBC News Web Page: 22/07/26, FARUK)

**US TO ANNOUNCE DEAL ALLOWING SAUDI ARABIA A NUCLEAR PROGRAMME: REPORTS**

The US and Saudi Arabia are expected to announce a deal that will allow the Gulf kingdom to develop a civilian nuclear programme, according to US media reports. An announcement is expected from US President Donald Trump's administration on Wednesday, US officials were cited as saying. The agreement could be worth billions of dollars to the US, whose companies could be involved in building a facility to produce enriched uranium, which can be used as fuel for power plants but also to make nuclear bombs. Nuclear experts and former officials in Israel - the US's top ally in the Middle East - have voiced concern that the plan could ultimately lead to Saudi Arabia being able to develop a nuclear weapon. The US media reports say that, under the terms of the arrangement, after undertaking a joint study with the US, Saudi Arabia may be allowed to enrich uranium on its soil to produce fuel at a US-built enrichment facility instead of relying on imported fuel.
(BBC News Web Page: 22/07/26, FARUK)

## :: THE END ::